সর্বদেহে অসহ্যনীয় ব্যথা, ঔষুধ দেব কোথায়?	সর্বদেহে অসহ্য/অসহনীয় ব্যথা, ঔষুধ দেব কোথা?
সব মাছগুলোর দাম কত?	মাছগুলোর দাম কত?
সূর্য উদয় হয়েছে।	সূর্য উদিত হয়েছে/সূর্যের উদয় হয়েছে।
সব ধনাঢ্য ব্যক্তিবর্গের আতিথ্য সৎকার করা উচিত।	সব ধনাঢ্য ব্যক্তির অতিথি সৎকার করা উচিত।
সেখানে তুমি অপমান হবে	সেখানে তুমি অপমানিত হবে
সে ভিড়ে অন্যান্যদের মধ্যে হারিয়ে গেল।	সে ভিড়ে হারিয়ে গেল।
সে গাছ হইতে অবতরণ করিল।	সে গাছ হতে নেমে এল/ নামল।

CamScanner

179

অশুদ্ধ	শুদ্ধ
সে সঙ্কটে অবস্থায় পড়েছে	সে সঙ্কটে পড়েছে।
সে খুবই বিদ্যান ব্যক্তি।	সে খুবই বিদ্বান ব্যক্তি।
সে বড় দুরাবস্থায় পড়েছে।	সে বড় দুরবস্থায় পড়েছে।
সে আকণ্ঠ পর্যন্ত পান করেছে।	সে আকণ্ঠ পান করেছে।
সে অপমান হইয়াছে।	সে অপমানিত হইয়াছে।
সে কৌতুক করার কৌতূহল সম্বরণ করতে পারল না।	সে কৌতুক করার কৌতূহল সংবরণ করতে পারল না।
সে ক্রোধে আত্মহারা হইয়া উঠিয়াছে	সে ক্রোধান্ধ হইয়াছে
সে দলের মধ্যে সবচেয়ে শ্রেষ্ঠতম খেলোয়াড়।	সে দলের মধ্যে শ্রেষ্ঠতম খেলোয়াড়।
সে তাহার শিক্ষকের একান্ত বাধ্যগত ছাত্র।	সে তাহার শিক্ষকের একান্ত বাধ্য/অনুগত ছাত্র।
সে সভায় উপস্থিত ছিলেন।	তিনি সভায় উপস্থিত ছিলেন।
সে সমস্ত কথা বিস্তারিত বলল	সে সমস্ত কথা বলল
সে শৈশবেই মাতা বাপ হারিয়েছে	সে শৈশবেই মা-বাপ হারিয়েছে
স্বাক্ষরতা কর্মসূচী সফল হয়েছে।	সাক্ষরতা কর্মসূচি সফল হয়েছে।
স্বাস্থ সকল সুখের মুল।	স্বাস্থ্য সকল সুখের মূল।
স্ব স্ব ভূমির পুষ্করিনী পরিষ্কার করার নিমিত্ত কর্তৃপক্ষ পুরস্কার ঘোষণা করিয়াছে।	স্ব স্ব পুষ্করিণী পরিষ্কার করার নিমিত্ত কর্তৃপক্ষ পুরস্কার ঘোষণা করেছে।
সাবধান পূর্বক চলবে	সাবধানে চলবে
সবিনয়পূর্বক নিবেদন করি	সবিনয়/বিনয়পূর্বক নিবেদন করি
হাটে কলস ভাঙা	হাটে হাঁড়ি ভাঙা
হিমালয় পর্বত দুর্লংঘ্যনীয়।	হিমালয় পর্বত দুরতিক্রম্য।
হিমালয় পৃথিবীর সর্বাপেক্ষা বৃহত্তর পর্বত	হিমালয় পৃথিবীর সর্বোচ্চ পর্বত
হীন চরিত্রবান লোক পাশ্বাধম	হীনচরিত্র/চরিত্রহীন লোক পশ্বধম
হে ত্রি নয়নী আমাকে রক্ষা কর	হে ত্রিনয়না, আমাকে রক্ষা কর
হস্তীটি অপরিসীম স্থুল	হস্তীটি অত্যন্ত স্থুল
১ নং সাক্ষী মিথ্যা সাক্ষী দিয়েছে	১ নং সাক্ষী মিথ্যা সাক্ষ্য দিয়েছে

কতিপয় বাক্যাংশের শুদ্ধরূপ

অশুদ্ধ	শুদ্ধ
অপমান	অপমানিত
আবশ্যক	আবশ্যকতা
সন্তোষ	সন্তুষ্ট
আরোগ্য	নীরোগ, আরোগ্য লাভ
অন্তর্ধান	অন্তর্হিত
অতিশয়	সাতিশয়
অন্তর্ধান	অন্তর্হিত
জ্বর হ্রাস	জ্বরের হ্রাস
প্রমাণ	প্রমাণিত
মৌনী	মৌন
সঙ্কট	সঙ্কটজনক

অশুদ্ধ	শুদ্ধ
সংশয়পূর্ণ	সংশয়ময়
পরিষ্কার	পরিষ্কৃত
সাক্ষী	সাক্ষ্য
তদ্দৃষ্টে	তদ্দর্শনে
সদাসর্বদা	সর্বদা
বাহুল্যতা	বাহুল্য
সন্তোষ	সন্তুষ্ট
অনাথিনী	অনাথা
স্বপরিবার	সপরিবার
সাবধানপূর্বক	সাবধানে
গোপন	গোপনীয়

অশুদ্ধ	শুদ্ধ
নৌকার স্রোতে	নৌকা স্রোতে
সমূলসহ	মূলসহ
দৈন্যতা	দীনতা, দৈন্য
সলজ্জিত	সলজ্জ
উৎকর্ষতা	উৎকর্ষ
সম্ভব	সম্ভবপর
বিশেষ প্রয়োজন	সবিশেষে
উদয়	উদিত
দুর্বলবশত	দুর্বলতাবশত
ভৌগলিক	ভৌগোলিক
দুর্নিবায	অনিবার্য

CamScanner

180

বিগত সালের (২০১১-২০২৪) লিখিত পরীক্ষার প্রশ্ন ও উত্তর

অশুদ্ধ	শুদ্ধ
আমি এ ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি	আমি এ ঘটনা প্রত্যক্ষ করেছি
দৈন্যতা সব সময় ভাল নয়	দৈন্য/ দীনতা সব সময় ভাল নয়
ভাত ছড়ালে শালিকের অভাব হয় না	ভাত ছড়ালে কাকের অভাব হয় না
সব সময় বাহুল্যতা বর্জন করিবে	সব বিষয়ে বাহুল্য বর্জন করিবে
মুমূর্ষু রোগীকে সেবা করা উচিত	মুমূর্ষুকে সেবা করা উচিত
তাহার জীবন সংশয়পূর্ণ	তার জীবন সংশয়পূর্ণ
দৈন্যতা প্রশংসনীয় নয়	দৈন্য/ দীনতা প্রশংসনীয় নয়
সকল ছাত্ররা বিদ্যালয়ে যায়	ছাত্ররা বিদ্যালয়ে যায়
আমি ও তুমি কাজটি করেছিলাম	তুমি ও আমি কাজটি করেছিলাম
বাবা বলেন মানুষ হও	বাবা বলেন, "মানুষ হও"
তারা মাঠে ফুটবল খেলিতেছে	তারা মাঠে ফুটবল খেলছে
চট্টগ্রাম ফাইভ স্টার হোটেল আছে	চট্টগ্রাম পাঁচ তারা হোটেল আছে
ইহা সুদূর অতীত কালের কথা	ইহা অতীত কালের কথা
সে বিদ্যালয়ে যাই	সে বিদ্যালয়ে যায়
যে কাজ করে ভূল তারই হয়	যে কাজ করে ভুল তারই হয়
আমার সাদ না মিটিল	আমার স্বাদ না মিটিল
মেয়েটি বেশ বুদ্ধিমান ও সুন্দরী	মেয়েটি বেশ বুদ্ধিমতী ও সুন্দরী
এসব লোকগুলোকে আমি চিনি	এসব লোক আমি চিনি
আমি অপমান হয়েছি	আমি অপমানিত হয়েছি
ক্ষমা একটি মহান গুণ	ক্ষমা একটি মহৎ গুণ
আবশ্যকীয় ব্যয়ে কার্পন্য উচিত নয়	আবশ্যক ব্যয়ে কার্পণ্য উচিত নয়
নবান্নের এ উৎসবে আমাদের অনেক করণীয় আছে	নবান্ন উৎসবে আমাদের অনেক করণীয় আছে
সকল পাখিগুলো একসঙ্গে উড়ে গেল	পাখিগুলো একসঙ্গে উড়ে গেল
মুমূর্ষু রোগীর সেবা মহৎ কর্ম	মুমূর্ষু রোগীর সেবা মহৎ কাজ
পরিস্কার পোষাক পরিধান করে সে পুরস্কার নিতে এলো	পরিষ্কার পোষাক পরিধান করে সে পুরস্কার নিতে এলো
এ খামটি কেবলমাত্র অফিসের কাজে ব্যবহার্য	খামটি কেবল অফিসের কাজে ব্যবহার্য
সব মাছগুলোর দাম কত?	মাছগুলোর দাম কত?
বাংলাদেশ একটি উন্নতশীল দেশ	বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ
অনাবশ্যকীয় ব্যাপারে কৌতুহল ভাল নয়	অনাবশ্যক ব্যাপারে কৌতূহল ভাল নয়
ছেলেটি ভয়ানক মেধাবি	ছেলেটি অত্যন্ত মেধাবী
গনিত খুব কঠিন	গণিত খুব কঠিন বিষয়
অদ্য সভায় মহতি অধিবেশন হবে	অদ্য মহতী সভায় অধিবেশন হবে
আপনি স্বপরিবারে আমন্ত্রিত	আপনি সপরিবারে আমন্ত্রিত
সকল বন্যার্তদের ত্রাণ সামগ্রী দেয়া হয়েছে	বন্যার্তদের ত্রাণ সামগ্রী দেয়া হয়েছে
চন্দ্র ও সূর্য গ্রহণ দুটি বিস্ময়কর ঘটনা	চন্দ্র গ্রহণ ও সূর্য গ্রহণ দুটি বিস্ময়কর ঘটনা
ঐক্যতান শুনতে ভাল লাগে	ঐকতান শুনতে ভাল লাগে

CamScanner

181

অশুদ্ধ	শুদ্ধ
সুশিক্ষিত ব্যক্তি মাত্রই সশিক্ষিত	সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত
তুমি কী ঢাকা যাবে?	তুমি কি ঢাকা যাবে?
জ্ঞানি মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ	জ্ঞানী মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
দুর্বলবশতঃ অনাথিনী বসে পড়ল	দুর্বলতাবশত অনাথা বসে পড়ল
তিনি আরোগ্য হয়েছেন	তিনি আরোগ্য লাভ করেছেন
একটা গোপন কথা বলি	একটা গোপনীয় কথা বলি
এ কথা প্রমাণ হয়েছে	এ কথা প্রমাণিত হয়েছে
আমি সাক্ষী দিয়েছি	আমি সাক্ষ্য দিয়েছি
শাড়ি পরা সবুজ মেয়েটিকে আমি চিনি	সবুজ শাড়ি পরা মেয়েটিকে আমি চিনি
অন্যায়ের প্রতিফল দুর্নিবার্য	অন্যায়ের প্রতিফলন/প্রতিফল অনিবার্য
আমি কাল জাতীয় স্মৃতিসৌধ দেখিতে যাব	আমি আগামীকাল জাতীয় স্মৃতিসৌধ দেখিতে যাব
বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর।	বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।
তার সৌজন্যতা ভূলতে পারবো না	তার সৌজন্য ভুলতে পারবো না
বাংলা ব্যাকরন অত্যান্ত জটিল	বাংলা ব্যাকরণ অত্যন্ত কঠিন
'দৈর্ঘ্য' হলো বিশেষ্য পদ	'দৈর্ঘ্য' হল বিশেষণ পদ
ফাল্গুনে গাছে গাছে আগুন লাগে	ফাল্গুনে গাছে গাছে ফুল ফোটে
ধ্বনির প্রতীকই বর্ন	ধ্বনির প্রতীকই বর্ণ
আকণ্ঠ পর্যন্ত ভোজন ভালো নয়	আকণ্ঠ ভোজন ভালো নয়
অনাবশ্যকীয় ব্যাপারে কৌতুহল ভাল নয়।	অনাবশ্যক ব্যাপারে কৌতূহল ভাল নয়।
কবির শোক সভায় বিশিষ্ট বুদ্ধিজীবিরা শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেছে।	কবির শোক সভায় বিশিষ্ট বুদ্ধিজীবীরা শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেছে।
তারা যাইতে যাইতে এ দৃশ্য দেখিয়া মুগ্ধ ও বিস্মিত হল।	তারা যেতে যেতে এ দৃশ্য দেখে মুগ্ধ ও বিস্মিত হল।
সাধারণ জন গড্ডালিকা প্রবাহে ভেসে চলে।	সাধারণ জন গড্ডলিকা প্রবাহে ভেসে
সব ধনাঢ্য ব্যক্তিবর্গের আতিথ্য সৎকার করা উচিত।	সব ধনাঢ্য ব্যক্তির অতিথি সৎকার করা উচিত।
সূর্য উদয় হয়েছে।	সূর্য উদিত হয়েছে।
তার দূরাবস্থা দেখে দুঃখ হয়।	তার দূরাবস্থা দেখলে দুঃখ হয়।
দৈনতা প্রশংসনীয় নয়।	দৈন্য প্রশংসনীয় নয়।
সে সংকটে পড়েছে।	সে সঙ্কটে পড়েছে।
নিরাপরাধী ব্যাক্তিকে ক্ষমা কর।	নিরাপরাধ ব্যাক্তিকে ক্ষমা কর।
তার অন্তর অজ্ঞান সমুদ্র আচ্ছন্ন	তার অন্তর তিমিরাচ্ছন্ন
আহারে সাংঘাতিক আনন্দ হইল	তার অপরিসীম আনন্দ হলো
বঙ্কিমচন্দ্রের ভয়ানক প্রতিভা ছিল	বঙ্কিমচন্দ্রের অসাধারণ প্রতিভা ছিল
২০২২	
সহৃদয়বান ও নিষ্পাপী ব্যকি	হৃদয়বান ও নিষ্পাপ ব্যক্তি
আমার আর বাঁচিবার স্বাধ নাই	আমার আর বাঁচিবার সাধ নাই
তার দুচোখ অশ্রুজলে ভেসে গেল	তার দুচোখ অশ্রুতে ভেসে গেল
অনেক হয়েছে, গৃহস্থের খেয়ে বনের মোষ তাড়াতে পারব না	অনেক হয়েছে, ঘরের খেয়ে বনের মোষ তাড়াতে পারব না
অত্যাবশ্যকীয় ব্যয়ে কার্পণ্যতা অনুচিত	অত্যাবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত
পরবর্তীতে তুমি আবার এসো	তুমি আবার এসো
দৈনতা সব সময় ভাল নয়	দীনতা/দৈন্য সময় ভালো নয়
পরীক্ষাকালীন সময়ে মোবাইল ব্যবহার নিষিদ্ধ	পরীক্ষালীন/ পরীক্ষার সময়ে মোবাইল ব্যবহার নিষিদ্ধ

CamScanner

182

অশুদ্ধ	শুদ্ধ
ইদানিং কালে তার অবকাশ নাই	ইদানিং তার অবকাশ নাই
তাহার সৌজন্যতায় মুগ্ধ হয়েছি	তার সৌজন্যে মুগ্ধ হয়েছি
বিধি লঙ্ঘন হয়েছে	বিধি লঙ্ঘিত হয়েছে
অধীনস্থ কর্মচারীরা এ কাজ করেছে	অধীন কর্মচারীরা এ কাজ করেছে
দুষ্কৃতকারীরা সমাজের শত্রু	দুষ্কৃতকারী সমাজের শত্রু
ধৈর্যতা, সহিষ্ণুতা মহত্বের লক্ষণ	ধৈর্য, সহিষ্ণুতা মহত্ত্বের লক্ষণ
এ দায়িত্ত আমাকে দিও না	এ দায়িত্ব আমাকে দিও না
আকণ্ঠ পর্যন্ত ভোজনে স্বাস্থ্যহানি ঘটে	আকণ্ঠ ভোজনে স্বাস্থ্যহানি ঘটে
ইতিমধ্যে যা ঘটেছে তাতেই তার মনবিকার দেখা দিয়েছে	ইতোমধ্যে যা ঘটেছে তাতেই তার মনোবিকার দেখা দিয়েছে
বিদ্যান ব্যক্তিগণ দারিদ্র্যের শিকার হন	বিদ্বান ব্যক্তিগণ দারিদ্র্যের শিকার হন
উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়	উপরিউক্ত বাক্যটি শুদ্ধ নয়
তার অবস্থা এখন সংকটময়	তার অবস্থা এখন সংকটাপন্ন
ঐক্যমত ছাড়া সিদ্ধান্ত গ্রহণ অনুচিত	ঐকমত্য ছাড়া সিদ্ধান্ত গ্রহণ অনুচিত
গতকাল সভায় সকল সদস্যগণ উপস্থিত ছিলেন	গতকাল সভায় সদস্যগণ উপস্থিত ছিলেন
একটা গোপন কথা বলি	একটা গোপনীয় কথা বলি
সে তার শিক্ষকের একান্ত বাধ্যগত ছাত্র	সে তার শিক্ষকের একান্ত বাধ্য ছাত্র
সমস্ত ছাত্রগণই পড়াশোনায় অমনোযোগী নহে	সমস্ত ছাত্রই পড়াশোনায় অমনোযোগী নহে
আমার কথায় প্রমাণ হলো	আমার কথায় প্রমাণিত হলো
তার এখন সংকট অবস্থা	তার এখন সংকটাপন্ন অবস্থা
তার সৌজন্যতা ভুলতে পারব না	তার সৌজন্য ভুলতে পারব না
এই সব মানুষগুলির কোন ঠিকানা নেই	এই মানুষগুলোর কোন ঠিকানা নেই
গণিত খুব কঠিন	গণিত খুব জটিল
নিরপরাধী ব্যক্তিকে ক্ষমা কর	নিরপরাধ ব্যক্তিকে ক্ষমা কর
তিনি উদ্ধতপুর্ন আচরণ করলেন	তিনি ঔদ্ধত্যপূর্ণ আচরণ করলেন
অন্যায়ের প্রতিফল দুর্নিবার্য	অন্যায়ের প্রতিফল অনিবার্য।
কপাল ভিজিয়া গেল নয়নের জলে	কপোল ভাসিয়া গেল নয়নের জলে
তিনি আরোগ্য হইয়াছেন	তিনি আরোগ্য লাভ করেছেন
হীন চরিত্র লোক পশ্বাধম	হীনচরিত্র লোক পশ্বধম
অনাবশ্যকীয় ব্যাপারে কৌতুহল ভাল নয়	অনাবশ্যক ব্যাপারে কৌতূহল ভাল নয়
বানান ভূল দোষনীয়	বানান ভুল দূষণীয়
হিমালয় পৃথিবীর সর্বাপেক্ষা বৃহত্তর পর্বত	হিমালয় পৃথিবীর সর্বাপেক্ষা উচ্চ পর্বত/ সর্বোচ্চ পর্বত
২০২৩	
প্রত্যেক শিক্ষকগন অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।	প্রত্যেক শিক্ষক অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।
আমার কথাই প্রমাণ হলো।	আমার কথায় প্রমাণিত হলো।
সূর্য উদয় হয়েছে।	সূর্য উদিত হয়েছে।
বিরাট গরু-ছাগলের হাট বসেছে।	গরু-ছাগলের বিরাট হাট বসেছে।
আমার টাকার আবশ্যক নাই।	আমার টাকার আবশ্যকতা নাই।
তোমার সঙ্গে কিছু গোপন পরামর্শ আছে।	তোমার সঙ্গে কিছু গোপনীয় পরামর্শ আছে।
কারো মাঘ মাস, কারো সর্বনাশ।	কারো পৌষ মাস, কারো সর্বনাশ।

CamScanner

183

অশুদ্ধ	শুদ্ধ
তার কথা প্রমাণ হয়েছে।	তার কথা প্রমাণিত হয়েছে।
সকল ছাত্রগণ পাঠে অমনোযোগী।	সকল ছাত্র পাঠে অমনোযোগী।
লোকটা নির্দোষী।	লোকটা নির্দোষ
বিধি লঙ্ঘন হয়েছে।	বিধি লঙ্ঘিত হয়েছে।
তার সৌজন্যতা ভুলতে পারব না।	তার সৌজন্য ভুলতে পারব না।
তিনি স্বস্ত্রীক রাজশাহী থাকেন।	তিনি সস্ত্রীক রাজশাহী থাকেন।
পৃথিবী সর্বদা সূর্যের চারদিকে ঘূর্ণীয়মান।	পৃথিবীর সর্বদা সূর্যের চারদিকে ঘূর্ণায়মান/ঘূর্ণ্যমান।
সোক সভায় বিশিষ্ট বুদ্ধিজিবি, বিজ্ঞানি, দার্শনিক প্রমুখগন শ্রদ্ধাঞ্জলী প্রদান করেন।	শোকসভায় বিশিষ্ট বুদ্ধিজীবী, বিজ্ঞানী, দার্শনিক প্রমুখ শ্রদ্ধাঞ্জলি প্রদান করেন।
পরপোকার মনুষত্বের পরিচায়ক ।	পরোপকার মনুষ্যত্বের পরিচায়ক।
বিদ্বাণ মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর।	বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।
নীরিহ শুধুমাত্র আশির্বাদ অতিথী চেয়েছিলেন।	নিরীহ অতিথি শুধু আশীর্বাদ চেয়েছিলেন।
বাজিকরের অদ্ভুদ ক্রিয়া দেখে ছাত্রগণেরা প্রফুল্লিত হইল।	বাজিকরের অদ্ভুদ ক্রীড়া দেখে ছাত্ররা প্রফুল্ল হল।
বিদ্ধান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর।	বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।
পড়াশোনায় তোমার মনযোগীতা দেখি না।	পড়াশোনায় তোমার মনোযোগ দেখি না।
ছেলেটি ভয়ানক মেধাবী।	ছেলেটি অত্যন্ত মেধাবী।
তার দুরাবস্থা দেখলে দুঃখী হয়।	তার দুরবস্থা দেখলে দুঃখ হয়।
পরিশ্রমে তার শারিরিক অবস্থা শোচনিয়।	পরিশ্রমে তার শারীরিক অবস্থা শোচনীয়।
পূর্বদিকে সূর্য উদয় হয়।	পূর্বদিকে সূর্য উদিত হয়।
ইহার আবশ্যক নাই।	ইহার আবশ্যকতা নাই
তার সাংঘাতিক আনন্দ হলো।	সে অত্যন্ত আনন্দিত হলো।
দৈন্যতা প্রশংসনীয় নয়।	দৈন্য/দীনতা প্রশংসনীয় নয়।
আপনি স্বপরিবার ও সবান্ধবে আমন্ত্রিত।	আপনি সপরিবার ও সবান্ধবে আমন্ত্রিত।
অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।	অন্নাভাবে প্রতি ঘরে হাহাকার।
আমরা উন্নতির পথে কুঠারাগাত করিতেছি।	আমরা উন্নতির মূলে কুঠারাঘাত করিতেছি।
সকল মানুষেরাই মরনশীল।	মানুষ মরণশীল।
দেবী অন্তর্ধান হইবেন।	দেবী অন্তর্হিত হইবেন।
সে স্বাক্ষী দিয়েছে।	সে সাক্ষ্য দিয়েছে।
ঐ লোকটি খুব সৎ।	লোকটি খুব সৎ।
শহরে ও গ্রামে এখন ইলেকশনের আমেজ।	শহরে ও গ্রামে এখন নির্বাচনের আমেজ।
উল্লিখিত বিষয় হলো তিনি এখন সমাজসেবী।	উল্লিখিত বিষয় হলো তিনি এখন সমাজসেবক।
ঘরটি ছিমছিমে অন্ধকার।	ঘরটি ঘুটঘুটে অন্ধকার।
সূর্য উদয় হয়নি।	সূর্য উদিত হয়নি।
সব আমগুলোর দাম কত?	আমগুলোর দাম কত?
তারকাবৃন্দ আকাশে মিটিমিটি করে জ্বলছে।	তারকারাজি আকাশে মিটিমিটি করে জ্বলছে।
তোমার সঙ্গে আমার একটি গোপন পরামর্শ আছে।	তোমার সঙ্গে আমার একটি গোপনীয় পরামর্শ আছে।
সে এমন রূপসী যেন অপ্সরী।	সে এমন রূপবতী যেন অপ্সরা।
মেয়েটি সুকেশৈলী ও সুহাসি।	মেয়েটি সুকেশী ও সহাসিনী।
শুধুমাত্র গায়ের জোরে কাজ হয় না।	শুধু গায়ের জোরে কাজ হয় না।
মুমুর্ষ লোকটিকে সাহায্য করা উচিত।	মুমূর্ষু লোকটিকে সাহায্য করা উচিত।

CamScanner

184

অশুদ্ধ	শুদ্ধ
বাংলাদেশের স্বপক্ষে কী ভালো, কী মন্দ তা বাংলাদেশই ঠিক করবে।	বাংলাদেশের সপক্ষে কী ভালো, কী মন্দ তা বাংলাদেশই ঠিক করবে।
তার অধীনস্ত কর্মচারীরা কাজটি করেছে।	তার অধীন কর্মচারীরা কাজটি করেছে।
বিপিএটিসি-র সকল কর্মচারীগণ পরিশ্রমী।	বিপিএটিসি-র সকল কর্মচারী পরিশ্রমী।
সে শির:পিড়ায় কষ্ট পাচ্ছে।	সে শিরঃপীড়ায় কষ্ট পাচ্ছে।
গাছটি স্বমূলে উৎপাটিত হলো।	গাছটি সমূল/মূলসহ উৎপাটিত হলো।
'রাস্ট্র' বানানকে অনেকেই 'রাষ্ট্র' লেখেন।	'রাষ্ট্র' বানানকে অনেকেই 'রাস্ট্র' লেখেন।
তারা সকলেই এলো।	তারা এলো।
আমার আয়ুস্কালে সে ফিরবে না।	আমার আয়ুষ্কালে সে ফিরবে না।
অকূল পাথারে আল্লাহই একমাত্র ভরসা।	অকূল পাথারে আল্লাহই একমাত্র ভরসা।
হে আদী জননি শিন্ধু।	হে আদিজননী সিন্ধু
ধন ধান্যে পুস্পে ভরা আমাদের এই বসুন্ধরা।	ধন ধান্য পুষ্পে ভরা আমাদের এই বসুন্ধরা।
তোমার এবার পরিক্ষায় অংশ নেওয়া সমিচীন হয়নি।	তোমার এবার পরীক্ষায় অংশ নেওয়া সমীচীন হয়নি।
সে অতৃন্ত চালাক।	সে অত্যন্ত চালাক।
সে কৌতুক করার কৌতূহল সংবরন করতে পারলনা।	সে কৌতুক করার কৌতূহল সংবরণ করতে পারল না।
সকল আলেমগণ সেখানে উপস্থিত ছিলেন।	সকল আলেম সেখানে উপস্থিত ছিলেন।
আধুনিক চেতনাই এই কবির বৈশিষ্টতা।	আধুনিক চেতনাই এই কবির বৈশিষ্ট্য।
তিনি ফ্রান্স ও জার্মানি ভাষায় অভিজ্ঞ।	তিনি ফরাসি ও জার্মান ভাষায় অভিজ্ঞ।
মহারাজ সভাগৃহে প্রবেশ করলেন।	মহারাজ সভাকক্ষে প্রবেশ করলেন।
প্রকৃতিই রাঙামাটি এর বৈচিত্র এনে দিয়েছে।	প্রকৃতিই রাঙামাটি এর বৈচিত্র্য এনে দিয়েছে।
রচনাটি ভাবগভীর, তবে ভাষার দৈন্যতা রহিয়াছে।	রচনাটি ভাব গভীর, তবে ভাষার দীনতা/দৈন্য রহিয়াছে।
কস্ট অর্থ ক্লেস	কষ্ট অর্থ ক্লেশ
ঈক্ষুর চারা বপন করা হইল।	ঈক্ষুর চারা রোপন করা হইল।
চন্দ্র উদয় হলো	চন্দ্র উদিত হলো
২০২৪	
সকল সুধীমণ্ডলী উপস্থিত আছেন।	সকল সুধী উপস্থিত আছেন।
আমি সন্তোষ হলাম।	আমি সন্তুষ্ট হলাম
ক্ষমা একটি মহানগুণ।	ক্ষমা একটি মহৎ গুণ
দৈনতা সবসময় ভাল নয়।	দৈন্য/দীনতা সবসময় ভাল নয়।
মুমুর্ষ রোগীকে শুশ্রষা কর।	মুমূর্ষু রোগীকে শুশ্রূষা কর
এ মোকদ্দমায় আমি সাক্ষী দেব না।	এ মোকদ্দমায় আমি সাক্ষ্য দেব না।
গীতাঞ্জলী একখানা কাব্যগ্রন্থ।	গীতাঞ্জলি একখানা কাব্যগ্রন্থ।
প্রতিযোগীতায় অংশগ্রহনই বড় কথা।	প্রতিযোগিতায় অংশগ্রহণই বড় কথা।
শ্রাবনী অত্যন্ত বুদ্ধিমান মেয়ে।	শ্রাবনী অত্যন্ত বুদ্ধিমতী মেয়ে।
রেজভীর বিবাহতে আমাকে স্বপরিবারে নিমন্ত্রণ করেছে।	রেজভীর বিবাহতে আমাকে সপরিবারে নিমন্ত্রণ করেছে।
ছয়টি ঋতুর সমাহারের দেশ বাংলাদেশ।	ষড়ঋতুর সমাহারের দেশ বাংলাদেশ।
বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ ।	বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ ।
দৈন্যতা প্রসংশনীয় হওয়া সমীচীন নয়।	দৈন্য প্রশংসনীয় হওয়া সমীচীন নয়।
তারা যেন সবাই ভূল করবার প্রতিযোগীতায় নামিয়াছে।	তারা যেন সবাই ভুল করার প্রতিযোগিতায় নেমেছে।
দুর্বিসহ বানানটি অধিকাংশ ব্যাক্তি ভূল লেখে।	দুর্বিষহ বানানটি অধিকাংশ ব্যক্তি ভুল লেখে।

CamScanner

185

অশুদ্ধ	শুদ্ধ
কেবল মাত্র প্রতিযোগিরাই মঞ্চে আসবে।	কেবল প্রতিযোগিরাই মঞ্চে আসবে।
আর আমার বাঁচিবার স্বাদ নাই।	আমার আর বাঁচিবার সাধ নাই।
নিরোগী লোক প্রকৃতপক্ষে সুখী।	নিরোগ লোক প্রকৃতপক্ষে সুখী।
বিধি লজ্ঞন হয়েছে।	বিধি লঙ্ঘিত হয়েছে।
মুমূর্ষু রোগীকে শুশ্রূষা কর।	মুমূর্ষু রোগীকে শুশ্রূষা কর।
শশান ঘাট কোথায়?	শ্মশান ঘাট কোথায়?
প্রাতকালে লোকটি গাত্রখান করে।	প্রাতঃকালে লোকটি গাত্রোত্থান করে।
গুরুজনের সামনে উচ্চস্বরে কথা বলা সমিচীন নয়	গুরুজনের সামনে উচ্চস্বরে কথা বলা সমীচীন নয়

নমুনা প্রশ্ন

১. **শুদ্ধ করে লিখুনঃ (বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ-২০১৮/অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক)** ৫
ক) আমি এ ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি খ) দৈন্যতা সব সময় ভাল নয়
গ) ভাত ছড়ালে শালিকের অভাব হয় না ঘ) সব সময় বাহুল্যতা বর্জন করিবে ঙ) মুমূর্ষু রোগীকে সেবা করা উচিত

২. **বাক্য শুদ্ধ লিখুন। (জেলা প্রশাসকের কার্যলয়, সিলেট-২০১৯)** ৪
ক) শাড়ি পরা সবুজ মেয়েটিকে আমি চিনি। খ) অন্যায়ের প্রতিফল দুর্নিবার্য।
গ) আমি অপমান হয়েছি। ঘ) আমি কাল জাতীয় স্মৃতিসৌধ দেখিতে যাব।

৩. **বাক্য শুদ্ধ করে লিখুন। (বাংলাদেশ হাইকোর্ট-২০২০)** ৬
ক) তার সৌজন্যতা ভুলতে পারব না। খ) বাংলা ব্যাকরন অত্যান্ত জটিল। গ) আমি সাক্ষী দিয়েছি।
ঘ) 'দৈর্ঘ্য' হলো বিশেষ্য পদ। ঙ) ফাল্গুনে গাছে গাছে আগুন লাগে। চ) ধ্বনির প্রতীকই বর্ন।

৪. **বাক্য শুদ্ধ করে লিখুন। (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর-২০২০/অডিটর)** ৫
ক) অনাবশ্যকীয় ব্যাপারে কৌতূহল ভাল নয়। খ) কবির শোক সভায় বিশিষ্ট বুদ্ধিজীবিরা শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেছে।
গ) তারা যাইতে যাইতে এ দৃশ্য দেখিয়া মুগ্ধ ও বিস্মিত হল। ঘ) সাধারণ জন গড্ডালিকা প্রবাহে ভেসে চলে।
ঙ) সব ধনাঢ্য ব্যক্তিবগের্র আতিথ্য সৎকার করা উচিত।

৫. **বাক্য শুদ্ধ করে লিখুন। (কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা-২০২১/সিপাই)** ৫
ক) সূর্য উদয় হয়েছে খ) তার দূরাবস্থা দেখে দুঃখ হয়। গ) দৈনতা প্রশংসনীয় নয়।
ঘ) সে সংকটে পড়েছে। ঙ) নীরাপরাধী ব্যক্তিকে ক্ষমা কর।

৬. **বাক্য শুদ্ধ করে লিখুন। (হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা-২০২২/অডিটর)** ৪
ক) তার সৌজন্যতা ভুলতে পারব না খ) এই সব মানুষগুলির কোন ঠিকানা নেই
গ) গণিত খুব কঠিন ঘ) নিরপারী ব্যক্তিকে ক্ষমা কর

৭. **বাক্য শুদ্ধ করে লিখুন। (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা-২০২২/সিপাই)** ৫
ক) হীন চরিত্র লোক পশ্বাধম খ) অনাবশ্যক ব্যাপারে কৌতূহল ভালো নয়
গ) বানান ভুল দোষনীয় ঘ) হিমালয় পৃথিবীর সর্বাপেক্ষা বৃহত্তর পর্বত
ঙ) অঙ্ক কষিতে ভুল করিও না

৮. **বাক্য শুদ্ধ করে লিখুন। (কৃষি বিপণন অধিদপ্তর-২০২৪/অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক)** ৫
ক) সকল সুধীমণ্ডলী উপস্থিত আছেন। খ) আমি সন্তোষ হলাম।
গ) ক্ষমা একটি মহানগুণ। ঘ) দৈনতা সবসময় ভাল নয়।
ঙ) মুমুর্ষ রোগীকে শুশ্রূষা কর।

CamScanner

186

১০

বিপরীত শব্দ

✪ বাংলা ভাষার ব্যাকরণ (নবম-দশম শ্রেণি) ✪

মূল শব্দ	বিপরীত শব্দ
অজ্ঞ	বিজ্ঞ
অধম	উত্তম
অধমর্ণ	উত্তমর্ণ
অনুরক্ত	বিরক্ত
অনুরাগ	বিরাগ
অনুকূল	প্রতিকূল
অপ্রতিভ	সপ্রতিভ
অর্থ	অনর্থ
অল্প	অধিক
অগ্র	পশ্চাৎ
অচল	সচল
অন্ত	অনন্ত
অন্তর	বাহির
অন্তরঙ্গ	বহিরঙ্গ
আদর	অনাদর
আদান	প্রদান
আস্থা	অনাস্থা
আগে	পিছে
আপদ	নিরাপদ
আপন	পর
আবশ্যক	অনাবশ্যক
আমদানি	রপ্তানি
আকর্ষণ	বিকর্ষণ
আশা	নিরাশা
আকুঞ্চন	প্রসারণ
অস্তি	নাস্তি
অভিজ্ঞ	অনভিজ্ঞ
আসল	নকল
আচার	অনাচার
আচার	অনাচার
আয়	ব্যয়
আদি	অন্ত
আস্তিক	নাস্তিক
আবির্ভাব	তিরোভাব
আবিল	অনাবিল
আত্মীয়	অনাত্মীয়

মূল শব্দ	বিপরীত শব্দ
অতিবৃষ্টি	অনাবৃষ্টি
ইদানীং	তদানীং
ইস্তফা	যোগদান
ইচ্ছা	অনিচ্ছা
ইহলোক	পরলোক
ইহা	উহা
ইহা	উহা
ইষ্ট	অনিষ্ট
ইতর	ভদ্র
উদয়	অস্ত
উচ্চ	নিচ
উন্নতি	অবনতি
উন্নত	অবনত/ অনুন্নত
উপকার	অপকার
উপসর্গ	অনুসর্গ
উপচয়	অপচয়
উপস্থিত	অনুপস্থিত
উত্তর	দক্ষিণ
উত্থান	পতন
উৎকণ্ঠা	শান্তি
উৎকর্ষ	অপকর্ষ
উৎসাহ	নিরুৎসাহ
উদ্দিষ্ট	নিরুদ্দিষ্ট
ঊর্ধ্ব	অধ
এলোমেলো	গোছানো
ওস্তাদ	সাগরেদ
ওঠা	নামা
কৃপণ	উদার
কৃত্রিম	স্বাভাবিক
কৃত্রিম	স্বাভাবিক
কৃতজ্ঞ	অকৃতজ্ঞ, কৃতঘ্ন
কাজ	অকাজ
ক্রয়	বিক্রয়
কেজো	অকেজো
কোমল	কর্কশ
খোঁজ	নিখোঁজ

মূল শব্দ	বিপরীত শব্দ
খোলা	বন্ধ
খাঁটি	ভেজাল
খুঁত	নিখুঁত
খানিক	অধিক
খাতক	মহাজন
খুচরা	পাইকারি
ক্ষুদ্র	বৃহৎ
গূঢ়	ব্যক্ত
গৃহী	সন্ন্যাসী
গ্রহণ	বর্জন
গুরু	লঘু
ঘাটতি	বাড়তি
ঘাত	প্রতিঘাত
ঘাত	প্রতিঘাত
ঘাতক	পালক
চেনা	অচেনা
চোর	সাধু
চোখা	ভোঁতা
চেতন	অচেতন
ছাত্র	অছাত্র
জ্বলন	নির্বাপণ
জন্ম	মৃত্যু
জড়	চেতন
জয়	পরাজয়
জানা	অজানা
জাগরিত	নিদ্রিত
জীবন	মরণ
জোয়ার	ভাটা
জ্ঞানী	অজ্ঞান
জ্ঞেয়	অজ্ঞেয়
টাটকা	বাসি
ঠিক	বেঠিক
ঠকা	জেতা
ঠাণ্ডা	গরম
ডোবা	ভাসা
তিরস্কার	পুরস্কার

CamScanner

187

মূল শব্দ	বিপরীত শব্দ
ত্বরিত	শ্লথ
তফাত	কাছে
তাল	বেতাল
তেজী	নিস্তেজ
দিন	রাত
দূর	নিকট
দাতা	গ্রহীতা
দীর্ঘ	হ্রস্ব
দুর্মতি	সুমতি
দুষ্ট	শিষ্ট
দুষ্ট	শিষ্ট
দেনা	পাওনা
দেওয়া	নেওয়া
দোষী	নির্দোষ
ধৃষ্ট	নম্র
ধনী	নির্ধন, গরিব
ধর্ম	অধর্ম
নরম	শক্ত
নশ্বর	অবিনশ্বর
নতুন	পুরাতন
নিন্দা	প্রশংসা
পথ	বিপথ
পূর্ব	পশ্চিম
পণ্ড	সফল
প্রফুল্ল	বিমর্ষ
প্রবল	দুর্বল
প্রভু	ভৃত্য
প্রখরতা	স্নিগ্ধতা
প্রাচ্য	প্রতীচ্য
পাপী	নিষ্পাপ
পুষ্ট	ক্ষীণ
বেহেশত	দোজখ
বোকা	চালাক
ব্যর্থ	সার্থক
বর্ধমান	ক্ষীয়মাণ
বর	বৌ
বলবান	দুর্বল
বড়	ছোট
বন্ধন	মুক্তি
বন্ধন	মুক্তি
বন্ধু	শত্রু

মূল শব্দ	বিপরীত শব্দ
বাদী	বিবাদী
বাউণ্ডুলে	সংসারী
বাচাল	স্বল্পভাষী
বিচ্ছেদ	সন্ধি
বিরত	নিরত
ভিতর	বাহির
ভোঁতা	ধারালো
ভূত	ভবিষ্যৎ
ভয়	সাহস
ভর্ৎসান	প্রশংসা
ভীরু	নির্ভীক
ভীতু	সাহসী
মূখ্য	গৌণ
মৃদু	প্রবল
মান	অপমান
মৌন	মুখর
মিলন	বিরহ
যশ	অপযশ
যাচিত	অযাচিত
যুক্ত	বিযুক্ত
রদ	চালু
রোগ	নিরোগ
রুগ্‌ণ	সুস্থ
রাজা	প্রজা
রসিক	বেরসিক
রিক্ত	পূর্ণ
রত	বিরত
লঘু	গুরু
লায়েক	নালায়েক
লাভ	ক্ষতি,লোকসান
লেজ	মাথা
লক্ষ্মী	অলক্ষ্মী
শিষ্ট	অশিষ্ট
শত্রু	মিত্র
শ্রদ্ধা	অশ্রদ্ধা
শান্ত	অশান্ত
শীঘ্র	বিলম্ব
শুভ	অশুভ
সদয়	নির্দয়
সৃষ্টি	ধ্বংস
সম্বল	নিঃসম্বল

মূল শব্দ	বিপরীত শব্দ
সচেষ্ট	নিশ্চেষ্ট
সঞ্চয়	ব্যয়
সফল	বিফল
সবল	দুর্বল
সমষ্টি	ব্যাষ্টি
সরস	নীরস
সওয়াল	জবাব
সংহত	বিভক্ত
সদ্ভাব	বিরোধ
সার্থক	ব্যর্থ
সাচ্চা	ভুয়া
সাকার	নিরাকার
গরিষ্ঠ	লঘিষ্ঠ
সুন্দর	কুৎসিত
সুবহ	দুর্বহ
সুরভি	নিন্দা/পুতি
সুলভ	দুর্লভ
সুকৃত	দুষ্কৃত
সুশ্রী	বিশ্রী
সুশীল	দুঃশীল
সুখ	দুঃখ
সত্য	মিথ্যা
স্বনামে	বেনামে
স্ববাস	প্রবাস
স্বমত	পরমত
স্বকীয়	পরকীয়
স্বর্গ	নরক
স্বাধীন	পরাধীন
স্বতন্ত্র	পরতন্ত্র
স্থির	চঞ্চল
স্থাবর	অস্থাবর, জঙ্গম
স্মৃতি	বিস্মৃতি
হ্রাস	বৃদ্ধি
হরণ	পূরণ
হুঁশ	বেহুঁশ
হাল্কা	ভারি
হার	জিত
হাসি	কান্না

CamScanner

188

সংগৃহীত

মূল শব্দ	বিপরীত শব্দ
অনুগ্রহ	নিগ্রহ
অনুলোম	প্রতিলোম
অনুজ	অগ্রজ
অন্তর	বাহির
অপকার	উপকার
অমৃত	বিষ, গরল
অনুরক্ত	বিরক্ত
অন্তরঙ্গ	বহিরঙ্গ
অনুকূল	প্রতিকূল
অনুরাগ	বিরাগ
অণু	বৃহৎ
অন্ত্য	আদ্য
অভিজ্ঞ	অনভিজ্ঞ
অতিবৃষ্টি	অনাবৃষ্টি
অধমর্ণ	উত্তমর্ণ
অর্থ	অনর্থ
অনির্বাণ	নির্বাণ
অধিত্যকা	উপত্যকা
অবিরল	বিরল
অসীম	সসীম
অধম	উত্তম
অলস	পরিশ্রমী/কর্মঠ
অর্বাচীন	প্রাচীন
অগ্রজ	অনুজ
অর্জন	বর্জন
অর্পণ	গ্রহণ
অতিকায়	ক্ষুদ্রকায়
অলীক	সত্য
অম্ল	মধুর
অগ্র	পশ্চাৎ
অভ্যাস	অনভ্যাস
অপরাধ	নিরপরাধ
অগ্রগামী	পশ্চাৎগামী

মূল শব্দ	বিপরীত শব্দ
অশন	অনশন
অন্ধকার	আলোক
অবনত	উন্নত
আকর্ষণ	বিকর্ষণ
আকুঞ্চন	বিকুঞ্চন, প্রসারণ
আগম	লোপ
আদর	ঘৃণা
আদ্য	অন্ত্য
আপত্তি	সম্মতি
আবাহন	বিসর্জন
আবির্ভাব	তিরোভাব
আশু	বিলম্ব
আশ্লেষ	বিশ্লেষ
আসক্ত	বিরক্ত
আগমন	নির্গমন, প্রত্যাগমন
আশা	নিরাশা
আচার	অনাচার
আত্মীয়	অনাত্মীয়
আবশ্যক	অনাবশ্যক
আবিল	অনাবিল
আস্থা	অনাস্থা
আস্তিক	নাস্তিক
আঁঠি	শাঁস
আদান	প্রদান
আমদানি	রপ্তানি
আয়	ব্যয়
আলসে	কর্মঠ
আকাশ	পাতাল
আরোহণ	অবতরণ
আলস্য	শ্রম
আর্দ্র	শুষ্ক
আটক	ছাড়
আবদ্ধ	মুক্ত

মূল শব্দ	বিপরীত শব্দ
আগ্রহ	উপেক্ষা
আদিষ্ট	নিষিদ্ধ
আকস্মিক	চিরন্তন
আবৃত	অনাবৃত, উন্মুক্ত
আসামি	বাদী
আগম	নির্গম
ইহ	পরত্র
ইতর	ভদ্র
ইচ্ছা	অনিচ্ছা
ইষ্ট	অনিষ্ট
ইহকাল	পরকাল
ঈষৎ	অধিক
ঈদৃশ	তাদৃশ
ঈর্ষা	প্রীতি
ঈপ্সিত	অনীপ্সিত
উচ্চ	নীচ
উদয়	অস্ত
উন্মুখ	বিমুখ
উন্মীলন	নিমীলন
উজান	ভাটি
উক্ত	অনুক্ত
উত্তম	অধম
উপরোধ	অনুরোধ
উপকার	অপকার
উপস্থিত	অনুপস্থিত
উগ্র	মৃদু, সৌম্য
উৎকর্ষ	অপকর্ষ
উহ্য	স্পষ্ট
উজ্জ্বল	ম্লান
উন্নতি	অবনতি
উপচয়	অপচয়
উৎকৃষ্ট	অপকৃষ্ট
উপসর্গ	অনুসর্গ

CamScanner

189

মূল শব্দ	বিপরীত শব্দ
উপগত	অপগত
উদ্ধত	বিনীত
উত্তরণ	অবতরণ
উদার	সংকীর্ণ
ঋজু	বক্র
ঊর্ধ্ব	অধঃ
ঊষা	সন্ধ্যা
ঊর্ধ্বগামী	নিম্নগামী
একাল	সেকাল
এযুগ	সেযুগ
একমত	দ্বিমত
এপিঠ	ওপিঠ
ঐহিক	পারত্রিক
ঐচ্ছিক	আবশ্যিক
এঁড়ে	বকনা
ঐশ্বর্য	দারিদ্র্য
ঐক্য	অনৈক্য, বিভেদ
ঔদ্ধত্য	বিনয়
ঔদার্য	কার্পণ্য
কুটিল	সরল
কৃত্রিম	স্বাভাবিক
কৃপণ	বদান্য
কুৎসিত	সুন্দর
কৃষ্ণ	শুক্ল, শুভ্র
কোমল	কঠিন, কর্কশ
কৃতজ্ঞ	অকৃতজ্ঞ
কুৎসা	প্রশংসা
করাল	সৌম্য
কপট	অকপট
কেজো	অকেজো
কৃশ	স্থূল
কনিষ্ঠ	জ্যেষ্ঠ
কাজ	অকাজ
কান্না	হাসি
ক্রয়	বিক্রয়

মূল শব্দ	বিপরীত শব্দ
ক্রোধ	প্রীতি
ক্ষীণ	পুষ্ট
ক্ষয়িষ্ণু	বর্ধিষ্ণু
ক্ষিপ্ত	শান্ত
ক্ষয়	বৃদ্ধি
ক্ষীয়মাণ	বর্ধমান
ক্ষুদ্র	বৃহৎ
খোলা	ঢাকা
খ্যাতি	অখ্যাতি
খাতক	মহাজন
গরিষ্ঠ	লঘিষ্ঠ
গাম্ভীর্য	চাপল্য
গুপ্ত	ব্যাপ্ত, প্রকাশিত
গোপন	প্রকাশ
গরল	অমৃত
গ্রহণ	বর্জন
গৌরব	লাঘব
গ্রাম্য	নাগরিক, শহুরে
গুরু	লঘু
গৃহী	সন্ন্যাসী
গঞ্জনা	প্রশংসা
গৌণ	মূখ্য
গ্রহীতা	দাতা
গুরু	শিষ্য
ঘাত	প্রতিঘাত
ঘোলা	স্বচ্ছ
ঘন	তরল
ঘরে	বাহিরে
চঞ্চল	স্থির
চড়াই	উৎরাই
চেতন	জড়
চোর	সাধু
চতুর	নির্বোধ
চোখা	ভোঁতা
চেনা	অচেনা

মূল শব্দ	বিপরীত শব্দ
চয়	অপচয়
চক্ষুষ্মান	অন্ধ
ছাড়া	ধরা
জঙ্গম	স্থাবর
জরা	যৌবন
জয়	পরাজয়
জ্বলন্ত	নিভন্ত
জোয়ার	ভাটা
জন্ম	মৃত্যু
জীবন	মরণ
জানা	অজানা
জড়	চেতন
জাগরিত	নিদ্রিত
জাগ্রত	সুপ্ত
জীবিত	হত/মৃত
জ্ঞানী	মূর্খ
ঝানু	অপটু, অপক্ক
ঝুনা	কাঁচা
টাটকা	বাসি
ঠুনকা	মজবুত
ডুবন্ত	ভাসন্ত
ডাগর	ছোট
ঢেংগা	খাটো
ঢোসা	হালকা
তরুণ	প্রবীণ
তিক্ত	মধুর
ত্যাগ	ভোগ
ত্বরা	বিলম্ব
তিমির	আলোক
তরল	কঠিন
তিরস্কার	পুরস্কার
তৃপ্তি	অতৃপ্তি
তাপ	শৈত্য
তস্কর	সাধু
তেজি	মেদা, মন্দা

CamScanner

190

মূল শব্দ	বিপরীত শব্দ
তারুণ্য	বার্ধক্য
তেজ	নিস্তেজ
তীব্র	লঘু
তামসিক	রাজসিক
থামা	চলা
দান	গ্রহণ, প্রতিদান
দাস	প্রভু
দীন	ধনী
দুরন্ত	শান্ত
দ্রুত	হ্রস্ব
দরদি	নির্দয়
দাস	প্রভু
দুঃখ	সুখ
দুর্বার	নির্বার
দৃশ্য	অদৃশ্য
দুশমন	দোস্ত
দুর্লভ	সুলভ
দেনা	পাওনা
দুষ্কৃতি	সুকৃতি
দ্যুলোক	ভূলোক
দিন	রাত
দূর	নিকট
দৃষ্টি	অদৃষ্টি
ধবল	কৃষ্ণ
ধীর	অধীর
ধর্ম	অধর্ম
ধূর্ত	সাধু
নম্র	উদ্ধত
নাগর	গ্রাম্য
নাস্তিক	আস্তিক
নিত্য	নৈমিত্তিক
নিষেধ	বিধি
নিঃশ্বাস	প্রশ্বাস
নীরস	সরস
নিরাকার	সাকার

মূল শব্দ	বিপরীত শব্দ
নিন্দা	স্তুতি
নিরক্ষর	সাক্ষর
নির্লজ্জ	সলজ্জ
নগণ্য	গণ্য
নিরর্থক	সার্থক
নরম	কঠিন
ন্যূন	অধিক
নিদ্রা	জাগরণ
নির্মল	পঙ্কিল, মলিন
নিন্দুক	স্তাবক
নিশ্চেষ্ট	সচেষ্ট
নশ্বর	শাশ্বত, অবিনশ্বর
নিরত	বিরত
নির্দয়	সদয়
পচা	টাটকা, তাজা
পণ্ড	সফল
পণ্ডিত	মূর্খ
পর	স্ব, আত্ম
পশ্চাৎ	সম্মুখ
পাপী	পুণ্যাত্মা, পুণ্যবান
পাশ্চাত্য	প্রাচ্য
প্রফুল্ল	ম্লান
প্রবল	দুর্বল
প্রবৃত্তি	নিবৃত্তি
পরিশ্রমী	অলস
পতি	পত্নী
প্রসন্ন	বিষণ্ন
পুরোভাগ	পশ্চাদ্ভাগ
পটু	অপটু
প্রাচ্য	প্রতীচ্য
পদস্থ	নিম্নস্থ
প্রতিযোগী	সহযোগী
পড়তি	উঠতি
প্রাচীন	অর্বাচীন
প্রশস্তি	নিন্দা

মূল শব্দ	বিপরীত শব্দ
প্রবীন	নবীন
পরকীয়	স্বকীয়
প্রত্যক্ষ	পরোক্ষ
পূর্ণিমা	অমাবস্যা
পুষ্ট	ক্ষীণ
পাপ	পুণ্য
প্রশ্ন	উত্তর
পারত্রিক	ঐহিক
প্রভু	ভৃত্য
পালক	পালিত
প্রশস্ত	সংকীর্ণ
প্রস্থান	আগমন
প্রত্যাদেশ	আদেশ
ফলন্ত	নিষ্ফলা, অফলা
ফরসা	কালো
বন্ধুর	মসৃণ
বিরহ	মিলন
বিস্তৃত	সংক্ষিপ্ত
বৈরাগ্য	আসক্তি
বিষাদ	আনন্দ
ব্যর্থ	সার্থক
ব্যষ্টি	সমষ্টি
ব্যয়	সঞ্চয়
বন্ধু	শত্রু
বিবাদ	মিত্রতা
বন্ধন	মুক্তি
বাদী	বিবাদী
বিশেষ	সামন্য
বিনীত	গর্বিত
বিরল	বহুল
বিধি	নিষেধ
বিপদ	সম্পদ
বিষ	অমৃত
বাধ্য	অবাধ্য
বিরত	নিরত

CamScanner

191

মূল শব্দ	বিপরীত শব্দ
বিজেতা	বিজিত
বর্ধমান	ক্ষীয়মাণ
বাচাল	স্বল্পভাষী
বিশ্লেষণ	সংশ্লেষণ
ভর্তি	উন, খালি, শূন্য
ভূত	ভবিষ্যৎ
ভোঁতা	ধারাল, তীক্ষ্ণ
ভীরু	সাহসী
ভাটা	জোয়ার
ভিতর	বাহির
ভদ্র	ইতর
মজবুত	হালকা
মহৎ	ক্ষুদ্র
মান	অপমান
মান্য	ঘৃণ্য
মুখ্য	গৌণ
মৃদু	তীব্র
মৌন	মুখর
মনোনীত	অমনোনীত
মিলন	বিরহ
মধুর	কটু
যশ	নিন্দা, অপযশ
যোগ	বিয়োগ
যতি	সংযতী
যোজক	প্রণালি
রসিক	বেরসিক
রাজা	প্রজা
রোষ	প্রসাদ
রোগী	নীরোগ
রুষ্ট	তুষ্ট
রিক্ত	পূর্ণ
রুদ্ধ	মুক্ত
রম্য	কুৎসিত
রাগ	বিরাগ
লাঘব	গৌরব
লাভ	লোকসান

মূল শব্দ	বিপরীত শব্দ
লক্ষ্য	অলক্ষ্য
লঘু	গুরু
লাল	কাল
লব	হর
লয়	সৃষ্টি
লঘিষ্ঠ	গরিষ্ঠ
লাজুক	নির্লজ্জ
শত্রু	মিত্র
শীত	গ্রীষ্ম
শুক্ল	কৃষ্ণ
শূন্য	পূর্ণ
শোক	হর্ষ
শ্রী	বিশ্রী
শিষ্ট	অশিষ্ট
শিষ্য	গুরু
শ্রদ্ধা	ঘৃণা
শুভ	অশুভ
শীতল	উষ্ণ
শক্ত	নরম
শুখো	হাজা
শীর্ণ	স্থূল
শান্ত	দুরন্ত
শঠ	সাধু
শ্রম	বিশ্রাম
শ্বাস	প্রশ্বাস
সংক্ষেপ	বাহুল্য
সংযোগ	বিয়োগ
সচেষ্ট	নিশ্চেষ্ট
সন্ধি	বিগ্রহ
সম্পদ	বিপদ
সূক্ষ্ম	স্থূল
সৃষ্টি	সংহার
সিত	কৃষ্ণ
স্মরণ	বিস্মরণ
স্বকীয়	পরকীয়
স্বচ্ছ	ঘোলা
স্বতন্ত্র	পরতন্ত্র

মূল শব্দ	বিপরীত শব্দ
স্থির	চঞ্চল
স্থাবর	জঙ্গম
সমতল	অসমতল, বন্ধুর
সহিষ্ণু	অসহিষ্ণু
সার	অসার
স্বর্গ	নরক
সন্ধি	বিগ্রহ
সদাচার	কদাচার
সমাপ্ত	আরম্ভ
সংকীর্ণ	প্রশস্ত
সরল	বক্র
সঞ্চয়	অপচয়
সুলভ	দুর্লভ
সার্থক	ব্যর্থ
স্পৃশ্য	অস্পৃশ্য
স্নিগ্ধ	রুক্ষ
সুশীল	দুঃশীল
সুগম	দুর্গম
সহযোগী	প্রতিযোগী
স্তুতি	নিন্দা
সুরভি	পুতি
সুশ্রী	বিশ্রী
সমক্ষ	পরোক্ষ
সাবধান	অসাবধান
হর্তা	ভর্তা
হৃষ্ট	বিষণ্ন
হরদম	কদাচিৎ
হাল	সাবেক
হৃদ্যতা	কপটতা
হরণ	পূরণ
হত	জীবিত
হ্রাস	বৃদ্ধি
হর্ষ	বিষাদ
হক	নাহক

CamScanner

192

বিগত সালের (২০১১-২০২৪) লিখিত পরীক্ষার প্রশ্ন ও উত্তর

মূল শব্দ	বিপরীত শব্দ
অমৃত	গরল, বিষ
মসৃণ	অমসৃণ
শীতল	উষ্ণ
প্রাচীন	অর্বাচীন
অতীন্দ্রিয়	ইন্দ্রিয়
অপচয়	সঞ্চয়
প্রাকৃতিক	কৃত্রিম
উঁচু	নিচু
অসার	সার
সার্থক	ব্যর্থ
প্রবৃত্তি	নিবৃত্তি
ঔদার্য	কার্পণ্য
আসক্ত	বিরক্ত
বর্তমান	ভবিষ্যত/অতীত
তন্দ্রা	জাগরণ
বিন্দু	রাশি
অশনি	আশীর্বাদ
হরদম	কদাচিৎ
অর্বাচীন	প্রাচীন
সৌম্য	উগ্র
তিমির	আলো
স্বার্থপর	পরার্থ, নিঃস্বার্থ
মুখর	মৌন, শান্ত,
বিরল	বহুল, অহরহ
পূর্বসূরি	উত্তরসূরি
পরকীয়	স্বকীয়
উৎকর্ষ	অপকর্ষ
আকস্মিক	চিরন্তন
অলীক	বাস্তব
কনিষ্ঠ	জ্যেষ্ঠ
দুস্কৃতি	সুকৃতি

মূল শব্দ	বিপরীত শব্দ
সংশয়	প্রত্যয়
স্মরণ	বিস্মরণ
অবিভাজ্য	বিভাজ্য
আবাহন	বিসর্জন
বৈরাগ্য	আসক্তি
খিড়কি	সিংহদ্বার
জরা	যৌবন
গৃহী	সন্ন্যাসী
অনুরক্ত	বিরক্ত
বাহুল্য	স্বল্পতা
সদয়	নির্দয়
প্রকাশ্য	গোপনীয়
বাচাল	স্বল্পভাষী
বিরাগ	রাগ
প্রায়শ	কদাচিৎ
গোপনীয়	নিভৃত
সজীব	নির্জীব
সঞ্চয়	খরচ, অপচয়
তিক্ত	মধুর
স্বতন্ত্র	পরতন্ত্র
স্নিগ্ধ	রুক্ষ
বিসর্জন	আবাহন
গমন	প্রত্যাগমন
লম্ব	ভূমি
মহাজন	খাতক
পাশবিক	মানবিক
বিষন্ন	প্রসন্ন
রুদ্ধ	মুক্ত
অনশন	অশন
উতরানো	তলানো
প্রবল	দুর্বল

মূল শব্দ	বিপরীত শব্দ
রিক্ত	পূর্ণ
বিরত	নিরত
অন্তরঙ্গ	বহিরঙ্গ
আকুঞ্চন	প্রসারণ
খাতক	মহাজন
আবির্ভাব	তিরোভাব
ঘাটতি	বাড়তি
কৃত্রিম	প্রাকৃতিক
বর্ধমান	ক্ষীয়মাণ
ভীরু	সাহসী
উপচয়	অপচয়
আবশ্যক	অনাবশ্যক
দীর্ঘ	হ্রস্ব
দুষ্ট	শিষ্ট
ব্যর্থ	সার্থক
ভূত	ভবিষ্যৎ
ভালো	মন্দ
মিল	অমিল
সাধু	অসাধু
গেঁয়ো	শহুরে
কর্মঠ	অলস
নির্জন	জনবহুল
বিশাল	ক্ষুদ্র
উত্তপ্ত	ঠাণ্ডা
প্রসারণ	সংকোচন
বাল্য	বৃদ্ধ
সন্ধি	বিগ্রহ
সংকীর্ণ	প্রশস্ত
চঞ্চল	স্থির
বিনীত	দুর্বিনীত
প্রসন্ন	বিষণ্ন

CamScanner

193

মূল শব্দ	বিপরীত শব্দ
নৈসর্গিক	কৃত্রিম
নিগম	অনিগম
পুরস্কর	তিরস্কার
চেতন	অচেতন
অতীন্দ্রিয়	ইন্দ্রিয়গম্য
ব্যষ্টি	সমষ্টি
অন্ত	অনন্ত
সরস	নীরস
বিরত	নিরত
লঘু	গুরু
অর্পণ	গ্রহণ
আবশ্যিক	ঐচ্ছিক
কঠিন	কোমল
সুন্দর	অসুন্দর
সম্পদ	বিপদ
খেদ	অখেদ/হর্ষ
কৃশ	স্থূল
শিথিল	সুদৃঢ়
চিরন্তন	ক্ষণস্থায়ী
মহৎ	নীচ
লোভ	নির্লোভ
প্রকাশ	গোপন
অধিক	কম
প্রত্যক্ষ	পরোক্ষ
অলস	কর্মঠ
বন্ধুর	সমতল
কোমল	কর্কশ
মুখ্য	গৌণ
অনুরাগ	বিরাগ
অনুজ	অগ্রজ
অনুমেয়	অননুমেয়
স্বকীয়	পরকীয়
যশ	অপযশ
কৃত্রিম	নৈসর্গিক
তিরস্কার	পুরস্কার

মূল শব্দ	বিপরীত শব্দ
নিন্দা	প্রশংসা
উপকার	অপকার
প্রসন্ন	বিষন্ন
ক্ষিপ্র	মন্থর
চূর্ণ	বিচূর্ণ
জ্বলন	নির্বাপণ
জঙ্গম	স্থাবর
ঝটিতি	বিলম্ব
চিন্ময়	মৃন্ময়
তামসিক	রাজসিক
তিমির	আলো
নির্মল	পঙ্কিল
কলুষ	বিষাদ
হর্ষ	বিষাদ
ঐহিক	পারত্রিক
মনীষা	নির্বোধ
পণ্ড	সফল
দুর্জন	সুজন
উগ্র	সৌম্য
উত্তীর্ণ	অনুত্তীর্ণ
পুষ্ট	ক্ষীণ
অধম	উত্তম
অকর্মক	সকর্মক
সাধারণ	অসাধারণ
অমর	মরণশীল
উন্মীলন	নিমীলন
বাদী	বিবাদী
অগ্র	পশ্চাৎ
অনুকূল	প্রতিকূল
গরিষ্ঠ	লঘিষ্ঠ
খুঁত	নিখুঁত
উপশম	বৃদ্ধি
সুরভি	পুতি/নিন্দা
মুখ্য	গৌণ
সংহত	বিভক্ত

মূল শব্দ	বিপরীত শব্দ
চিরায়ত	সাময়িক
ধবল	কৃষ্ণ
গুপ্ত	প্রকাশ
২০২২	
ঊর্ধ্ব	অধঃ
খাঁটি	ভেজাল
নিরস্ত্র	সশস্ত্র
হ্রস্ব	দীর্ঘ
যৌবন	জরা
বাচাল	স্বল্পভাষী
প্রকাশ	গোপন
প্রচুর	অল্প
ভাটি	উজান
অগ্রজ	অনুজ
প্রত্যক্ষ	পরোক্ষ
সাকার	নিরাকার
আকুঞ্চন	প্রসারণ
স্বকীয়	পরকীয়
প্রায়শ	কদাচিৎ
সঞ্চয়	অপচয়
আশা	নিরাশা
যুক্ত	বিযুক্ত
আবির্ভাব	তিরোভাব
ইন্দ্রিয়	অতীন্দ্রিয়
সৌম্য	উগ্র
দুর্জন	সজ্জন
সুশীল	দুঃশীল
ঐক্য	অনৈক্য
সচেষ্ট	নিশ্চেষ্ট
সমষ্টি	ব্যষ্টি
ভূত	ভবিষ্যৎ
তেজি	নিস্তেজ
অবনত	উন্নত
অস্তি	নাস্তি

CamScanner

194

মূল শব্দ	বিপরীত শব্দ
ওস্তাদ	সাগরেদ
টাটকা	বাসি
সঞ্চয়	অপচয়
সুশীল	দুঃশীল
চঞ্চল	স্থির
প্রসন্ন	বিষন্ন
বিনীত	অবিনীত
নৈসর্গিক	কৃত্রিম
পুরস্কার	তিরস্কার
দীর্ঘ	হ্রস্ব
বিরোধ	সদ্ভাব
অধঃ	ঊর্ধ্ব
রদ	চালু
বিচ্ছেদ	মিলন
অনুরক্ত	বিরক্ত
সজীব	নির্জীব
সম্বল	নিঃসম্বল
প্রফুল্ল	ম্লাণ
দুর্মতি	সুমতি
ধৃষ্ট	বিনয়ী/নম্র
প্রাচ্য	প্রতীচ্য/পাশ্চাত্য
শিষ্ট	অশিষ্ট
গৃহী	সন্ন্যাসী
উন্নতি	অবনতি
কৃপণ	উদার/বদান্য
সচেষ্ট	নিশ্চেষ্ট
অলীক	বাস্তব
অগ্রজ	অনুজ
ইতর	ভদ্র
বক্তা	শ্রোতা
পার্শবিক	মানবিক
অমৃত	গরল
উৎকর্ষ	অপকর্ষ
চপল	গম্ভীর
দিগন্ত	আদিগন্ত

মূল শব্দ	বিপরীত শব্দ
অধমর্ণ	উত্তমর্ণ
গ্রাম্য	শহুরে
অনুগ্রহ	নিগ্রহ
উন্মুখ	বিমুখ
হৃদ্যতা	কপটতা
অবনমিত	উন্নীত
বন্ধুর	মসৃণ
অগ্রগামী	পশ্চাৎগামী
শিথিল	সুদৃঢ়
খাতক	মহাজন
প্রসারিত	সংকুচিত
চপল	গম্ভীর
উজান	ভাটি
দুর্লভ	সুলভ
ঊর্ধ্ব	অধঃ
পটু	অপটু
অঘটন	ঘটন
আমদানি	রপ্তানি
সদয়	নির্দয়
কৃশ	স্থুল
যত	তত
খ্যাতি	অখ্যাতি
শূন্য	পূর্ণ
ভাল	মন্দ
উত্তম	অধম
দরাজ	সংকীর্ণ
সুপ্ত	জাগ্রত
টক	মিষ্টি
তীব্র	লঘু/মৃদু
স্তুতি	নিন্দা
স্বকীয়	পরকীয়
বাউন্ডুলে	সংসারী
স্মৃতি	বিস্মৃতি
অর্পণ	গ্রহণ
প্রতিযোগী	সহযোগী

মূল শব্দ	বিপরীত শব্দ
কৃতজ্ঞ	অকৃতজ্ঞ
কাপুরুষ	বীরপুরুষ
২০২৩	
আশ্লেষ	বিশ্লেষ
তামসিক	রাজসিক
কদাচিৎ	হরদম/ প্রায়শ
যুক্ত	বিযুক্ত
টাটকা	বাসি
সুশীল	দুঃশীল
অস্তি	নাস্তি
অর্বাচীন	প্রাচীন
সংশ্লেষণ	বিশ্লেষণ
স্মৃতি	বিস্মৃতি
আপন	পর
জ্ঞানী	অজ্ঞান/মূর্খ
তারুণ্য	বার্ধক্য
ধারালো	ভোঁতা
নিরক্ষর	সাক্ষর
ফাঁপা	নিরেট
আবির্ভাব	তিরোভাব
অতিবৃষ্টি	অনাবৃষ্টি
সরস	নীরস
সংশয়	প্রত্যয়
প্রসন্ন	বিষণ্ন
বরখাস্ত	বহাল
রাগ	বিরাগ
সাবেক	হাল
খ্যাতি	অখ্যাতি
অবনত	উন্নত
আকুঞ্চন	প্রসারণ
তস্কর	সাধু
ঋজু	বক্র
হাল	সাবেক
উপসর্গ	অনুসর্গ

CamScanner

195

মূল শব্দ	বিপরীত শব্দ
ভাটা	জোয়ার
ইতিবাচক	নেতিবাচক
ইতর	ভদ্র
যাযাবর	স্থায়ী
পাচ্য	প্রতীচ্য
কৃপণ	উদার
অনুগ্রহ	নিগ্রহ
অনুজ	অগ্রজ
কৃতজ্ঞ	অকৃতজ্ঞ
নিশি	দিবা
অগ্র	পশ্চাৎ
উজান	ভাটি
দিন	রাত
মূর্খ	জ্ঞানী
পাকা	কাঁচা
রাজা	প্রজা
অর্জন	বর্জন
ইহলৌকিক	পরলৌকিক
কুঞ্চন	প্রসারণ
উপচিকীর্ষা	অপচিকীর্ষা
কৃশাঙ্গী	স্থূলাঙ্গী
অনুরক্ত	বিরক্ত
অন্তর	বাহির
উন্নতি	অবনতি
বন্ধন	মুক্তি
দাতা	গ্রহীতা
আদ্য	অন্ত্য
আসক্ত	বিরক্ত
কুটিল	সরল
ইতর	ভদ্র
আমদানি	রপ্তানি
মসৃণ	বন্ধুর
মন্থর	ক্ষিপ্র
মুখ্য	গৌণ
তরল	কঠিন

মূল শব্দ	বিপরীত শব্দ
সৃষ্টি	ধ্বংস
ঔদ্ধত্য	বিনয়
ঈষৎ	অধিক
আগমন	প্রস্থান
তির্যক	সরল
সংক্ষিপ্ত	বিস্তৃত
সদয়	নির্দয়
কনিষ্ঠ	জ্যেষ্ঠ
কৃত্রিম	স্বাভাবিক
হাল	সাবেক
গ্রহণ	বর্জন
হর্ষ	বিষাদ
ঘোষ	অঘোষ
নাস্তিক	আস্তিক
অলস	পরিশ্রমী
উত্তম	অধম
অনুকূল	প্রতিকূল
আয়	ব্যয়
আসক্তি	নিরাসক্তি
ক্ষীয়মাণ	বর্ধমান
দুর্মতি	সুমতি
বাচাল	স্বল্পভাষী
সঞ্চয়	অপচয়
গৃহী	সন্ন্যাসী
ভূত	ভবিষ্যৎ
নিরর্থক	সার্থক
পূর্বসূরি	উত্তরসূরি
উন্মুখ	বিমুখ
উৎকৃষ্ট	অপকৃষ্ট/নিকৃষ্ট
অতীন্দ্রিয়	ইন্দ্রিয়
সন্ধি	বিগ্রহ
প্রসারিত	সংকুচিত
প্রতিযোগী	সহযোগী
দুর্জন	সজ্জন
বর্জন	গ্রহণ

মূল শব্দ	বিপরীত শব্দ
বন্ধুর	মসৃণ
দুষ্কৃত	সুকৃত
সমষ্টি	ব্যষ্টি
হরণ	পূরণ
উর্ধ্ব	অধঃ
খাতক	মহাজন
অগ্র	পশ্চাৎ
উর্ধ্ব	অধঃ/ নিম্ন
ভূলোক	দ্যুলোক
আকাশ	পাতাল
কোমল	কর্কশ
তিক্ত	মধুর
ফলন্ত	নিষ্ফলা
মলিন	নির্মল
তীক্ষ্ণ	ভোঁতা
অনির্বাণ	নির্বাণ
ক্ষয়িষ্ণু	বর্ধিষ্ণু
অন্তরঙ্গ	বহিরঙ্গ
নিন্দা	প্রশংসা
দিবা	রাত্রি
জরা	যৌবন
বৈরাগ্য	আসক্তি
নির্বাণ	অনির্বাণ
হতবুদ্ধি	স্থিরবুদ্ধি
মহাজন	খাতক
অর্পণ	গ্রহণ
মধুর	কটু
সংকীর্ণ	প্রশস্ত
স্বাধীন	পরাধীন
থামা	চলা
বিনীত	দুর্বিনীত
দীন	ধনী
স্নিগ্ধ	রুক্ষ
ঐশ্বর্য	দারিদ্র্য
আকুঞ্চন	প্রসারণ

CamScanner

196

মূল শব্দ	বিপরীত শব্দ
ভেজাল	খাঁটি
বেনামে	স্বনামে
দোষী	নির্দোষ
কোমল	কর্কশ
আচার	অনাচার
অচলায়তন	সচলায়তন
অনন্ত	সান্ত
প্রতিলোম	অনুলোম
উর্বর	উষর
সচেতন	অসচেতন
রিক্ত	পূর্ণ
পাশবিক	মানবিক
অগ্রজ	অনুজ
সাধু	অসাধু/ চোর
প্রফুল্ল	বিমর্ষ
রুষ্ট	তুষ্ট
হৃদ্যতা	কপটতা
মৌন	মুখর
ঐহিক	পারত্রিক
ঔদ্ধত	বিনয়
অধিত্যকা	উপত্যকা
যত	তত
কৃশ	স্থূল
সমস্ত	অংশ
ভূত	ভবিষ্যৎ
সৌম্য	উগ্র
প্রায়শ	কদাচিৎ
পবিত্র	অপবিত্র
অবতরণ	আরোহণ
অজ্ঞ	বিজ্ঞ/জ্ঞানী
পারত্রিক	ঐহিক
আবাহন	বিসর্জন
নিরাকার	সাকার
প্রতীচী	প্রাচী
জ্ঞেয়	অজ্ঞেয়

মূল শব্দ	বিপরীত শব্দ
অধমর্ণ	উত্তমর্ণ
অস্তগামী	উদীয়মান
অস্বয়ী	অনস্বয়ী
উত্থান	পতন
দারিদ্র	ঐশ্বর্য
কলুষ	বিষাদ
চটুল	গম্ভীর
বিশ্বস্ত	অবিশ্বস্ত
অলীক	সত্য/ বাস্তব
সচেষ্ট	নিশ্চেষ্ট
তেজী	নিস্তেজ
প্রবাস	স্ববাস
প্রত্যক্ষ	পরোক্ষ
প্রতিঘাত	ঘাত
সজীব	নির্জীব
ঋজু	বক্র
অপকার	উপকার
বক্তা	শ্রোতা
ভৎসনা	প্রশংসা
বাউণ্ডুলে	সংসারী
লগ্ন	চ্যুত
স্তুতি	নিন্দা
স্থাবর	অস্থাবর
বিরক্ত	অনুরক্ত
আদিম	অন্তিম
সবল	দুর্বল
সুখ	দুঃখ
২০২৪	
হর্ষ	বিষাদ
অলীক	বাস্তব/ সত্য
কর্মঠ	অলস
সাধু	ভণ্ড
সূক্ষ্ম	স্থূল
জ্যোৎস্না	অমাবস্যা
বাহুল্য	প্রয়োজনীয়

মূল শব্দ	বিপরীত শব্দ
সাহসী	ভীতু
স্বাধীন	পরাধীন
দণ্ড	পুরস্কার
সাকার	নিরাকার
স্বরতন্ত্র	পরতন্ত্র
দুর্গম	সুগম
ইহকাল	পরকাল
সন্ন্যাসী	গৃহী
নশ্বর	অবিনশ্বর
অনুগ্রহ	নিগ্রহ
সংশয়	প্রত্যয়
ঋজু	বক্র
স্মৃতি	বিস্মৃতি
অসীম	সসীম
আলোক	অন্ধকার
সুগম	দুর্গম
গুরু	শেষ
স্বতন্ত্র	পরতন্ত্র
অগ্রজ	অনুজ
লঘু	গুরু
স্তুতি	নিন্দা
অর্বাচীন	প্রাচীন
গরিষ্ঠ	লঘিষ্ঠ
প্রাচীন	অর্বাচীন
সদয়	নির্দয়
ভীরু	নির্ভীক
রদ	চালু
অনুলোম	প্রতিলোম
উপসর্গ	অনুসর্গ
দারক	দুহিতা
অর্পণ	গ্রহণ
অনুরাগ	বিরাগ
বন্ধুর	মসৃণ
ত্বরিত	শ্লথ
উচাটন	প্রশান্ত

CamScanner

197

মূল শব্দ	বিপরীত শব্দ
ক্ষীয়মাণ	বর্ধমান
নর	নারী
কঠিন	তরল
বালক	বালিকা
শ্বশুর	শাশুড়ি
আবির্ভাব	তিরোভাব
অধমর্ণ	উত্তমর্ণ
অগ্র	পশ্চাৎ
অতিকায়	ক্ষুদ্রকায়
গৃহী	সন্ন্যাসী
জড়	চেতন
খাতক	মহাজন
কৃত্রিম	অকৃত্রিম
বিচ্ছেদ	সন্ধি
নিরীহ	হিংস্র
তরল	কঠিন/ঘন
পটু	অপটু
শূন্য	পূর্ণ
ঘটন	অঘটন
ভূত	ভবিষ্যৎ
বিদ্বান	মূর্খ
পাশবিক	মানবিক
মহাজন	খাতক
আবশ্যিক	ঐচ্ছিক
ঈষৎ	অধিক
মূর্ত	বিমূর্ত
ক্ষয়িষ্ণু	বর্ধিষ্ণু
গ্রহণীয়	বর্জনীয়
উৎসাহ	নিরুৎসাহ
আবিল	অনাবিল
উক্ত	অনুক্ত
দ্যুলোক	ভূলোক
সন্ধি	বিগ্রহ
সুন্দর	কুৎসিত

মূল শব্দ	বিপরীত শব্দ
গৌণ	মুখ্য
নন্দিত	নিন্দিত
বিপত্নীক	বিধবা
আদান	প্রদান
আশু	বিলম্ব
মুক্ত	আবদ্ধ
সংশ্লেষণ	বিশ্লেষণ
স্থির	চঞ্চল
বিশ্রী	সুশ্রী
প্রকাশ	গোপন
খাটি	ভেজাল
সৃষ্টি	ধ্বংস
সাফল্য	ব্যর্থতা
আস্তিক	নাস্তিক
ঋজু	বক্র
ঐহিক	পারত্রিক
মহাপ্রাণ	অল্পপ্রাণ
সরস	নীরস
আকর্ষণ	বিকর্ষণ
অবনত	উন্নত
তীব্র	লঘু/মৃদু
জলচর	স্থলচর
অপচয়	সঞ্চয়
বিরক্ত	অনুরক্ত
গাঢ়	পাতলা
পদস্থ	নিম্নস্থ
তিমির	আলো
উৎকৃষ্ট	নিকৃষ্ট
আদি	অন্ত
অজ্ঞ	বিজ্ঞ
অনুকূল	প্রতিকূল
সরল	বক্র
তাপ	শৈত্য
অন্তর	বাহির

মূল শব্দ	বিপরীত শব্দ
সম্মুখ	পশ্চাৎ
শীতল	উষ্ণ
স্বর্গ	মর্ত্য
বিনীত	দুর্বিনীত
শুরু	শেষ
চতুর	নির্বোধ
নৈসর্গিক	কৃত্রিম
ভেজাল	খাঁটি
দুহিতা	পুত্র
বেনামে	স্বনামে
উত্থান	পতন
উত্তম	অধম
গ্রাম্য	শহরে
আকাশ	পাতাল
কুৎসা	প্রশংসা
তীক্ষ্ণ	স্থূল
আবাহন	বিসর্জন
নিরাকার	সাকার
মুখ্য	গৌণ
প্রত্যক্ষ	পরোক্ষ
যোজক	প্রণালি
বিষ	অমৃত
লিপ্সা	নির্লিপ্ত
বৈরাগ্য	আসক্ত
সজীব	নির্জীব
মুখর	মৌন
অন্তর	বাহির
আদেশ	নিষেধ
উদ্ধত	বিনীত
কুটিল	সরল
অধিত্যকা	উপত্যকা
অনুরক্ত	বিরক্ত
অনুমোদিত	অননুমোদিত
আরোহন	অবতরণ

CamScanner

198

১১

সমার্থক শব্দ

✪ বাংলা ভাষার ব্যাকরণ (নবম-দশম শ্রেণি) ✪

মূল শব্দ	সমার্থক শব্দ/প্রতিশব্দ
অন্ধকার	আধার, তিমির, শর্বর, তম, তমসা, অমানিশা
আকাশ	গগণ, আসমান, নভঃ, শূন্য, দ্যুলোক, খ, অম্বর
আগুন	অগ্নি, অনল, পাবক, শিখা, হুতাশন, সর্বভুক
ঈশ্বর	আল্লাহ, প্রভু, বিধাতা, স্রষ্টা, সৃষ্টিকর্তা, অমর, দেব, সুর
কান	কর্ণ, শ্রবণ, শ্রবণেন্দ্রিয়, শ্রুতি, শ্রুতিপথ, শ্রবণপথ
কোকিল	পরভৃত, পিক, কাকপুষ্ট, বসন্তদূত, অন্যপুষ্ট
গরু	গো, গাভী, ধেনু
চাঁদ	চন্দ্র, নিশাকর, সুধাকর, হিমাংশু, সুধাংশু, শশী, শশাঙ্ক,সোম
চোখ	অক্ষি, আখি, নয়ন, নেত্র, চক্ষু, লোচন
জল	অম্বু, পানি, অপ, নীর, জীবন, সলিল
তীর	কূল, তট, সৈকত, শর, বাণ, শায়ক, পুলিন
দিন	দিবস, দিবা, বার, রোজ, অহ্ন, বাসর
দেবতা	অমর, দেব, সুর
দেহ	গাত্র, গা, তনু, শরীর, অঙ্গ, গতর
ধন	অর্থ, বিত্ত, সম্পদ, ঐশ্বর্য, দৌলত, নিধি
নদী	তটনী, সরিৎ, গাঙ, স্রোতস্বতী, প্রবাহিণী
নারী	স্ত্রী, মহিলা, স্ত্রীলোক, রমণী, কামিনী, কান্তা, মেয়ে
পৃথিবী	বিশ্ব, ভুবন, ধরত্রী, ধরণী, বসুন্ধরা, জগৎ, ক্ষিতি, ভূ, ভূমন্ডল, অখিল, অদিতি,
পর্বত	অচল, অদ্রি, গিরি, পাহাড়, ভূধর, শৈল
পিতা	আব্বা, জনক, বাবা, জন্মদাতা, পিতৃ, বাপ
পুত্র	ছেলে, তনয়, আত্মজ, সুত, দুলাল, পুত
মাতা	মা , জননী, প্রসূতি, আম্মা, গর্ভধারিণী, মাতৃ
মৃত্যু	ইন্তেকাল, মরণ, নাশ, নিপাত, বিনাশ, প্রাণত্যাগ, চিরবিদায়
রাজা	নৃপতি, নরপতি, ভূপতি, বাদশাহ, সম্রাট, মহীপাল
সূর্য	রবি, ভানু, আদিত্য, অর্ক, আফতাব, তপন,

মূল শব্দ	সমার্থক শব্দ/প্রতিশব্দ
	সবিতা, ভাস্কর, অর্যমা
স্বর্গ	বেহশত, জান্নাত, দেবলোক, দ্যুলোক, অমরা, অমরালয়
সাপ	অহি, নাগ, ফণী, সর্প, বিষ, ভুজঙ্গ
সমুদ্র	জলধি, সিন্ধু, সাগর, রত্নাকর, অম্বুধি, জলধর, বারিধি, জলনিধি, অর্ণব
হাত	হস্ত, কর, বাহু, ভুজ, পাণি
হাতি	গজ, হস্তী, দ্বিপ, করী, কুঞ্জর, মাতঙ্গ
অনেক	একাধিক, বহু, নানা, প্রচুর, বেশি, বহুল,
অতিথি	মেহমান, অভ্যাগত, নিমন্ত্রিত, কুটুম
আনন্দ	হর্ষ, পুলক, আহলাদ, সুখ, স্ফূর্তি
ইচ্ছা	অভিলাষ, বাসনা, আকাঙ্ক্ষা, কামনা
কন্যা	মেয়ে, কন্যা, তনয়, দুহিতা, দুলালি, নন্দিনী,
কপাল	ললা, ভাল, ভাগ্য, নিয়তি, নসিব, অলিক
কবুতর	পারাবত, পায়রা, নোটন, লোটন, কপোত
কিরণ	কর, প্রভা, দীপ্তি, জ্যোতি, বিভাব, ভাতি
কূল	তীর, তীরভূমি, তট, তটভূমি, তীরভাগ
কুল	বংশ, গোত্র, গোষ্ঠী, জাতি, বর্ণ, জাত, শ্রেণি
খবর	সংবাদ, বার্তা, সন্দেশ, তথ্য, সমাচার
ঘর	গৃহ,আলয়, ভবন, নিলয়, নিকেতন, বাড়ি আবাস, নিকেত
চাঁদ	শশী, শশধর, শশাঙ্ক, সোম, সুধাকর, চন্দ্র
ঝড়	বাত্যা, তুফান, ঝড়ি, ঝটিকা
পদ্ম	কমল, উৎপল, কুমুদ, কুমদী, শতদল, অরবিন্দ,
পাখি	বিহগ, বিহঙ্গ, খেচর, খগ, পক্ষী
বন	অরণ্য, কান্তর, বিপিন, জঙ্গল, বনানী
বায়ু	পবন, সমীর, সমীরণ, অনিল, প্রভঞ্জন বাতাস
বিদ্যুৎ	তড়িৎ, চপলা, চঞ্চলা, দামিনী, বিজলি
বৃক্ষ	গাছ, তরু, শাখী, পাদপ, অটবি, পল্লবী

CamScanner

199

মূল শব্দ	সমার্থক শব্দ/প্রতিশব্দ
মন	চিত্ত, হৃদয়, হিয়া, পরান, মানসলোক
যুদ্ধ	সংগ্রাম, সমর, বিগ্রহ, লড়াই, রণ, সংঘাত
রাত	রাত্রি, নিশি, নিশা, নিশীথ, রজনী যামিনী, শর্বরী
সিংহ	পশুরাজ, কেশরী, হরি, মৃগেন্দ্র, মৃগরাজ
সুন্দর	মনোরম, মনোহর, শোভন, রম্য, কমনীয়
স্ত্রী	পত্নী, সহধর্মিণী, অর্ধাঙ্গী, দার, জায়া, কলত্র
স্বর্ণ	সোনা, সুবর্ণ, কাঞ্চন, কনক, হেম হিরণ্য, হিরণ
অকস্মাৎ	আচমকা, হঠাৎ, সহসা, অতর্কিত, দৈবাৎ
অকাল	অসময়, অবেলা, দুর্দিন, কুক্ষণ, দুঃসময়
অক্ষয়	চিরন্তন, ক্ষয়হীন, অশেষ, অনন্ত, অন্তহীন
অদ্ভুত	উদ্ভট, আজব, আশ্চর্য, অভিনব
অভাব	অনটন, দারিদ্র্য, দৈন্য, দীনতা, অসচ্ছলতা
আইন	বিধান, কানুন, ধারা, নিয়ম
উত্তম	শ্রেষ্ঠ, সর্বশ্রেষ্ঠ, ভালো, উৎকৃষ্ট, সেরা, প্রধান
একতা	ঐক্য, মিলন, একত্ব, অভেদ. অভিন্নতা
কঠিন	শক্ত, দৃঢ়, কঠোর, কড়া, জটিল, রুক্ষ
কথা	উক্তি, বাক্য, বচন, কথন, বাণী, ভাষণ, বাক
কষ্ট	যন্ত্রণা, দুঃখ, ক্লেশ, আয়াস, পরিশ্রম
কান্না	ক্রন্দন, কাঁদা, রোদন, অশ্রুপাত
খাদ্য	খাবার, খানা, ভোজ্য, অন্ন. রসদ

মূল শব্দ	সমার্থক শব্দ/প্রতিশব্দ
খারাপ	মন্দ, নিকৃষ্ট, দুষ্ট, নষ্ট, অভদ্র
খোঁজ	সন্ধান, অন্বেষণ, অনুসন্ধান, তালাশ
গভীর	অগাধ, অতল, গহন, প্রগাঢ়
জন্ম	উৎপত্তি, উদ্ভব, সৃষ্টি, ভূমিষ্ঠ, জনম, আবির্ভাব
ঝোঁক	টান, প্রবণতা, আকর্ষণ
ঠিক	যথাযথ, সত্য, সঠিক, যথার্থ, উপযুক্ত, নির্ভুল
ঠাট্টা	বিদ্রুপ, শ্লেষ, মশকরা, উপহাস, রসিকতা
তৃষ্ণা	পিপাসা, তিয়াস, তেষ্টা, আকাঙ্ক্ষা
তৈরি	গঠন, নির্মাণ, গড়া, বানানো, প্রস্তুত
দয়া	অনুগ্রহ, করুণা, কৃপা, অনুকম্প, মায়া
দলিল	নথি, চুক্তিপত্র, কাগজপত্র, পাট্টা
নতুন	নবীন, আধুনিক, অধুনা, অর্বাচীন
নিত্য	সতত, সর্বদা, প্রত্যহ, নিয়মিত, চির
পাথর	পাষাণ, প্রস্তর, শিলা, উপল, অশ্ম
বিবাহ	বিয়ে, পরিণয়, পাণিগ্রহণ, উদ্বাহ, নিকা, শাদি
ব্যবধান	ফাঁক, ছিদ্র, অন্তর, তফাত, ভেদ, পার্থক্য
মেঘ	জলদ, জলধর, নীরদ, বারিদ, ঘন
রানি	মহিষী, সম্রাজ্ঞী, বেগম, রাজ্ঞী, রাজপত্নী
স্বামী	পতি, কান্ত, নাথ, বল্লভ, দয়িত
হীন	নীচ, অধম, নিন্দনীয়, গরিব, অক্ষম, শূন্য

সংগৃহীত

মূল শব্দ	সমার্থক শব্দ/প্রতিশব্দ
অবকাশ	সময়, অবসর, ছুটি, বিরাম
অকস্মাৎ	হঠাৎ, সহসা, অতর্কিতভাবে
অক্ষম	দুর্বল, অদক্ষ, শক্তিহীন, বলহীন
অজ্ঞ	মূর্খ, নির্বোধ, অশিক্ষিত, নিরক্ষর,
অশ্রু	অশ্রুবারি, নয়নজল, চোখের জল, নেত্রবারি,
আরম্ভ	শুরু, সূচনা, সূত্রগত, প্রারম্ব
আলো	আলোক, রশ্মি, কিরণ, অংশ, প্রভা, জ্যোতি
ইতি	সমাপ্তি, শেষ, অবসান খতম, সমাপন,
উগ্র	প্রচণ্ড, তীব্র, প্রখর, কঠোর, জেদি
উজ্জ্বল	আলোকিত, দীপ্তিমান, শোভমান, উদ্ভাসিত,

মূল শব্দ	সমার্থক শব্দ/প্রতিশব্দ
উচ্ছেদ	উৎপাটন, উৎখাত, উচ্ছেদ, নির্মূল
উল্লাস	উচ্ছ্বাস, আনন্দ, খুশি, ফুর্তি, আমোদ
ঐক্য	একতা, অভিন্ন, মিল, একত্ব, একাত্মতা
কালো	শ্যাম, শ্যামল, শ্যামবর্ণ, কৃষ্ণ, কৃষ্ণবর্ণ
কেশ/চুল	অলক, চুল, চিকুর, কুন্তল
কর্ণ	শ্রবণ, শ্রুতি, কান, শ্রুতিপথ, শ্রবণপথ
খ্যাতি	যশ, সুখ্যাতি, সুনাম, বিখ্যাতি, নামযশ
খড়্গ	দা, কাটারি, কর্তরি, কাতি, দাত্র, রামরাদ
গঙ্গা	ভাগীরথী, গোমতী, পিনাকিনী, কাবেরী
গুপ্ত	সুপ্ত, গোপনীয়

CamScanner

200

মূল শব্দ	সমার্থক শব্দ/প্রতিশব্দ
ঘন	মেঘ, জলধর, নিবিড়, গাঢ়, জমাট, গভীর
ঘোড়া	অশ্ব, ঘোটক, তুরঙ্গ, বাজী, তুরগ
চতুর	বুদ্ধিমান, চালাক
জ্যোৎস্না	চন্দ্রিমা, চন্দ্রকিরণ, জোছনা, কৌমুদী
ঢেউ	ঊর্মি, বীচি, তরঙ্গ, কল্লোল, হিল্লোল
দক্ষ	নিপুণ, পটু, পারদর্শী, কর্মঠ, সুনিপুন
দোকান,	বিপণি, আপণ, পণ্যশালা, পসার, আপণি
দীন	গরিব, দুঃখী, দুস্থ, হীন, দরিদ্র, কাতর,
দরিদ্র	নির্ধন, গরিব, বিত্তহীন, নির্বিত্ত, দীন, অসহায়
নর	মানব, মানুষ, মনুষ্য, লোক, জন, পুরুষ
নীহার	কুয়াশা, তুষার
পাপ	পাতক, কল্মষ, দুষ্কৃত, আপদ, পুনাহ, অনাচার
ফুল	কুসুম, ফুল, প্রসূন, সুমন, মণীবক, পুষ্প
প্রভু	মনিব, রাজা, কর্তা, অধিপতি

মূল শব্দ	সমার্থক শব্দ/প্রতিশব্দ
বন্ধুত্ব	সখ্য, দোস্তি, বন্ধুভাব, বন্ধুতা
বস্ত্র	বসন, বাস, পরিধেয়, কাপড়, পোশাক
ভয়	ভীতি, ডর, তরাস, শঙ্কা, ত্রাস
ভ্রমর	ভোমরা, অলি, শিলীমুখ, দ্বিরেফ
ভয়ানক	ভয়ঙ্কর, ভয়াবহ, খুব, ভীষণ, অত্যন্ত
ময়ূর	কেকা, কেকী, শিখী, শিখণ্ডী, কলাপী
মুখ	আনন, আস্য, বদন, মুখগহ্বর, মোহনা
মৃদু	কোমল, রনম, ধীর, অল্প, হালকা
মাটি	মৃত্তিকা, জমি কবর, আশ্রয়, পণ্ড
শত্রু	অরি, দুশমন, বিরোধী, বৈরী, প্রতিপক্ষ,
সহোদর	সগর্ভ, ভ্রাতা, একোদর, সোদর
সমূহ	সকল, বৃন্দ, চায, চিয়, বর্গ, সমুদয়, মালা
সাদা	শ্বেত, শুভ্র, ধবল, সফেদ, নির্মল, শুচি, সিত
গর্জন	চিৎকার, নিনাদ

বিগত সালের (২০১১-২০২৪) লিখিত পরীক্ষার প্রশ্ন ও উত্তর

◈ **প্রত্যেকটি শব্দের তিনটি করে সমার্থক শব্দ লিখুন:** (বাংলাদেশ তাত বোর্ড/ সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পি অপারেটর/২০২৪)

ক) নদী = তটিনী, প্রবাহিণী, তরঙ্গিণী
খ) কোকিল = বসন্তদূত, কাকপুষ্ট, পরপুষ্ট
গ) পাখি = বিহগ, পক্ষী, বিহঙ্গ
ঘ) আকাশ = গগন, আসমান, অন্তরীক্ষ
ঙ) পদ্ম = কমল, কুমুদ, পঙ্কজ

◈ **কমপক্ষে ২টি করে সমার্থক শব্দ লিখুন:** (কর আপীল অঞ্চল-২, ঢাকা, অফিস সহকারী)

ক) অশ্ব = ঘোড়া, তুরগ
খ) হুতাশন = অগ্নি, আগুন
গ) শশী = চন্দ্র, চাঁদ
ঘ) ঊন = দুর্বল, হীন
ঙ) হস্তী = হাতি, গজ

◈ **'গিরি' শব্দের ৫টি প্রতিশব্দ লিখুন।** (সিভিল সার্জনের কার্যালয়, রাজবাড়ী, স্বাস্থ্য সহকারী/২০২৪)

উত্তর: পাহাড়, পর্বত, অচল, শৈল, অদ্রি

◈ **প্রত্যেক শব্দের ০২ করে প্রতিশব্দ লিখুন:** (প্রত্নতত্ত্ব অধিদপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, অফিস সহায়ক/ডেসপাচ রাইডার/২০২৪)

ক) কূল = তীর, তীরভূমি, তট
খ) অন্ধকার = আধাঁর, তিমির, শর্বর
গ) সিংহ = পশুরাজ, কেশরী, হরি

◈ **প্রত্যেক শব্দের ০২টি করে প্রতিশব্দ নির্ণয় করুন:** (প্রত্নতত্ত্ব অধিদপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর/উচ্চমান সহকারী)

ক) ঝোঁক = টান, প্রবণতা
খ) ঠাট্টা = বিদ্রুপ, পরিহাস
গ) নিত্য = সর্বদা, অহরহ

◈ **শব্দগুলোর সমার্থক শব্দ লিখুন: (২০১১-২০২৩)**

সূর্য, পানি, পদ্ম, চোখ, পৃথিবী, বাতাস, পাহাড়, মাটি, ঘোড়া, কৌমুদী, অগ্নি, কন্যা, জল, সহোদর, কোকিল, নীহার, তরঙ্গ, গুপ্ত, বিটপী, উদক, অর্যমা, ঈশ্বর, গঙ্গা, তপন, বিদ্যুৎ, নারী, রাজা, দেবতা, ঐক্য, অখিল, খড়্গ, প্রভঞ্জন, পুলিন,চুল, নদী, উত্তম, বন, স্বর্ণ, নিধি, গল্প (শব্দ গুলোর সমার্থক শব্দ অনুশীলন অংশে দেখুন)

CamScanner

201

ধ্বনি ও বর্ণ

✪ ভাষা কাকে বলে?

উত্তর: বাগযন্ত্রের দ্বারা উচ্চারিত অর্থবোধক ধ্বনির সাহায্যে মানুষের ভাব প্রকাশের মাধ্যমকে ভাষা বলে।/ মানুষের কণ্ঠনিঃসৃত বাক সংকেতের সংগঠনকে ভাষা বলে। ভাষা হলো বাক্যের সমষ্টি।

✪ ভাষার মূল উপকরণ কী? **উত্তর:** বাক্য

✪ ভাষার মূল উপাদান/ক্ষুদ্রতম উপাদান/ ক্ষুদ্রতম একক/ভাষার স্বর কোনটি? **উত্তর:** ধ্বনি

✪ ধ্বনি সৃষ্টিকারী বায়ুপ্রবাহের উৎস কী? **উত্তর:** ফুসফুস

✪ বাক্যের মৌলিক/মূল উপাদান/উপকরণ কী? **উত্তর:** শব্দ

✪ চলিত ভাষা রীতির প্রবর্তক কে? **উত্তর:** প্রমথ চৌধুরী

✪ সাধু ও চলিত ভাষার পার্থক্য হয় কোন কোন পদে বেশি হয়? **উত্তর:** ক্রিয়া ও সর্বনাম

✪ সাধু ও চলিত ভাষার ৪টি পার্থক্য লিখুন।

উত্তর: সাধু ও চলিত ভাষার পার্থক্য নিম্নরূপ:

সাধু ভাষা	চলিত ভাষা
সাধু ভাষার পদ বিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট	চলিত রীতি পরিবর্তনশীল
এ রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল	এ রীতি তদ্ভব শব্দবহুল
এ রীতি নাটকের সংলাপ ও বক্তৃতার অনুপযোগী	এ রীতি বক্তৃতা, আলাপ-আলোচনা ও নাট্যসংলাপের জন্য বেশ উপযোগী
এ রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদ এক বিশেষ গঠনপদ্ধতি মেনে চলে	এ রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদ পরিবর্তিত ও সহজতর রূপ লাভ করে

সাধু ও চলিত শব্দ পরিবর্তন

সাধু	চলতি	সাধু	চলিত	সাধু	চলিত
ইহা	এ, এটা	মস্তক	মাথা	করিয়াছি	করছি
ইহার	এর	জুতা	জুতো	চলিয়াছি	চলেছি
ইহারা	এরা	তুলা	তুলো	করিতেছে	করছে
ইহাকে	একে	শুষ্ক/শুকনা	শুকনো	করিতেছ	করছ
ইহাদিগের	এদের	বন্য	বুনো	করিতেছিল	করছিল
যাহা	যা	পূর্বেই	আগেই	করিলাম	করলাম
যাহাকে	যাকে	সহিত/সহ	সঙ্গে,সাথে	দেখিলাম	দেখলাম
যাহার	যার	চর্মকার	চামার	পড়িল	পড়ল
যাঁহাদের	যাঁদের	হস্ত	হাত	যাইয়া	গিয়ে/গিয়ে
যাঁহাদিগকে	যাঁদের	দধি	দই	করিবার	করবার, করার
উহা	ও	ব্যাঘ্র	বাঘ	যাইতেছি	যাচ্ছি
উহার	ওর	বধূ	বউ	খাইতেছি	খাচ্ছি
উহারা	ওরা	অদ্য	আজ	লিখালিখি	লেখালেখি
উহাদের	ওদের	তথাপি	তবুও	শুনিলো	শুনলো
তাহাকে	তাকে	যদ্যপি	যদি	বলিয়াছ	বলেছ

CamScanner

202

ধ্বনি ও বর্ণ

✪ ভাষা কাকে বলে?

উত্তরঃ বাগযন্ত্রের দ্বারা উচ্চারিত অর্থবোধক ধ্বনির সাহায্যে মানুষের ভাব প্রকাশের মাধ্যমকে ভাষা বলে।// মানুষের কণ্ঠনিঃসৃত বাক সংকেতের সংগঠনকে ভাষা বলে। ভাষা হলো বাক্যের সমষ্টি।

✪ ভাষার মূল উপকরণ কী? **উত্তরঃ** বাক্য

✪ ভাষার মূল উপাদান/ক্ষুদ্রতম উপাদান/ ক্ষুদ্রতম একক/ভাষার স্বর কোনটি? **উত্তরঃ** ধ্বনি

✪ ধ্বনি সৃষ্টিকারী বায়ুপ্রবাহের উৎস কী? **উত্তরঃ** ফুসফুস

✪ বাক্যের মৌলিক/মূল উপাদান/উপকরণ কী? **উত্তরঃ** শব্দ

✪ চলিত ভাষা রীতির প্রবর্তক কে? **উত্তরঃ** প্রমথ চৌধুরী

✪ সাধু ও চলিত ভাষার পার্থক্য হয় কোন কোন পদে বেশি হয়? **উত্তরঃ** ক্রিয়া ও সর্বনাম

✪ সাধু ও চলিত ভাষার ৪টি পার্থক্য লিখুন।

উত্তরঃ সাধু ও চলিত ভাষার পার্থক্য নিম্নরূপঃ

সাধু ভাষা	চলিত ভাষা
সাধু ভাষার পদ বিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট	চলিত রীতি পরিবর্তনশীল
এ রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল	এ রীতি তদ্ভব শব্দবহুল
এ রীতি নাটকের সংলাপ ও বক্তৃতার অনুপযোগী	এ রীতি বক্তৃতা, আলাপ-আলোচনা ও নাট্যসংলাপের জন্য বেশ উপযোগী
এ রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদ এক বিশেষ গঠনপদ্ধতি মেনে চলে	এ রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদ পরিবর্তিত ও সহজতর রূপ লাভ করে

সাধু ও চলিত শব্দ পরিবর্তন

সাধু	চলতি	সাধু	চলিত	সাধু	চলিত
ইহা	এ, এটা	মস্তক	মাথা	করিয়াছি	করছি
ইহার	এর	জুতা	জুতো	চলিয়াছি	চলেছি
ইহারা	এরা	তুলা	তুলো	করিতেছে	করছে
ইহাকে	একে	শুষ্ক/শুকনা	শুকনো	করিতেছ	করছ
ইহাদিগের	এদের	বন্য	বুনো	করিতেছিল	করছিল
যাহা	যা	পূর্বেই	আগেই	করিলাম	করলাম
যাহাকে	যাকে	সহিত/সহ	সঙ্গে,সাথে	দেখিলাম	দেখলাম
যাহার	যার	চর্মকার	চামার	পড়িল	পড়ল
যাঁহাদের	যাঁদের	হস্ত	হাত	যাইয়া	গিয়ে/গিয়ে
যাঁহাদিগকে	যাঁদের	দধি	দই	করিবার	করবার, করার
উহা	ও	ব্যাঘ্র	বাঘ	যাইতেছি	যাচ্ছি
উহার	ওর	বধূ	বউ	খাইতেছি	খাচ্ছি
উহারা	ওরা	অদ্য	আজ	লিখালিখি	লেখালেখি
উহাদের	ওদের	তথাপি	তবুও	শুনিলো	শুনলো
তাহাকে	তাকে	যদ্যপি	যদি	বলিয়াছ	বলেছ

CamScanner

203

তাঁহাকে	তাঁকে		অদ্যাপি	আজ		পার হইয়া	পেরিয়ে
তাহারা	তারা		বিহনে	বিনে		আসিয়া	এসে
তাহার/তাঁহার	তার/তাঁর		দিয়া/ দ্বারা	দিয়ে		দেখিয়া	দেখে
তাহাদিগজে	তাদের		মূল্য	মূল্যে		ভাঙিয়া	ভেঙে
আমাদিগকে	আমাদের		ভিতর	ভেতর		করিয়া	করে
কাহাদের	কাদের		বাহিরে	বাইরে		ফুটিয়া	ফুটে
তিনি	সে		প্রাতে	সকালে		বলিয়া	বলে
এই	এ		গৃহ	ঘর		হাসিয়া	হেসে
			পূজা	পূজো		বলিয়া	বলে
দাহ	পোড়ানো		জ্যোৎস্না	জোছনা		চলিতে	চলতে
বশবর্তী	বশে		সতিশয়	অত্যন্ত		বলিতে	বলতে
ক্রোধ	রাগ		অপেক্ষা	চেয়ে		পড়িতে	পড়তে
ক্ষণ্ন	আঘাত		জন্য	জন্যে		শুনিতে	শুনতে
অবতরণ	নামা		মৎস	মাছ		লিখে	লেখে
কর্ম	কাজ		নাই	নি		লিখা	লেখা
ইইল	হল,হলো		কহে	কয়		ছুটে	ছোটে
হইয়া	হয়ে		নহে	নয়		হইবে	হবে
						কহিলেন	বললেন

✪ ব্যাকরণ শব্দের অর্থ কী?
উত্তর: বিশেষভাবে বিশ্লেষণ

✪ ব্যাকরণ শব্দের ব্যুৎপত্তিগত রূপ কী?
উত্তর: বি + আ + কৃ + অন

✪ ভাষার মৌলিক অংশ কয়টি?
উত্তর: ৪টি (ধ্বনি, শব্দ, বাক্য এবং অর্থ)

✪ ব্যাকরণে প্রধানত কয়টি বিষয় নিয়ে আলোচনা করে?
উত্তর: ৪টি (ধ্বনিতত্ত্ব, শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব বা পদক্রম, অর্থতত্ত্ব)

✪ **ধ্বনি কাকে বলে?**
উত্তর: মানুষের বাক্ প্রত্যঙ্গ এর সাহায্যে উচ্চারিত আওয়াজকে ধ্বনি বলে।

✪ **বর্ণ কাকে বলে?**
উত্তর: ধ্বনি নির্দেশক চিহ্নকে বলা হয় বর্ণ।/ধ্বনির প্রতীককে বলা হয় বর্ণ।

✪ **বাংলা ভাষায় মৌলিক ধ্বনিগুলো কত প্রকার।**
উত্তর: ২ প্রকার। যথা, ক) স্বরধ্বনি খ) ব্যঞ্জনধ্বনি

✪ **স্বরধ্বনি কাকে বলে?**
উত্তর: যে সকল ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস তাড়িত বাতাস বেরিয়ে যেতে মুখবিবরের কোন প্রকার বাধা পায় না, তাদেরকে বলা হয় স্বরধ্বনি। যেমন, অ, আ, ই, উ ইত্যাদি।

✪ **ব্যঞ্জনধ্বনি কাকে বলে?**
উত্তর: যে সকল ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস তাড়িত বাতাস বেরিয়ে যেতে মুখবিবরের কোথাও কোনো প্রকার বাধা পায় কিংবা ঘর্ষণ লাগে, তাদেরকে বলা হয় ব্যঞ্জনধ্বনি। যেমন, ক, চ, ট, ত ইত্যাদি

CamScanner

204

✪ **স্বরবর্ণ কাকে বলে?**

উত্তর: স্বরধ্বনি দ্যোতক লিখিত সাংকেতিক চিহ্নকে বলা হয় স্বরবর্ণ। যেমন, অ, আ, ই, উ ইত্যাদি।

✪ **ব্যঞ্জনবর্ণ কাকে বলে?**

উত্তর: ব্যঞ্জনধ্বনি দ্যোতক লিখিত সাংকেতিক চিহ্নকে বলা হয় ব্যঞ্জনবর্ণ। যেমন, ক, চ, ট, ত ইত্যাদি।

✪ **বর্ণমালা কাকে বলে?**

উত্তর: যে কোন ভাষায় ব্যবহৃত লিখিত বর্ণসমষ্টিকে সে ভাষার বর্ণমালা বলা হয়।

✪ **বঙ্গলিপি কাকে বলে?**

উত্তর: যে বর্ণমালায় বাংলা ভাষা লিখিত হয়, তাকে বলা হয় বঙ্গলিপি।

✪ **বাংলা বর্ণমালায় মাত্রাহীন, অর্ধমাত্রা ও পূর্ণমাত্রার বর্ণ সংখ্যা কত?**

	মাত্রাহীন	অর্ধমাত্রা	পূর্ণমাত্রা
স্বরবর্ণ	এ, ঐ, ও, ঔ (৪টি)	ঋ (১টি)	অ, আ, ই, ঈ, উ, ঊ (৬টি)
ব্যঞ্জনবর্ণ	৬	৭	২৬
মোট	১০	৮	৩২

✪ **বাংলা ভাষায় কতটি মৌলিক ধ্বনি রয়েছে?** **উত্তর:** ৩৭টি।

✪ **মৌলিক স্বরধ্বনি কয়টি ও কী কী?** **উত্তর:** ৭টি। যথা: অ, আ, ই, উ, এ, অ্যা, ও

✪ **মৌলিক ব্যঞ্জনধ্বনি কয়টি?** **উত্তর:** ৩০টি।

✪ **বাংলা যৌগিক স্বরধ্বনি কয়টি?** **উত্তর:** ২৫টি

✪ **স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে?** **উত্তর:** কার

✪ **স্বরবর্ণের মোট কতটি সংক্ষিপ্ত রূপ রয়েছে? এবং এগুলোকে কী বলে? ও কী কী?**

উত্তর: স্বরবর্ণের মোট ১০টি সংক্ষিপ্ত রূপ রয়েছে. এগুলোকে কারবর্ণ বলে। [া, ি, ী, ু, ূ, ৃ, ে, ৈ, ো, ৌ]

✪ **কোনবর্ণের স্বতন্ত্র ব্যবহার নেই?** **উত্তর:** কারবর্ণের সংক্ষিপ্ত ব্যবহার নেই।

✪ **ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে?** **উত্তর:** ফলা

✪ **ব্যঞ্জনবর্ণের বিকল্প রূপের নাম কী?**

উত্তর: ব্যঞ্জনবর্ণের বিকল্প রূপের নাম অনুবর্ণ। অনুবর্ণের মধ্যে রয়েছে ফলা, রেফ ও বর্ণসংক্ষেপ।

✪ **র-এর একটি অনুবর্ণ কী?** **উত্তর:** র-এর একটি অনুবর্ণ রেফ(র্)।

✪ **বর্ণসংক্ষেপ কী?**

উত্তর: যুক্তবর্ণ লিখতে অনেক সময়ে বর্ণকে সংক্ষেপ করার প্রয়োজন হয়। এগুলো বর্ণসংক্ষেপ

✪ **ত- এর বর্ণসংক্ষেপ কী?** **উত্তর:** ত-এর একটি বর্ণসংক্ষেপ ৎ।

✪ যুক্তবর্ণ দুই রকম: স্বচ্ছ ও অস্বচ্ছ।

স্বচ্ছ যুক্তবর্ণ : ষ্ট, জ্জ, দ্ব, স্ট ইত্যাদি। (যুক্ত হওয়া বর্ণগুলোকে দেখে সহজেই চেনা যায়)

অস্বচ্ছ যুক্তবর্ণ : ক্ষ, ঞ্চ, হ্ন, হ্ম ইত্যাদি। (যুক্ত হওয়া বর্ণগুলোকে সহজে চেনা যায় না।)

কিছু সংযুক্ত বর্ণ

ক্ষ = ক+ষ	জ্ঞ = জ+ঞ	গ্ণ = ঞ+জ	ঞ্চ = ঞ+চ	ঞ্ছ = ঞ+ছ
হ্ন = হ+ন	হ্ণ = হ+ণ	হ্ম = হ+ম	ষ্ণ = ষ+ণ	শ্রু = শ+র্+উ
থ্ব = ত+থ	স্থ = স+থ	রু = র+উ	রূ = র+ঊ	হ্ব = হ+ঋ

✪ **পরাশ্রয়ী বর্ণ কয়টি ও কী কী?** **উত্তর:** ৩টি। যথা: ৎ, ঃ, ঁ

✪ **বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক বর্ণ কয়টি?** **উত্তর:** ২টি। যথা: ঐ এবং ঔ

CamScanner

205

✪ অন্তস্থ ধ্বনি কয়টি ও কী কী? **উত্তর:** ৪টি। যথা: য,র, ল, ব

✪ দন্তবর্ণ কয়টি ও কী কী? **উত্তর:** ৫টি, যথা: ত, থ, দ, ধ, ন

✪ নাসিক্য বর্ণ কয়টি ও কী কী? উত্তর: ৭টি, যথা: ঙ, ঞ, ণ, ন, ম, ং, ঁ

✪ বাংলাভাষায় সংখ্যা বর্ণ কয়টি ও কী কী?

উত্তর: বাংলা ভাষায় সংখ্যা নির্দেশের জন্য দশটি সংখ্যাবর্ণ রয়েছে। যথা: ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ০।

✪ পদাশ্রিত নির্দেশক কাকে বলে?

উত্তর: কয়েকটি অব্যয় বা প্রত্যয় কোন না কোন পদের আশ্রয়ে বা পরে সংযুক্ত হয়ে নির্দিষ্টতা জ্ঞাপন করে, এগুলোকে পদাশ্রিত অব্যয় বা পদাশ্রিত নির্দেশক বলে। যেমন, টি, টা, গুলি, গুলো ইত্যাদি।

বাক্য

✪ বাক্য কাকে বলে?

উত্তর: যে সুবিন্যস্ত পদসমষ্টি দ্বারা কোনো বিষয়ে বক্তার মনোভাব সম্পূর্ণরূপে প্রকাশিত হয়, তাকে বাক্য বলে। যেমন: আমরা বাংলাদেশে বাস করি।

✪ বাক্যের গুণ কয়টি ও কী কী? **উত্তর:** ৩টি (আকাঙ্ক্ষা, আসত্তি, যোগ্যতা)

✪ প্রতিটি বাক্যে কয়টি অংশ থাকে ও কী কী? **উত্তর:** ২টি। যথা: উদ্দেশ্য ও বিধেয়

✪ গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী উদাহরণসহ সংজ্ঞা লিখ।

উত্তর: গঠন অনুসারে বাক্য ৩ প্রকার। যথা:

ক) সরল বাক্য: যে বাক্যে একটিমাত্র কর্তা এবং একটিমাত্র সমাপিকা ক্রিয়া থাকে, তাকে সরল বাক্য বলে। **উদাহরণঃ** আমি বহু কষ্টে শিক্ষা লাভ করেছি।

খ) মিশ্র বা জটিল বাক্য: যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্যের এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষ ভাবে ব্যবহৃত হয়, তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। **উদাহরণঃ** যে পরিশ্রম করে, সে-ই সুখ লাভ করে।

গ) যৌগিক বাক্য: পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে। **উদাহরণঃ** তার বয়স হয়েছে, কিন্তু বুদ্ধি হয়নি।

শব্দ ও পদ

✪ শব্দ কাকে বলে?

উত্তর: এক বা একাধিক ধ্বনি বা বর্ণ মিলে কোনো অর্থ প্রকাশ করলে তাকে শব্দ বলে।

শব্দের শ্রেণী বিভাগ:

- গঠনমূলক ভাবে শব্দ ২ প্রকার। যথা: ক) মৌলিক শব্দ খ) সাধিত শব্দ
- অর্থমূলক ভাবে শব্দ ৩ প্রকার। যথা: ক) যৌগিক শব্দ খ) রূঢ়ি শব্দ গ) যোগরূঢ় শব্দ
- উৎসমূলক ভাবে শব্দ ৫ প্রকার। যথা: ক) তৎসম খ) অর্ধ-তৎসম গ) তদ্ভব গ) দেশী ও ঙ) বিদেশী
- উৎস বিবেচনায় বাংলা শব্দভাণ্ডারকে চার শ্রেণিতে বিভক্ত। (বাংলা ভাষার ব্যাকরণ/শিক্ষাবর্ষ-২০২১)
  যথা: ক) তৎসম খ) তদ্ভব গ) দেশী ও ঘ) বিদেশী
- পদ বিবেচনায় শব্দ বা পদ আট প্রকার। যথা: ক) বিশেষ্য খ) সর্বনাম গ) বিশেষণ ঘ) ক্রিয়া ঙ) ক্রিয়াবিশেষণ চ) অনুসর্গ ছ) যোজক ও জ) আবেগ

[এটি মূলত ইংরেজি Parts of Speech এর প্রকারভেদ গুলোই]

CamScanner

206

বাংলা ভাষার শব্দ ভাণ্ডার

তৎসম শব্দ		চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভবন, ধর্ম, পাত্র, মানুষ্য, পৃথিবী, আকাশ, গ্রহ, বৃক্ষ,অধ্যাদেশ, গণপ্রজাতন্ত্রী, মহাপরিচালক, সচিবালয় ইত্যাদি
অর্ধ-তৎসম শব্দ		জ্যোছনা, ছেরাদ্দ, গিন্নী, বোষ্টম, কুচ্ছিত ইত্যাদি
তদ্ভব শব্দ/ খাঁটি বাংলা শব্দ		হাত, চামার, মা ইত্যাদি
দেশী		কুড়ি, পেট, চুলা, কুলা, গঞ্জ, চোঙ্গা, ডাব, ডাগর, ঢেঁকি, টোপর ইত্যাদি
বিদেশী শব্দ	আরবি	আল্লাহ, গোসল, আদালত, উকিল, এজলাস, কলম, কিতাব, বাকি, গায়েব, হালাল, হারাম, হজ, জাকাত, ঈদ, নগদ, তুফান ইত্যাদি
	ফারসি	গুনাহ, নামায, ফেরেশতা, কারখানা, চশমা, তারিখ, দরবার, দোকান, নালিশ, বেগম, আমদানি, রফতানি, নমুনা, তোশক, জানায়োর, রোজা, দোজখ, দারোগা ইত্যাদি
	ইংরেজি	কলেজ, ইউনিয়ন, নভেল, নোট, স্কুল, বোতল, চেয়ার, টেবিল ইত্যাদি
	পর্তুগিজ	আনারস, আলপিন, আলমারি, গির্জা, গুদাম, চাবি, পাউরুটি, পাদ্রি, বালতি, সাবান, পেয়ারা ইত্যাদি
	ফরাসি	কার্তুজ, কুপন, ডিপো, রেস্তোরাঁ, আঁতেল ইত্যাদি
	ওলন্দাজ	ইস্কাপন, টেক্কা, তুরুপ, রুইতন, হরতন ইত্যাদি
	গুজরাটি	খদ্দর, হরতাল ইত্যাদি
	পাঞ্জাবি	চাহিদা, শিখ ইত্যাদি
	তুর্কি	চাকর, চাকু, তোপ, দারোগা, বাবা ইত্যাদি
	চীনা	চা, চিনি, সাম্পান ইত্যাদি
	মায়ানমার	ফুঙ্গি, লুঙ্গি ইত্যাদি
	জাপানি	রিক্সা, হারিকিরি ইত্যাদি
	হিন্দি	পানি, ধোলাই, লাগাতার, সমঝোতা, হালুয়া ইত্যাদি।

গুরুচণ্ডালী দোষ বলতে কী বোঝায়/ কখন সৃষ্টি হয়?

উত্তর: তৎসম শব্দের সঙ্গে দেশীয় শব্দের একত্র ব্যবহার গুরুচণ্ডালী দোষ সৃষ্টি করে। যেমন, গরুর শকট, শবপোড়া, মড়াদাহ প্রভৃতি গুরুচণ্ডালী দোষে দুষ্ট। এদের শুদ্ধ রূপ: গরুর গাড়ি, শবদাহ, মড়াপোড়া।

নির্দেশক কাকে বলে?

উত্তর: যেসব শব্দাংশ পদের সঙ্গে যুক্ত হয়ে পদকে নির্দিষ্ট করে, সেগুলোকে নির্দেশক বলে। যেমন: লোকটি, এখানে টি হলো নির্দেশকের উদাহরণ।

বলক কাকে বলে?

উত্তর: যেসব শব্দাংশ পদের সঙ্গে যুক্ত হলে বক্তব্য জোরালো হয়, সেগুলোকে বলক বলে। 'তখনই' বা 'এখনও' পদের 'ই' বা 'ও' হলো বলকের উদাহরণ।

প্রাতিপদিক কাকে বলে?

উত্তর: বিভক্তিহীন নাম শব্দকে প্রাতিপদিক বলে।

শব্দ ও পদের মধ্যকার পার্থক্য

শব্দ	পদ
প্রতিটি জনগোষ্ঠীর নিজস্ব শব্দভান্ডার থাকে। সাধারণত অভিধানে তা সংকলিত হয়।	শব্দ যখন বাক্যে স্থান পায়, তখন তার নাম হয় পদ।
অভিধানের শব্দগুলো বিচ্ছিন্ন ও পরস্পর সম্পর্কহীন।	বাক্যের মধ্যে পদগুলো পরস্পরের সঙ্গে সম্পর্কযুক্ত।
শব্দের অংশ উপসর্গ ও প্রত্যয়।	পদের অংশ বিভক্তি, নির্দেশক, বচন ও বলক।
গঠনগতভাবে শব্দ দুই শ্রেণির: মূল শব্দ ও সাধিত শব্দ।	গঠনগতভাবে পদ দুই রকমের: অলগ্নক পদ ও সলগ্নক পদ।
শব্দ শুধু রূপতত্ত্বের আলোচ্য।	পদ একইসঙ্গে রূপতত্ত্ব ও বাক্যতত্ত্বের আলোচ্য।

CamScanner

207

✪ পদ কাকে বলে?
উত্তর: বাক্যে ব্যবহৃত প্রত্যেকটি শব্দকে পদ বলে।

✪ পদ কত প্রকার?
উত্তর: ৫ প্রকার(বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয়, ক্রিয়া)

✪ ক্রিয়াপদ কাকে বলে?
উত্তর: যে পদের দ্বারা কোনো কার্য সম্পাদন করা বোঝায়, তাকে ক্রিয়াপদ বলে।

➢ ভাব প্রকাশের দিক দিয়ে ক্রিয়াপদ কত প্রকার?
উত্তর: ২ প্রকার। যথা: ক) সমাপিকা ক্রিয়া খ) অসমাপিকা ক্রিয়া

ণত্ব ও ষত্ব বিধান

✪ ণত্ব বিধান বলতে কী বোঝায়?
উত্তর: তৎসম শব্দের বানানে ণ-এর সঠিক ব্যবহারের নিয়মই ণত্ব বিধান।

✪ ণ-ত্ব বিধানের ৫টি সূত্র লিখুন।
উত্তর:
১. ট-বর্গীয় ধ্বনির আগে দন্ত্য ন ব্যবহৃত হয়ে যুক্ত ব্যঞ্জন গঠিত হলে, সব সময় মূর্ধন্য হয়। যেমন- ঘণ্টা, কাণ্ড ইত্যাদি।
২. ঋ, র, ষ এর পরে মূর্ধন্য হয়। যেমন- তৃণ, ঋণ, বর্ণনা ইত্যাদি।
৩. ঋ, র, ষ এর পরে স্বরধ্বনি, ষ য় ব হ ং এবং ক-বর্গীয় ও প-বর্গীয় ধ্বনি থাকলে পরবর্তী ন মূর্ধন্য হয়। যেমন- কৃপণ, হরিণ, অর্পণ ইত্যাদি।
৪. বিদেশি শব্দে মূর্ধন্য ব্যবহার হবে না। যেমন- কর্নেল
৫. কতকগুলো শব্দে স্বভাবতই ণ হয়। যেমন- চাণক্য, মাণিক্য, বণিক, পণ ইত্যাদি।

✪ ষ-ত্ব বিধান বলতে কী বোঝায়?
উত্তর: তৎসম শব্দের বানানে 'ষ' এর ব্যবহারের নিয়মকে ষ-ত্ব বিধান বলে।

✪ ষ-ত্ব বিধানের ৫টি নিয়ম লিখুন।
উত্তর:
১. অ, আ ভিন্ন অন্য স্বরধ্বনির এবং ক ও র-এর পরের ষ- প্রত্যয়ের স থাকলে তা ষ হয়। যেমন- ভবিষ্যৎ, মুমূর্ষু ইত্যাদি।
২. ই-কারান্ত এবং উ-কারান্ত উপসর্গের পর কতকগুলো ধাতুতে ষ হয়। যেমন- অভিষেক, প্রতিষেধক, প্রতিষ্ঠান ইত্যাদি।
৩. ঋ-কার ও র- এর পর ষ হয়। যেমন- ঋষি, কৃষক, তৃষ্ণা ইত্যাদি।
৪. ট ও ঠ এর সঙ্গে যুক্ত হলে দন্ত্য-স না হয়ে মূর্ধন্য ষ হয়। কষ্ট, স্পষ্ট, নষ্ট ইত্যাদি।
৫. কতকগুলো শব্দে স্বভাবতই মূর্ধন্য ষ হয়। যেমন- আষাঢ়, আভাষ, শোষণ, পৌষ ইত্যাদি।

✪ বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের কয়েকটি নিয়ম:

ক) যেসব তৎসম শব্দে ই ঈ বা উ ঊ উভয় শুদ্ধ কেবল সেসব শব্দে ই বা উ এবং তার কারচিহ্ন ি ু হবে। যেমন: শ্রেণি, সূচিপত্র, পদবি ইত্যাদি।

খ) রেফের পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হবে না। যেমন: সূর্য, কর্ম, কার্য ইত্যাদি।

গ) অতৎসম শব্দের বানানে ণ ব্যবহার হবে না। যেমন: কান, গভর্নর, ধরন, রানি ইত্যাদি।

ঘ) সমাসবদ্ধ শব্দগুলি যথাসম্ভব একসঙ্গে লিখিতে হবে। যেমন: সংবাদপত্র, পিতাপুত্র, রবিবার, পূর্বপরিচিত ইত্যাদি।

ঙ বিশেষণ পদ সাধারণভাবে পরবর্তী পদের সঙ্গে যুক্ত হবে না। যেমন: ভালো দিন, লাল গোলাপ, সুন্দরী মেয়ে ইত্যাদি।

চ) বিদেশি শব্দের ক্ষেত্রে 'ষ' ব্যবহারের প্রয়োজন নেই। যেমন: পোশাক, স্টেশন, স্টুডিয়ো ইত্যাদি।

CamScanner

208

উপসর্গ

উপসর্গ কাকে বলে?

উত্তর: শব্দ বা ধাতুর পূর্বে কতিপয় সুনির্দিষ্ট অব্যয় জাতীয় শব্দাংশ যুক্ত হয়ে সাধিত শব্দে অর্থের পরিবর্তন, সম্প্রসারণ বা সংকোচন ঘটিয়ে থাকে। এগুলোকে বলা হয় উপসর্গ (Prefix). যেমন, প, পরা, পরি, নির ইত্যাদি।

বাংলা ভাষায় উপসর্গ কত প্রকার?

উত্তর: ৩ প্রকার। যথা: বাংলা উপসর্গ (অ, অঘা, অজ ইত্যাদি), তৎসম উপসর্গ (প্র, পরা, অপ, সম, নি ইত্যাদি), বিদেশি উপসর্গ (ফুল, নিম, ফি, হা ইত্যাদি)।

বাংলা ও তৎসম উপসর্গ কয়টি? **উত্তর:** বাংলা উপসর্গ ২১ টি এবং তৎসম উপসর্গ ২০ টি।

ক্রিয়াপদের মূল অংশকে কী বলে? **উত্তর:** ধাতু

উপসর্গের সঙ্গে প্রত্যয়ের পার্থক্য লিখুন:

উত্তর: উপসর্গ শব্দের সামনে বসে, প্রত্যয় শব্দের পরে বসে।

পুরুষ ও স্ত্রীবাচক শব্দ

নিত্য পুরুষবাচক কয়েকটি শব্দ লিখুন।

উত্তর: কবিরাজ, ঢাকী, কৃতদার, অকৃতদার, যোদ্ধা, দলপতি, রাষ্ট্রপতি ইত্যাদি।

নিত্য স্ত্রীবাচক কয়েকটি শব্দ লিখুন।

উত্তর: সতীন, সৎমা, সধবা, অর্ধাঙ্গিনী, কুলটা, বিধবা, অসূর্যম্পশ্যা ইত্যাদি

পুরুষবাচক শব্দ	স্ত্রীবাচক শব্দ
নন্দাই	ননদ
দেওর	জা/ননদ
বামন	বামনী
ভেড়া	ভেড়ী
কামার	কামারনী
জেলে	জেলেনী
কুমার	কুমারনী
ধোপা	ধোপানী
মজুর	মজুরনী
ভিখারি	ভিখারিনী
অভিসারী	অভিসারিণী
ঠাকুর	ঠাকুরানী/ঠাকরুন
নাপিত	নাপিতানী
চাকর	চাকরানী
কাঙাল	কাঙালিনী
গোয়ালা	গোয়ালিনী
বাঘ	বাঘিনী
অভাগা	অভাগী/অভাগিনী
ননদাই	ননদিনী/ননদী
পুরুষ লোক	মেয়েলোক/স্ত্রীলোক
এঁড়ে বাছুর	বকনা বাছুর

পুরুষবাচক শব্দ	স্ত্রীবাচক শব্দ
বলদ গরু	গাই গরু
কবি	মহিলা কবি
ডাক্তার	মহিলা ডাক্তার
সভ্য	মহিলা সভ্য
কর্মী	মহিলা কর্মী
শিল্পী	মহিলা/নারী শিল্পী
সৈন্য	নারী/মহিলা সৈন্য
পুলিশ	মহিলা পুলিশ
কর্তা	গিন্নী
সাহেব	বিবি
জামাই	মেয়ে
বর	কনে
দুলহা	দুলাইন/দুলহিন
তাঐ	মাঐ
বাদশা	বেগম
শুক	সারী
মৃত	মৃতা
বিবাহিত	বিবাহিতা
মাননীয়	মাননীয়া
বৃদ্ধ	বৃদ্ধা
প্রিয়	প্রিয়া

পুরুষবাচক শব্দ	স্ত্রীবাচক শব্দ
প্রথম	প্রথমা
কনিষ্ঠ	কনিষ্ঠা
মলিন	মলিনা
অজ	অজা
কোকিল	কোকিলা
শিষ্য	শিষ্যা
ক্ষত্রিয়	ক্ষত্রিয়া
শূদ্র	শূদ্রা
নিশাচর	নিশাচরী
ভয়ংকর	ভয়ংকরী
রজক	রজকী
কিশোর	কিশোরী
সুন্দর	সুন্দরী
চতুর্দশ	চতুর্দশী
ষোড়শ	ষোড়শী
সিংহ	সিংহী
ব্রাহ্মণ	ব্রাহ্মণী
মানব	মানবী
বৈষ্ণব	বৈষ্ণবী
কুমার	কুমারী
ময়ূর	ময়ূরী

Forma 14/A

CamScanner

209

পুরুষবাচক শব্দ	স্ত্রীবাচক শব্দ
সেবক	সেবিকা
নায়ক	নায়িকা
বালক	বালিকা
অধ্যাপক	অধ্যাপিকা
গণক	গণকী
নর্তক	নর্তকী
চাতক	চাতকী
রজক	রজকী/রজকিনী
নাটক	নাটিকা
মালা	মালিকা
গীত	গীতিকা
পুস্তক	পুস্তিকা
শূদ্র	শূদ্রা/শূদ্রানী
ক্ষত্রিয়	ক্ষত্রিয়া/ক্ষত্রিয়ানী
অরণ্য	অরণ্যানী
হিম	হিমানী
মায়াবী	মায়াবিনী
কুহক	কুহকিনী
যোগী	যোগিনী
মেধাবী	মেধাবিনী
দুঃখী	দুঃখিনী
নেতা	নেত্রী
কর্তা	কর্ত্রী
শ্রোতা	শ্রোত্রী

পুরুষবাচক শব্দ	স্ত্রীবাচক শব্দ
ধাতা	ধাত্রী
সৎ	সতী
মহৎ	মহতী
গুণবান	গুণবতী
রূপবান	রূপবতী
শ্রীমান	শ্রীমতী
বুদ্ধিমান	বুদ্ধিমতী
গরীয়ান	গরিয়সী
সম্রাট	সম্রাজ্ঞী
রাজা	রানি/রাজ্ঞী
যুবক	যুবতী
শ্বশুর	শ্বশ্রূ
নর	নারী
বন্ধু	বান্ধবী
শিক্ষক	শিক্ষয়িত্রী/শিক্ষিকা
পতি	পত্নী
সভাপতি	সভানেত্রী
খান	খানম
মরদ	জেনানা
মালেক	মালেকা
মুহতারিম	মুহতারিমা
মৎস্য	মৎসী
গো	গবী
মনুষ্য	মনুষী

পুরুষবাচক শব্দ	স্ত্রীবাচক শব্দ
মানুষ	মানুষী
বিধাতা	বিধাত্রী
গৃহস্বামী	গৃহস্বামিনী
হুলো বিড়াল	মাদি বিড়াল
সভ্য	মহিলা সভ্য
অরণ্য	অরণ্যানী
দুলহা	দুলাইন
মলিন	মলিনা
ব্রহ্মা	ব্রহ্মাণী
ভাহুক	ভাহুকী
ঋষি	ঋষিকা
সুলতান	সুলতানা
সুন্দর বালক	সুন্দর বালিকা
সুন্দর ছেলে	সুন্দর মেয়ে
পাগল ছেলে	পাগল মেয়ে
ঘোষ	ঘোষজা/ ঘোষজায়া
স্থূল	স্থূলী
হিম	হিমানী
তপস্বী	তপস্বিনী
ধনী	ধনিনী
মায়াবী	মায়াবিনী
গুণী	গুণিনী
ঘট	ঘটি

বচন

বচন অর্থ কী? **উত্তর:** সংখ্যার ধারণা

বচন কাকে বলে? **উত্তর:** ব্যাকরণে বিশেষ্য বা সর্বনামের সংখ্যাগত ধারণা প্রকাশের উপায়কে বচন বলে।

একবচন	বহুবচন
নর	নরগণ
জন	জনগণ
দেব	দেবগণ
সুধী	সধীবন্দ
ভক্ত	ভক্তবৃন্দ
শিক্ষক	শিক্ষকবৃন্দ/ শিক্ষকমণ্ডলী/শিক্ষকেরা
সম্পাদক	সম্পাদকমণ্ডলী
পণ্ডিত	পণ্ডিতবর্গ
মন্ত্রী	মন্ত্রিবর্গ

একবচন	বহুবচন
পক্ষী	পক্ষীকুল
বৃক্ষ	বৃক্ষকুল/ বৃক্ষসমূহ
কবি	কবিকুল
পর্বত	পর্বতসকল
মনুষ্য	মনুষ্যসকল/ মনুষ্যসমূহ
পাখি	পাখিসব
পুস্তক	পুস্তকাবলি
কবিতা	কবিতাগুচ্ছ
কুসুম	কুসুমদাম
কমল	কমলনিকর

একবচন	বহুবচন
মেঘ	মেঘপুঞ্জ/ মেঘমালা
পর্বত	পর্বতমালা
তারকা	তারকারাজি
জল	জলরাশি
বালি	বালিরাশি
কুসুম	কুসুমনিচয়
হস্তি	হস্তিযূথ
সাহেব	সাহেবান
আমি	আমরা

CamScanner

210

ক্রিয়ার কাল

ক্রিয়ার কাল কাকে বলে?

উত্তরঃ ক্রিয়া বর্তমানে, অতীতে বা ভবিষ্যতে সম্পন্ন হওয়ার সময় নির্দেশই ক্রিয়ার কাল।

ক্রিয়ার কাল কত প্রকার? প্রত্যেক প্রকারের উদাহরণ দিন।

উত্তরঃ ক্রিয়ার কাল তিন প্রকারঃ

ক) বর্তমান কাল। উদাহরণঃ সে মাঠে কাজ করে।

খ) অতীত কাল। উদাহরণঃ আমি গতকাল ঢাকা গিয়েছিলাম।

গ) ভবিষ্যৎ কাল। উদাহরণঃ বাবা আগামীকাল বাড়ি আসবে।

উক্তি ও বাচ্য

উক্তি কাকে বলে?

উত্তরঃ কোনো কথকের বাককর্মের নামই উক্তি। যেমন, তিনি বললেন, "বইটা আমার দরকার"।

উক্তি কত প্রকার ও কী কী? **উত্তরঃ** ২ প্রকার। যথা: প্রত্যক্ষ উক্তি ও পরোক্ষ উক্তি

বাচ্য কাকে বলে? **উত্তরঃ** বাক্যের বিভিন্ন ধরনের প্রকাশভঙ্গিকে বলা হয় বাচ্য।

বাচ্য কত প্রকার ও কী কী?

উত্তরঃ ৩ প্রকার। যথা: ক) কর্তৃবাচ্য খ) কর্মবাচ্য গ) ভাববাচ্য

প্রত্যক্ষ ও পরোক্ষ উক্তিতে সর্বনাম ও কালসূচক শব্দের রূপ

প্রত্যক্ষ	পরোক্ষ	প্রত্যক্ষ	পরোক্ষ
এই	সেই	আগামীকাল	পরদিন
ইহা	তাহা	গতকাল	আগের দিন
এ	সে	গতকল্য	পূর্বদিন
এখানে	সেখানে	এখন	তখন
ওখানে	ঐখানে	আজ	সেদিন

সমোচ্চারিত শব্দ

-অ-	
অংশ	ভাগ
অংশ্য	ভাগ করার উপযোগী
অংস	কাঁধ
অশ্ব	ঘোড়া
অশ্ম	পাথর
অনিল	বায়ু
অনীল	যা নীল নয়
অন্ন	খাদ্য
অন্য	অপর/ভিন্ন
অলিক	কপাল
অলীক	মিথ্যা

অর্ঘ	মূল্য
অর্ঘ্য	পূজার উপকরণ
অনু	পশ্চাৎ
অণু	বস্তুর ক্ষুদ্রতম অংশ
অবিরাম	ছেদহীন
অভিরাম	সুন্দর
অপচয়	ক্ষতি
অবচয়	চয়ন
অনুদিত	যা উদিত হয়নি
অনূদিত	ভাষান্তরিত
অন্ন	ভাত
অন্য	অপর

অন্যান্য	অপরাপর
অনন্য	একক
অকিঞ্চন	নিঃস্ব
আকিঞ্চন	দৈন্য
অকুল	হীন
অকূল	সমুদ্র/তীরহীন
অক্ষিব	সামুদ্রিক লবণ
অক্ষীব	শজনে গাছ
অখ্যাত	অপ্রসিদ্ধ
আখ্যাত	উল্লিখিত
অগ্র	সম্মুখ
অগ্র্য	শ্রেষ্ঠ

CamScanner

211

অঙ্ক	গণিত
অঙ্ক্য	মৃদঙ্গ
অচ্ছদ	অনাবৃত
অচ্ছোদ	স্বচ্ছ জলাশয়
অচ্ছন্ন	অবিভক্ত
আচ্ছন্ন	ঢাকা
অদিন	অশুভ দিন
অদীন	ধনী
অদৃষ্ট	ভাগ্য
অধৃষ্ট	অনুদ্ধত
অদ্বৈত	দ্বৈতহীন
অদ্বৈধ	দ্বিধাহীন
অধর্ম	পাপ
অধর্ম্য	ধর্মবিরুদ্ধ
অধীতি	অধ্যয়ন
অধীতী	অধ্যয়নকারী
অনিষ্ট	ক্ষতি
অনিষ্ঠ	নিষ্ঠাহীন
অনুপ	উপমাহীন
অনূপ	জলাশয়
অন্তঃস্থ	মাঝের
অন্তস্থ	শেষের
অন্ত্য	শেষ
অন্তঃ	ভিতর
অবদান	কৃতি
অবধান	জানা
অবিনীত	উদ্ধৃত
অভিনীত	অভিনয় করা
অবিহিত	অন্যায়
অভিহিত	কথিত
অপত্য	সন্তান
অপথ্য	কুপথ্য
-আ-	
আঁশ	তন্তু
আঁষ	আমিষ
আশা	আকাঙ্ক্ষা
আসা	আগমন
আবরণ	আচ্ছাদন
আভরণ	অলঙ্কার
আপণ	দোকান
আপন	নিজ
আসক্তি	অনুরাগ
আসত্তি	মিলন/ নৈকট্য
আসার	বৃষ্টি
আষাঢ়	বাংলা মাসের নাম
আদা	মসলাবিশেষ
আধা	অর্ধেক
আবৃতি	আবরণ
আবৃত্তি	কবিতাপাঠ/সশব্দে পাঠে
আধার	পাত্র
আঁধার	অন্ধকার
আশক্ত	শক্ত
আসক্ত	নেশাগ্রস্ত
আশিস	আশীর্বাদ
আশীষ	শীর্ষ পর্যন্ত
-ই- -উ-	
ইস্ত্রি	ধোপার যন্ত্র
স্ত্রী	রমণী
ঈহা	ইচ্ছা
ইহা	এটি
উপাদান	উপকরণ
উপাধান	বালিশ
উৎপত	পাখি
উৎপথ	বিপথ
উদ্দেশ	সন্ধান
উদ্দেশ্য	লক্ষ্য
উপধি	ছল
উপাধি	পদবি
উপনয়	আগমন
উপানয়	উপহার
উপযুক্ত	যোগ্য
উপর্যুক্ত	উপরিউক্ত
উপহার	পুরস্কার
উপাহার	জলযোগ
উদ্যত	প্রবৃত্ত
উদ্ধত	অবিনীত
ওষধি	ফল পাকলে যে গাছ মরে যায়
ঔষধি	ভেষজ উদ্ভিদ
-ক-	
কড়ি	টাকা
করী	হাতি
কপাল	ললাট
কপোল	গাল
কতক	কিছু
কথক	বক্তা
কটি	কোমর
কোটি	শত লক্ষ
কাঁটা	কণ্টক
কাটা	কর্তন
কাঁদা	কান্না
কাদা	পাঁক
কীর্তি	ভালো কাজ
কৃত্তি	বাঘছাল
কুল	বংশ
কূল	তীর
কমল	পদ্ম
কোমল	নরম
কুজন	খারাপ লোক
কূজন	পাখির রব
কাঁচা	অপক্ক
কাচা	ধোয়া
কুষ্ঠি	কোষ্ঠী
কুষ্ঠী	কুষ্ঠ রোগাক্রান্ত
কুট	পর্বত
কূট	জটিল
কতক	কিছুটা
কথক	বক্তা
-খ-	
খড়	তৃণ
খর	তীব্র
ক্ষর	ক্ষরণ
খরা	রেদ্র
ক্ষরা	ক্ষরণ
খুর	গরু/ ঘোড়ার পায়ের খুর
ক্ষুর	অস্ত্র বিশেষ
খুব	অনেক
ক্ষোভ	রাগ

CamScanner

212

-গ-	
গা	শরীর
গাঁ	গ্রাম
গড়	দুর্গ/ এক ধরনের
গর	হিসাব
ঘড়	না
	বাসগৃহ
..দা	স্তূপ
গাঁদা	ফুল বিশেষ
গাধা	গর্দভ
গণ্ডি	চৌহদ্দি
গণ্ডী	ধনুক
গর্ব	অহংকার
গর্ভ	উদর
গ্রন্থি	বন্ধন
গ্রন্থী	গ্রন্থকার
ঘ--	
ঘুড়ি	কাগজের খেলনা
ঘুড়ী	ঘোড়ার স্ত্রীলিঙ্গ
ঘূর্ণমান	যা ঘুরছে
ঘূণ্যমান	যাকে ঘোরানো হচ্ছে
ঘটক	যে ঘটায়
ঘোটক	ঘোড়া
-চ-	
চির	দীর্ঘ
চীর	ছিন্নবস্ত্র
চিড়	ফাটল
চারি	চার
চারী	বিচরণকারী
চিত্ত	মন
চিত্য	অগ্নি
চড়	চপেটাঘাত
চর	নদীর চর
চপল	অস্থির
চাপল	তরল
চর্চা	অনুশীলন
চর্যা	পালন
-জ- -ঝ-	
জোর	শক্তি
জোড়	যুগল

জড়	অচেতন
জ্বর	রোগ বিশেষ
জাতি	সম্প্রদায়
জাতী	ফুল বিশেষ
জল	পানি
জ্বল	দীপ্তি
জান	প্রাণ
যান	বাহন
জিভ	জিহ্বা
জীব	প্রাণী
জরা	বার্ধক্য
জড়া	জড়ানো
জ্যেষ্ঠ	অগ্রজ
জ্যৈষ্ঠ	মাস বিশেষ
জ্যোতি	আলো
যতি	বিরাম
জমক	সমারোহ
যমক	জোড়া
জানু	হাঁটু
ঝানু	পাকা
জিব	জিহ্বা
জীব	প্রাণী
জাল	নকল
জ্বাল	অগ্নিশিখা
জড়	প্রবল বাত্য
ঝর	ধারা
টিকা	রোগ নিরাময়ে বীজ
টীকা	প্রয়োগ সংক্ষিপ্ত ব্যাখ্যা
ঠক্	ধ্বনি
ঠগ	শঠ
ডাকা	আহ্বান করা
ঢাকা	আবৃত
ঢাক	বাদ্যযন্ত্র
ডাক	চিঠিপত্রের যোগাযোগ ব্যবস্থা
ঢাল	বর্ম ফলক
ডাল	শাখা
ঢেরা	কাটা দাগ
ডেরা	ছাউনি
-ত-	

তথ্য	সংবাদ
তত্ত্ব	গূঢ় অর্থ
তক	পর্যন্ত
ত্বক	গায়ের চামড়া
তরণী	নৌকা
তরুণী	যুবতী
তেজি	বেশি দাম
তেজী	বলবান
তারা	নক্ষত্র
তাড়া	তাড়না
ত্বরিত	দ্রুত
তড়িৎ	বিদ্যুৎ
তাঁত	কাপড় তৈরি যন্ত্র
তাত	গরম
তির	শর
তীর	কূল
-দ-	
দ্বীপ	জলবেষ্টিত স্থল
দ্বিপ	হস্তী
দীপ	প্রদীপ
দাঁড়ি	বিরাম চিহ্ন
দাঁড়ী	যে নৌকার দাঁড় টানে
দোধারি	দুই প্রান্ত
দোধারী	দুই দিকেই ধার
দূতী	সংবাদবাহিকা
দ্যুতি	আলো
দেরি	বিলম্ব
দেড়ী	বাড়তি
দোষ	অপরাধ
দোস	বাহু
দীপ্ত	উজ্জ্বল
দৃপ্ত	গর্বিত
-ধ- -ন-	
ধনি	সুন্দরী
ধনী	ধনশালী
ধ্বনি	শব্দ
ধরণ	ধরা
ধরন	প্রকার
নীর	জল

CamScanner

213

নীড়	পাখির বাসা
নাড়ী	ধমনী
নারী	মহিলা
নারি	পারি না
নির্জর	দেবতা
নির্ঝর	ঝরনা
নুড়ি	ছোট পাথর
নুরি	পাখি বিশেষ
নিহত	মৃত
নিহিত	গুপ্ত
নুন	লবণ
ন্যূন	কম, সামান্য
	-প- -ফ-
প্রকৃত	যথার্থ
প্রাকৃত	স্বাভাবিক
পরিচ্ছদ	পোশাক
পরিচ্ছেদ	অধ্যায়
পরভৃৎ	কাক
পরভৃত	কোকিল
পানি	জল
পাণি	হাত
পুত	পুত্র
পূত	পবিত্র
পদ্ম	কমল
পদ্য	কবিতা
পরিষদ	সভা
পারিষদ	সভ্য
পড়া	পাঠ করা
পরা	পরিধান করা
পরিদান	বদল
পরিধান	বস্ত্র
পাণি	হাত
পানি	জল
প্রকার	রকম
প্রাকার	প্রাচীর
ফী	বেতন
ফি	প্রত্যেক
	-ব- -ভ-
বর্শা	ধনুক
বর্ষা	বর্ষা ঋতু

বানি	পারিশ্রমিক
বাণী	বাক্য
বীজন	বাতাস দেওয়া
বিজন	নির্জন
বন্দি	বন্দনা করা
বন্দী	কয়েদি
বাজি	ভেলকি
বাজী	ঘোড়া
বাক	কথা
বাঁক	বাঁকা
বিশ	কুড়ি
বিষ	গরল
বীণা	বাদ্যযন্ত্র
বিনা	ব্যতীত
বাড়ি	ঘর
বারি	পানি
বা	অথবা
বাঁ	বাম
বাধা	বিঘ্ন
বাঁধা	বন্ধন
বাসি	টাটকা নয়
বাসী	বসবাসকারী
বেশি	অনেক
বেশী	বেশধারী
বিস্মৃত	যাহা মনে নাই
বিস্মিত	অবাক
বজ্র	বাজ
বর্জ্য	বর্জনীয়
ভান	দীপ্তি
ভাণ	ছল
ভাড়া	মাশুল
ভারা	উচ্চস্থানে কাজ করার মাচা
ভাষ	উক্তি
ভাস	দীপ্তি
	-ম-
মুখ	বদন
মূক	বোবা
মণ	চল্লিশ সের
মন	অন্তর

মরা	মৃত
মড়া	মৃতদেহ
মাস	ত্রিশ দিন
মাষ	মাষকলাই
মহিষ	মোষ
মহীশ	রাজা
মর্ত	পৃথিবী
মর্ত্য	পৃথিবী বিষয়ক
	-য- -হ-
যতি	বিরাম
জ্যোতি	আলো
যুগ	কাল
যোগ	মিলন
রসিত	আস্বাদিত
রসিদ	প্রাপ্তিস্বীকার পত্র
লক্ষ	লাখ, দৃষ্টি
লক্ষ্য	উদ্দেশ্য
শ্বশ্রু	শাশুড়ি
শ্মশ্রু	দাড়ি
শুক	টিয়াপাখি
শূক	শূঁয়া
শয্যা	বিছানা
সজ্জা	সাজ
শক্তি	ক্ষমতা
সক্তি	আসক্তি
শব	মৃতদেহ
সব	সমস্ত
শাদ	কচি ঘাস
স্বাদ	আস্বাদ
শারি	শালিক
সারি	শ্রেণি
সুত	পুত্র
সূত	জাত
সকল	সমস্ত
শকল	খণ্ড
সাক্ষর	অক্ষর জ্ঞান
স্বাক্ষর	সহি
সর্গ	অধ্যায়
স্বর্গ	অমরলোক
সজ্জা	পোশাক

CamScanner

214

শয্যা	বিছানা
শরণ	আশ্রয়
স্মরণ	স্মৃতি
সরণ	পথ
শিকড়	বৃক্ষের মূল
শীকর	জলকণা
শুচি	শুদ্ধ

সূচি	সূচিপত্র
শিল	পাথর
শীল	চরিত্র
শন	তৃণবিশেষ
সন	বৎসর
সত্ত্ব	গুণের নাম
স্বত্ব	অধিকার/মালিক

হাড়	অস্থি
হার	পরাজয়
হাফ	অর্ধ
হাঁফ	নিঃশ্বাস
হর্ম্য	কৃষক, হলধর, অট্টলিকা
হর্ম	হাই,/হাই তোলা

বিগত সালের (২০১১-২০২৪) লিখিত পরীক্ষার প্রশ্ন ও উত্তর

✪ অভিসারী এর স্ত্রীবাচক শব্দ লিখুন। **উত্তর:** অভিসারিণী

✪ মানুষের কণ্ঠনিঃসৃত বাক সংকেতের সংগঠনকে কী বলে? **উত্তর:** ভাষা

✪ প্রত্যক্ষ উক্তি আগামীকাল পরোক্ষ উক্তিতে কি হয়? **উত্তর:** পরের দিন

✪ দর্শন, মধুর, তরল, তিক্ততা শব্দগুলোর মধ্যে কোনটি গুণবাচক বিশেষ্য? **উত্তর:** তিক্ততা

✪ ১২, দ্বাদশ, বারো, বারোই এর মধ্যে কোনটি গণনাবাচক শব্দ? **উত্তর:** বারো

✪ সাধু ও চলিত ভাষার ৪টি পার্থক্য লিখুন। **উত্তর:** (অনুশীলন অংশে দেখুন)

✪ বাংলা মৌলিক স্বরধ্বনি কয়টি? **উত্তর:** ৭টি

✪ চকলেট শব্দটি বাংলা ভাষায় এসেছে কোন ভাষা থেকে? **উত্তর:** মেক্সিকান

✪ বিভক্তিহীন নাম শব্দকে কী বলে? **উত্তর:** প্রাতিপদিক

✪ খনার বচনের মূল ভাব কী? **উত্তর:** কৃষিভিত্তিক ছড়া

✪ গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী উদাহরণসহ সংজ্ঞা লিখ। **উত্তর:** (অনুশীলন অংশে দেখুন)

✪ বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ উপস্থাপন করুন। **উত্তর:** (অনুশীলন অংশে দেখুন)

✪ উপসর্গ কাকে বলে? **উত্তর:** (অনুশীলন অংশে দেখুন)

✪ সন্ধিতে ধ্বনির কয় ধরনের মিলন হয়? **উত্তর:** চার ধরনের

✪ সাধু ও চলিত ভাষার পার্থক্য কোন পদে বেশি? **উত্তর:** ক্রিয়া ও সর্বনামে

✪ বাংলা সাহিত্যে চলিত রীতির প্রবর্তক কে? **উত্তর:** প্রমথ চৌধুরী

✪ বাংলা ভাষার মূল উৎস কোন ভাষা? **উত্তর:** প্রাকৃত ভাষা

✪ ক্রিয়ার কাল কত প্রকার? প্রত্যেক প্রকারের উদাহরণ দিন। **উত্তর:** (অনুশীলন অংশে দেখুন)

✪ বাংলা স্বরবর্ণে মাত্রাবিহীন বর্ণ কয়টি ও কী কী? **উত্তর:** চারটি। যথা- এ, ঐ, ও, ঔ

✪ **বিগ্রহ বাক্য কী?**

উত্তর: সমস্ত পদকে ভেঙে যে বাক্যাংশ করা হয়,তার নাম বিগ্রহবাক্য/ সমাসবাক্য/ব্যাসবাক্য।

✪ **সরলবাক্যে রূপান্তর করুন:** যে সকল পশু মাংস ভোজন করে তারা অত্যন্ত বলবান।

CamScanner

215

উত্তর: সরলবাক্য: মাংসভোজী পশু অত্যন্ত বলবান।

- বক্তা শব্দের সন্ধিযুক্ত বর্ণটি কোন কোন বর্ণ নিয়ে গঠিত? উত্তর: ক + ষ
- আমি আজ ক্ষুব্ধ ক্ষুব্ধ বোধ করছি। এখানে দ্বিরুক্ত শব্দ দ্বারা কি বোঝান হয়েছে?

উত্তর: সমানা

- 'আপন ভালো পাগলেও বোঝে' এখানে ভালো কোন পদ? উত্তর: বিশেষ্য পদ
- সাতাশ হতে যদি একশো সাতাশ এখানে 'হত' কোন কালের ক্রিয়া? উত্তর: নিত্যবৃত্ত অতীত
- ষ-ত্ব বিধান বলতে কী বোঝায়? উত্তর: (অনুশীলন অংশে দেখুন)
- বহুব্রীহি শব্দে অর্থ কী? উত্তর: ধন
- কোন ভাষা হতে বাংলা ভাষার উৎপত্তি হয়েছে? উত্তর: মাগধী প্রাকৃত হতে
- বাংলা ভাষার মৌলিক উপাদান কয়টি ও কী কী?

উত্তর: চারটি। যথা: ক) ধ্বনি খ) শব্দ গ) বাক্য ঘ) অর্থ

- 'সত্য কথা বলিনি, তাই বিপদে পড়েছি' গঠন অনুসারে এটি কোন বাক্য? উত্তর: যৌগিক বাক্য
- 'বুদ্ধিমান' শব্দের বিশেষ্য পদ কী? উত্তর: বুদ্ধি
- 'এখনই যাও, নচেৎ তার দেখা পাবে না' এটিকে সরলবাক্যে পরিণত করুন।

উত্তর: এখনই না গেলে তার দেখা পাবে না

- একটি সার্থক বাক্যের কয়টি গুণ থাকে ও কী কী?

উত্তর: ৩টি (আকাঙ্ক্ষা, আসত্তি, যোগ্যতা)

- 'চৌ-হদ্দি' কোন কোন ভাষার শব্দ মিলে তৈরি হয়? উত্তর: ফারসি ও আরবি
- ব্যাকরণ শব্দের অর্থ কী? উত্তর: বিশেষভাবে বিশ্লেষণ
- দাখিলা কী? উত্তর: খাজনার রসিদ
- হারিকিরি শব্দের অর্থ কী?

উত্তর: আত্মহত্যা করার এক বিশেষ পদ্ধতিকে হারিকিরি বলা হয়

- বিদ্বান শব্দের বিপরীত শব্দ লিখুন। উত্তর: বিদুষী
- কোন গ্রন্থের জন্য ও কত সালে রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার পেয়েছেন?

উত্তর: গীতাঞ্জলি কাব্য গ্রন্থের জন্য ১৯১৩ সালে নোবেল পেয়েছেন।

- বাংলা সাহিত্যে 'সনেট' এর প্রবর্তক কে? উত্তর: মাইকেল মধুসূদন দত্ত
- 'শতদল' শব্দের অর্থ কী? উত্তর: কমল, পদ্মফুল
- 'পত্র' শব্দটির আভিধানিক অর্থ কী? উত্তর: স্মারক বা চিহ্ন
- পত্রের শিরোনামের প্রধান অংশ কোনটি? উত্তর: প্রাপকের ঠিকানা
- পোস্টাল কোড কী নির্দেশ করে? উত্তর: পোস্ট অফিসের নাম
- সাধারণত পত্রের দুটি অংশ থাকে, এগুলো কী? উত্তর: ক) শিরোনাম খ) পত্রগর্ভ
- প্রাপক বয়সে বড় হলে প্রেরক স্বাক্ষরের আগে কোন শব্দটি ব্যবহার করবেন? উত্তর: স্নেহভাজন
- ণ-ত্ব বিধান কী? ণ-ত্ব বিধানের ৫ টি সূত্র লিখুন। উত্তর: (অনুশীলন অংশে দেখুন)
- ➢ ণ-ত্ব বিধান কাকে বলে। ণ-ত্ব বিধানের ৫টি সূত্র লিখুন। উত্তর: (অনুশীলন অংশে দেখুন)

CamScanner

216

✪ ধ্বনি কী? কত প্রকার কী কী?

উত্তর: দুই প্রকার; স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনি

✪ সন্ধির সংজ্ঞা কী? কত প্রকার ও কী কী?

উত্তর: সন্নিহিত দুটো ধ্বনির মিলনের নাম সন্ধি। সন্ধি প্রধানত ৩ প্রকার।

যথা: ক) স্বরসন্ধি খ) ব্যঞ্জনসন্ধি গ) বিসর্গ সন্ধি

✪ উপসর্গের সঙ্গে প্রত্যয়ের পার্থক্য কি? উত্তর: (অনুশীলন অংশে দেখুন)

✪ শব্দের আদিতে বসে না এমন দু'টি বাংলা ধ্বনি কি কি? উত্তর: ঙ, ঞ

✪ বাংলা পদ্যে বিরাম চিহ্ন ব্যবহারের কৃতিত্ব কার? উত্তর: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

✪ দন্তবর্ণ কয়টি ও কী কী? উত্তর: ৫টি, যথা: ত, থ, দ, ধ, ন

✪ উৎসের উপর নির্ভর করে শব্দ কত প্রকার ও কী কী? উত্তর: (অনুশীলন অংশে দেখুন)

✪ সমাস এর সংজ্ঞা কী? উদাহরণ দিন। উত্তর: (সমাস অংশে দেখুন)

✪ উরুপ শব্দটির অর্থ কী? উত্তর: চন্দ্র

২০২২

✪ বাংলা ভাষায় পুরুষ কয় প্রকার ও কী কী?

উত্তর: ৩ প্রকার; যথা- উত্তম পুরুষ, মধ্যম পুরুষ ও নাম পুরুষ

✪ বাংলা ব্যাকরণ প্রথম কোন ভাষায় লেখা হয়? উত্তর: পর্তুগিজ ভাষায়

✪ বাংলা ভাষায় মৌলিক ব্যঞ্জন ধ্বনির সংখ্যা কত? উত্তর: ৩০ টি

✪ বাংলা ভাষায় মৌলিক অংশ কয়টি ও কী কী? উত্তর: ৪টি; যথা- ধ্বনি, শব্দ, বাক্য ও অর্থ

✪ বাক্যের ক্ষুদ্রতম একককে কী বলে? উত্তর: শব্দ

✪ ধ্বনি নির্দেশক চিহ্নকে কী বলে? উত্তর: বর্ণ

✪ ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে? উত্তর: ফলা

✪ বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনির সংখ্যা কয়টি? উত্তর: ২৫টি

✪ বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি? উত্তর: ৭টি

✪ ধ্বনি তৈরি হয় কিসের সাহায্যে? উত্তর: বাকপ্রত্যঙ্গ/বাকযন্ত্র

✪ ব্যাকরণে বচন অর্থ কি? উত্তর: সংখ্যার ধারণা

✪ একটি সার্থক বাক্যে কতটি গুণ থাকা প্রয়োজন? উত্তর: ৩টি

✪ অসমাপিকা ক্রিয়া কাকে বলে?

উত্তর: যে ক্রিয়াপদ দ্বারা বক্তার বক্তব্য অসম্পূর্ণ থেকে যায় তাকে অসমাপিকা ক্রিয়া বলে।

✪ বাংলা ভাষায় মৌখিক রূপের রীতি কয়টি? উত্তর: ২টি (সাধু ও চলিত)

✪ পরাশ্রয়ী বর্ণ কয়টি ও কি কি? উত্তর: ৩টি; ৎ, ঃ, ঁ

✪ বউদিদি > বউদি কোন ধরনের ধ্বনি পরিবর্তন? উত্তর: ব্যঞ্জনচ্যুতি

✪ নিচের শব্দগুলো কোন ভাষার: (গণগ্রন্থকার-২০২০)

ক) রোজা = ফারসি শব্দ খ) পেয়ারা = পর্তুগিজ শব্দ গ) রেস্তোরা = ফরাসি শব্দ

ঘ) হরতাল = গুজরাটি শব্দ ঙ) রিকশা= জাপানি শব্দ

CamScanner

217

✪ **নির্দেশিত মতে বাক্য রূপান্তর করুন: (যে কোনো ৫টি) [বাংলাদেশ সুপ্রিম কোর্ট]**

ক) তার বয়স বাড়লেও বুদ্ধি বাড়েনি (জটিল)
জটিল: তার বয়স বেড়েছে, বুদ্ধি বাড়েনি।

খ) সে কাল আসবে এবং আমি যাব (সরল)
সরল: সে কাল আসলে আমি যাব।

গ) সে পরিশ্রমী হলেও নির্বোধ। (যৌগিক)
যৌগিক: সে পরিশ্রমী কিন্তু নির্বোধ

ঘ) যে রক্ষক সেই ভক্ষক। (সরল)
সরল: রক্ষকই ভক্ষক

ঙ) আরও কথা আছে। (নেতিবাচক)
নেতিবাচক: কথা শেষ হয়নি।

চ) হৈম কোনো কথা কহিলনা। (অস্তিবাচক)
অস্তিবাচক: হৈম নিরব থাকিল।

✪ **স্বরধ্বনি ও ব্যাঞ্জনধ্বনি কাকে বলে? মৌলিক স্বরধ্বনি কয়টি ও কী কী? (সাধারণ বীমা কর্পোরেশন-২০২০)**

উত্তর: (অনুশীলন অংশে দেখুন)

✪ **এক কথায় উত্তর দিন: (স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/২০২১- সাঁট মুদ্রাক্ষরিক)**

ক) সুপ্ত এর প্রত্যয় কী? খ) সন্দেশ কি ধরনের শব্দ? গ) বিশেষ্য শব্দ কত প্রকার?

ঘ) পঞ্চায়েত কোন পদ? ঙ) 'আদেশ' ক্রিয়ার কোন ভাব?

উত্তর: ক) √স্বপ্ +ক্ত খ) রূঢ়ি শব্দ গ) ৬ প্রকার ঘ) বিশেষ্য ঙ) অনুজ্ঞা

✪ **চিহ্নিত শব্দগুলির পদ নির্ণয় করুন: (জন নিরাপত্তা বিভাগ/২০২১- কম্পিউটার অপারেটর)**

ক) তার সাহস আছে। খ) সে দশম শ্রেণিতে পড়ে। গ) আমার সামনে দাঁড়াও।

ঘ) ঝম ঝম করে বৃষ্টি পড়ছে। ঙ) কেউ-না-কেউ তো এ কাজ করেছেই।

উত্তর: ক) বিশেষ্য খ) বিশেষণ গ) ক্রিয়া বিশেষণ ঘ) মিশ্র ক্রিয়া ঙ) সর্বনাম

✪ **চিহ্নিত শব্দগুলির পদ নির্ণয় করুন। (জননিরাপত্তা বিভাগ/২০২১- সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর)**

ক) কনকনে ঠাণ্ডা বাতাস বইছে। খ) হায়! হায়! তুমি কী করলে! গ) এ এক বিরাট সত্য।

ঘ) নিশীথ রাতে বাজছে বাঁশি। ঙ) যেমন কর্ম তেমন ফল।

উত্তর: ক) বিশেষণ খ) অব্যয় গ) বিশেষ্য ঘ) বিশেষণ ঙ) অব্যয়

✪ **সংক্ষেপে উত্তর দিন। (জননিরাপত্তা বিভাগ/২০২১- সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর)**

ক) নৌকা স্রোতে ভেসে গেল- এখানে নৌকা কোন কারক?

খ) 'অগস্ত্য যাত্রা' অর্থ কী? গ) সমাস নিষ্পন্ন পদটির নাম কী?

ঘ) কোন সমাস দ্বারা সমাহার বা সমষ্টি বোঝায়? ঙ) 'প্রোশিতভর্তিকা' শব্দের বানান শুদ্ধ করে লিখুন।

উত্তর: ক) কর্মকারক খ) চিরতরে যাত্রা গ) সমস্তপদ ঘ) দ্বিগু সমাস ঙ) প্রোষিতভর্তিকা

✪ **সংক্ষেপে উত্তর লিখুন: (বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড/২০২১- অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক)**

ক) বাংলা ভাষা কখন আন্তর্জাতিক মাতৃভাষার মর্যাদা লাভ করে? তারিখ ও সন উল্লেখ করে উত্তর লিখুন।

খ) বাংলা ভাষায় কোন কবি কাব্যগ্রন্থ রচনা করে নোবেল বিজয়ী হন?

গ) বাংলা ভাষা কোন দেশের রাষ্ট্রীয় ভাষা? ঘ) 'তেইশ নম্বর তৈলচিত্র' উপন্যাসটি কার লেখা?

ঙ) সাঝের মায়া গ্রন্থটির রচয়িতা কে?

উত্তর: ক) ১৯৯৯ সালের ১৭ নভেম্বর খ) রবীন্দ্রনাথ ঠাকুর গ) বাংলাদেশ
ঘ) আলাউদ্দিন আর আজাদ ঙ) সুফিয়া কামাল

CamScanner

218

✪ **নিম্নবর্ণিত প্রশ্নের উত্তর লিখুন: (পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর/২০২১-অফিস সহকারী)**

ক) বিভক্তিহীন নাম শব্দকে কী বলে? খ) যে ছন্দের মূল পর্বের মাত্রা সংখ্যা চার, তাকে কী বলে?

গ) সাধুভাষা সাধারণত কোথায় অনুপযোগী? ঘ) শব্দ ও ধাতুর মূলকে কী বলে?

ঙ) ধাতুর সঙ্গে কৃৎ প্রত্যয় যুক্ত হয়ে যে শব্দ গঠিত হয় তাকে কী বলে?

উত্তর: ক) প্রতিপাদিক খ) স্বরবৃত্ত গ) নাটকের সংলাপে ঘ) প্রকৃতি ঙ) কৃদন্ত পদ

✪ **বাক্য পরিবর্তন করুন: (পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর/২০২১-অফিস সহকারী)**

ক) মিথ্যা বললে পাপ হয় (জটিল) খ) পড়লেই পরীক্ষাই পাস করবে। (মিশ্র বাক্য)

গ) যদিও লোকটি জ্ঞানী, তথাপি সে কথা বলে না । (যৌগিক বাক্য)

ঘ) যদি তুমি আস, তবে আমি যাব। (সরল বাক্য) ঙ) যারা সৎ, তারাই সুখী। (সরল বাক্য)

উত্তর: ক) যদি মিথ্যা বল তবে পাপ হয়। খ) যদি পড় তবেই পরীক্ষাই পাশ করবে।

গ) লোকটি জ্ঞানী কিন্তু কথা বলে না। ঘ) তুমি আসলে আমি যাব। ঙ) সৎ লোকেরাই সুখী।

✪ **সংক্ষিপ্ত উত্তর দিন: (বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট/২০২১-ডাটা এন্ট্রি অপারেটর)**

ক) 'অসমাপ্ত আত্মজীবনী'র লেখক কে?

খ) 'পায়ের আওয়াজ পাওয়া যায়' নাটকের পটভূমি কী?

গ) বাংলা সাহিত্যে চলিত ভাষায় রচিত প্রথম গ্রন্থ কোনটি?

ঘ) সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত- এই উক্তিটি কার?

ঙ) সমুদ্রের তীরবর্তী বিস্তীর্ণ ভূমিকে কী বলে?

উত্তর: ক) শেখ মুজিবুর রহমান খ) মুক্তিযুদ্ধ গ) বীরবলের হালখাতা
ঘ) প্রমথ চৌধুরী ঙ) বেলাভূমি

✪ **বাক্য রূপান্তর করুন: (ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/২০২২-অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক)**

ক) তুমি চেষ্টা করায় ব্যর্থ হয়েছ। (জটিল বাক্য) **উত্তর:** যেহেতু তুমি চেষ্টা করোনি তাই ব্যর্থ হয়েছ।

খ) যারা পরিশ্রম করে, তারা জীবনে সফল হয়। (সরল বাক্য) **উত্তর:** পরিশ্রমীরা জীবনে সফল হয়।

গ) ভিক্ষুককে টাকা দাও। (যৌগিক বাক্য) **উত্তর:** কিছু লোক ভিক্ষা করে, ওদের টাকা দাও।

ঘ) যখন বিপদ আসে, তখন দুঃখও আসে। (যৌগিক বাক্য) **উত্তর:** বিপদ ও দুঃখ এক সময়ে আসে।

ঙ) ছেলেটির বয়স অল্প, কিন্তু বেশ বুদ্ধিমান। (জটিল বাক্য) **উত্তর:** যদিও ছেলেটির বয়স অল্প, তবু বেশ বুদ্ধিমান।

✪ **সরল বাক্যকে জটিল বাক্যে রূপান্তর করুন: (অপরাধ তদন্ত বিভাগ/২০২২-ডাটা এন্ট্রি অপারেটর)**

ক) ঈদ এলে আমরা বাড়ি যাব। **উত্তর:** ইদ আসবে তখন আমরা বাড়ি যাব।

খ) কলম থাকলে লিখতে পারতাম। **উত্তর:** যদি কলম থাকতো তাহলে লিখতে পারতাম।

গ) শিক্ষিত লোককে সবাই শ্রদ্ধা করে। **উত্তর:** যারা শিক্ষিত লোক তাদেরকে সবাই শ্রদ্ধা করে।

ঘ) সত্যবাদীকে সবাই ভালোবাসে। **উত্তর:** যারা সত্যবাদী তাদেরকে সবাই ভালোবাসে।

CamScanner

219

লিঙ্গ পরিবর্তন করুন: (বিগত সাল)

প্রদত্ত লিঙ্গ	বিপরীত লিঙ্গ
কুমার	কুমারনী
ধাত্রী	ধাতা
সুকেশ	সুকেশা
অরণ্য	অরণ্যানী
গরীয়সী	গরীয়ান
শিক্ষক	শিক্ষিকা/শিক্ষয়িত্রী
তেজস্বী	তেজস্বিনী
নেতা	নেত্রী
চাকর	চাকরানি
বিদ্বান	বিদুষী
গরীয়ান	গরীয়সী
কর্তা	কর্ত্রী
সৎ	সতী
সম্রাট	সম্রাজ্ঞী

প্রদত্ত লিঙ্গ	বিপরীত লিঙ্গ
বাদশা	বেগম
শুদ্রানী	শূদ্র
ধনী	ধনিনী
নবীন	নবীনা
মানি	মানিনী
সতী	সৎ
মহৎ	মহতী
অজ	অজা
শিষ্য	শিষ্যা
অধ্যাপক	অধ্যাপিকা
সেবক	সেবিকা
রচয়িতা	রচয়িত্রী
অশ্ব	অশ্বী
জেলে	জেলেনি

প্রদত্ত লিঙ্গ	বিপরীত লিঙ্গ
দৌহিত্র	নাতনী
সদাশয়	সদাশয়া
বেদে	বেদেনী
প্রতিনিধি	মহিলা প্রতিনিধি
অনুরাগী	অনুরাগিণী
বিদ্বান	বিদুষী
ইন্দ্র	ইন্দ্রানী
যোগী	যোগীনী
মামা	মামি
হরিণ	হরিণী
নারী	পুরুষ
যশস্বী	যশস্বতী
বিহঙ্গ	বিহঙ্গী
শুক	সারী

২০২৩

- 'খনার বচন' এর উপজীব্য কি? উত্তর: কৃষিকাজ
- শরীর > শরীল কি ধরনের ধ্বনি পরিবর্তন? উত্তর: বিষমীভবন
- গ) ভবিষ্যৎ অনুজ্ঞা কাকে বলে?
  উত্তর: যখন কোন আদেশ, অনুরোধ বা প্রার্থনা ভবিষ্যতের জন্য করা হয় তখন তাকে ভবিষ্যৎ অনুজ্ঞা বলে।
- যতিচিহ্নের অপর নাম কি? উত্তর: বিরাম চিহ্ন
- সমাসের মাধ্যমে কী গঠিত হয়? উত্তর: নতুন শব্দ
- "ইচ্ছা" বিশেষ্যর বিশেষণ কি? উত্তর: ঐচ্ছিক
- 'সূর্য উঠলে আঁধার দূরীভূত হয়' -এখানে 'উঠলে' কোন ধরনের ক্রিয়াপদ? উত্তর: অসমাপিকা ক্রিয়া
- রেডিওর বাংলা পরিভাষা কী? উত্তর: বেতার
- ধ্বনির সুক্ষ্মতম মৌলিক অংশ বা একককে কী বলা হয়? উত্তর: ধ্বনিমূল
- 'উদার' শব্দের বিশেষ্যরূপ কি? উত্তর: ঔদার্য
- নিলীন বর্ণ লিখুন। উত্তর: অ
- বাংলা ব্যাকরণ প্রথম প্রকাশিত হয় কত খ্রিস্টাব্দে? উত্তর: ১৭৪৩ খ্রিস্টাব্দে
- গঠনগত দিক দিয়ে বাক্যকে কয়ভাগে ভাগ করা যায়? উত্তর: তিন ভাগে
- ক্রিয়ার প্রথম অংশকে কি বলে? উত্তর: ধাতু
- যে শব্দ ক্রিয়াকে বিশেষিত করে, তাকে কি বলে? উত্তর: ক্রিয়াবিশেষণ
- ১১ এর সাধারণ পূরণবাচক শব্দ কি? উত্তর: একাদশ
- ২৯ সংখ্যাকে কথায় লিখুন? উত্তর: উনত্রিশ
- "কার্তুজ" কোন দেশি শব্দ? উত্তর: ফারসি শব্দ

CamScanner

220

- "ফুটিয়া রহিয়াছে" শব্দের চলিতরূপ লিখুন: উত্তর: ফুটে রয়েছে।
- ২২ (সংখ্যাকে পূরণবাচক আকারে লিখুন) উত্তর: দ্বাবিংশ
- 'বারবার কামান গর্জে উঠল'। এখানে বারবার কি অর্থে ব্যবহৃত হয়েছে? উত্তর: পৌনঃপুনিকতা
- সাধু ভাষায় কোন শব্দের প্রাধান্য বেশি? উত্তর: তৎসম
- বাংলা ভাষায় প্রথম ব্যাকরণ রচনা করেন কে? উত্তর: রামমোহন রায়
- সমাসের রীতি কোথা থেকে বাংলায় এসেছে? উত্তর: সংস্কৃত
- 'সেমিকোলন' এবং 'দাড়ি' এর জন্য বিরতি কাল পরিমাণ কত লিখুন।
  উত্তর: সেমিকোলন- ১ বলার দ্বিগুণ; দাড়ি - ১ সেকেন্ড
- রশিদ বলল, "আমার ভাই আজই ঢাকা যাচ্ছেন", এর পরোক্ষ উক্তি লিখুন।
  উত্তর: রশিদ বলল যে তার ভাই সেদিনই ঢাকা যাচ্ছিলেন।
- চারটি শব্দালঙ্কারের নাম লিখুন। উত্তর: অনুপ্রাস, যমক, শ্লেষ, বক্রোক্তি
- 'পাণি' শব্দের অর্থ কী? উত্তর: হাত
- কোন দুটি স্বরবর্ণ মিলে 'ঔ' স্বরবর্ণ গঠিত হয়? উত্তর: ও এবং উ
- ২১ (সংখ্যাটি পূরণবাচক আকারে লিখুন) উত্তর: একবিংশ
- 'সমিতি' কোন লিঙ্গ? উত্তর: ক্লীব লিঙ্গ
- 'মা খোকাকে চাঁদ দেখাচ্ছেন'- বাক্যটিতে দেখাচ্ছেন পদটি কোন ধরনের ক্রিয়া? উত্তর: প্রযোজক ক্রিয়া
- আপ্যায়নের উদ্দেশ্যে যে দাওয়াতপত্র প্রদান করা হয় তাকে কোন ধরনের পত্র বলা হয়? উত্তর: নিমন্ত্রণপত্র
- **বাক্য পরিবর্তন করুন:** (বাংলাদেশ সুপ্রীম কোর্ট/সাঁট মুদ্রাক্ষরিক তথা কম্পিউটার অপারেটর/২০২৩)

  ক) চুল পাকলেও তার বুদ্ধি পাকেনি। (জটিল) **জটিল-** যদিও তার চুল পেকেছে তবুও তার বুদ্ধি পাকেনি।

  খ) তার প্রচুর সম্পদ আছে বটে, কিন্তু সে সুখী নয়। (সরল)

  সরল- তার প্রচুর সম্পদ থাকা সত্ত্বেও সুখী নয়।

  গ) সে পড়া শেষ করে ঘুমাতে গেল। (যৌগিক) **যোগিক-**সে পড়া শেষ করল এবং ঘুমাতে গেল।

  ঘ) বিপদ এবং দুঃখ এক সময়ে আসে। (মিশ্র) **মিশ্র-** যখন বিপদ আসে তখন দুঃখও আসে।

  ঙ) যদি না পড়ি তবু পাস করব। (সরল) **সরল-** না পড়েই পাস করব।

  চ) ভিক্ষুককে দান কর। (মিশ্র) **মিশ্র-** যিনি ভিক্ষা করে তাকে দান কর।

- **বন্ধনীতে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী বাক্য রূপান্তর করুন:** (পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কুমিল্লা/পরিবার পরিকল্পনা পরিদর্শক/২০২৩)

  ক) দুর্জন লোক পরিত্যাজ্য। (জটিল) ➲ যেসব লোক দুর্জন, তারা পরিত্যাজ্য।

  খ) যারা পরিশ্রম করে তারা জীবনে সফল হয়। (সরল) ➲ পরিশ্রমীরা জীবনে সফল হয়।

  গ) লোকটি অশিক্ষিত হলেও অভদ্র নয়। (যোগিক) ➲ লোকটি অশিক্ষিত কিন্তু অভদ্র নয়।

  ঘ) বিপদ ও দুঃখ একসঙ্গে আসে। (জটিল) ➲ যখন বিপদ আসে, তখন দুঃখও আসে।

  ঙ) তুমি চেষ্টা না করায় ব্যর্থ হয়েছো। (যোগিক) ➲ তুমি চেষ্টা করোনি তাই ব্যর্থ হয়েছো।

- **বাক্য রূপান্তর করুন: (BCSIR/স্টোর করণিক/সহকারী স্টোর কিপার/২০২৩)**

  ক) মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে।- (জটিল বাক্য) ⇨ যখন মেঘ গর্জন করে তখন ময়ূর নৃত্য করে।

  খ) আমরা মিছিলে পা বাড়ালাম। (নেতিবাচক বাক্য) ⇨ আমরা মিছিলে পা না বাড়িয়ে পারলাম না।

CamScanner

221

২০২৪

★ রূপসী বাংলার কবি কাকে বলা হয়?
উত্তর: জীবনানন্দ দাশ

★ 'কুল' শব্দ ব্যবহার করে ৩টি বহুবচন সূচক শব্দ লিখুন:
উত্তর: মাতৃকুল, পক্ষিকুল, কবিকুল, বৃক্ষকুল

★ বাংলা বাক্যের কয়টি অংশ?
উত্তর: ২টি। যথা: উদ্দেশ্য ও বিধেয়

★ বাংলা ভাষায় রচিত প্রথম বাংলা ব্যাকরণের রচয়িতা কে?
উত্তর: রাজা রামমোহন

★ বাংলা ভাষার অক্ষর কত প্রকার?
উত্তর: ২ প্রকার

★ স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ কি?
উত্তর: কার

★ বাক্যের একক কী?
উত্তর: শব্দ

★ ভাষার মূল উপকরণের নাম কী?
উত্তর: বাক্য

★ গঠন অনুযায়ী বাক্য কত প্রকার?
উত্তর: ৩ প্রকার

★ ভাষার আঞ্চলিক বৈচিত্র্যকে কি বলা হয়?
উত্তর: উপভাষা

★ আলপিন কোন ভাষার শব্দ?
উত্তর: পর্তুগিজ

★ চশমা কোন ভাষার শব্দ?
উত্তর: ফারসি

★ 'দ্বিপ' শব্দের অর্থ কী?
উত্তর: হাতি

★ 'তোশক' কোন দেশি শব্দ?
উত্তর: ফারসি

★ উপসর্গ কাকে বলে?
উত্তর: শব্দ বা ধাতুর পূর্বে কতিপয় সুনির্দিষ্ট অব্যয় জাতীয় শব্দাংশ যুক্ত হয়ে সাধিত শব্দে অর্থের পরিবর্তন, সম্প্রসারণ বা সংকোচন ঘটিয়ে থাকে। এগুলোকে বলা হয় উপসর্গ। যেমন, প, পরা, পরি, নির ইত্যাদি।

★ 'লাগাতার' কোন দেশি শব্দ?
উত্তর: হিন্দি

★ ভর্ৎসনা এর বিপরীত শব্দ কি?
উত্তর: প্রশংসা

★ কর্ণ শব্দের চলিত রূপ লিখুন।
উত্তর: কান

★ চশমখোর বাগধারাটির অর্থ লিখুন।
উত্তর: বেহায়া

★ সম্ভার এর বিপরীত শব্দ কি?
উত্তর: উপকরণ কোল

★ ভাষার ক্ষুদ্রতম উপাদান কি?
উত্তর: ধ্বনি

★ বাংলায় মৌলিক স্বরধ্বনি কয়টি?
উত্তর: ৭টি

★ অনুসর্গ কাকে বলে?
উত্তর: বাংলা ভাষায় যে অব্যয় শব্দগুলো কখনো স্বাধীন পদরূপে, আবার কখনো শব্দ বিভক্তির ন্যায় বাক্যে ব্যবহৃত হয়ে বাক্যের অর্থ প্রকাশে সাহায্য করে, সেগুলোকে অনুসর্গ বা কর্মপ্রবচনীয় বলে। যেমন, বিনা, সনে, দিয়ে ইত্যাদি।

★ মজুর (বিপরীত লিঙ্গ লিখুন)
উত্তর: মজুরনী

★ ভিক্ষুককে ভিক্ষা দাও। (যৌগিক বাক্যে রূপান্তর করুন)
উত্তর: কিছু লোক ভিক্ষা করে, ওদের টাকা দাও।

★ 'তোমার নাম কী?' এখানে 'কী' কোন ধরনের পদ?
উত্তর: সর্বনাম পদ
তদ্ধিত প্রত্যয় কোন প্রকৃতির সাথে যুক্ত হয়?
উত্তর: নাম প্রকৃতি

★ 'বাবা' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
উত্তর: তুর্কি

★ 'অভিরাম' শব্দটির অর্থ কী?
উত্তর: সুন্দর

★ কোন কোন বর্ণ মিলে 'হ্ম' হয়?
উত্তর: হ + ম

★ 'কম্পিউটার' শব্দটি কোন পদ?
উত্তর: বিশেষ্য

★ বাংলা স্বরবর্ণ কয়টি?
উত্তর: ১১টি

★ শব্দার্থ লিখুন: নিশীথ
উত্তর: রাত

CamScanner

222

★ যুক্তবর্ণ 'ক্ষ' ভাঙ্গলে কী কী বর্ণ পাওয়া যায়?
উত্তর: হ + ম

★ দিওয়ানা কোন ভাষার শব্দ?
উত্তর: ফার্সি

★ 'কলম' শব্দটি কোন ভাষা থেকে গৃহীত?
উত্তর: আরবি ভাষা

★ বাংলা ভাষার উৎপত্তি কোন ভাষা থেকে?
উত্তর: প্রাকৃত অপভ্রংশ

★ স্বরান্ত অক্ষরকে কী বলে?
উত্তর: মুক্তাক্ষর।

★ 'সোমত্ত' শব্দটির উৎপত্তি কোন শব্দ থেকে?
উত্তর: সমর্থ

★ 'Referendum' এর বাংলা পরিভাষা কি?
উত্তর: গণভোট

★ 'সফেদ' শব্দটির অর্থ কী?
উত্তর: সাদা

★ 'চাবি' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
উত্তর: পর্তুগিজ

★ মাত্রাবিহীন ব্যঞ্জনবর্ণ কয়টি ও কী কী?
উত্তর: ৬টি; ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ

★ যুক্তবর্ণ ভেঙ্গে লিখুন: জ্ঞ, হ্ন
উত্তর:ক) জ্ঞ = জ + ঞ; খ) হ্ন = হ + ন

★ গঠনগতভাবে বাক্য কত প্রকার ও কী কী?
উত্তর: তিন প্রকার; সরল বাক্য, মিশ্র বা জটিল বাক্য, যৌগিক বাক্য

★ প্রমিত রীতিতে লিখুন: গড়িয়া তুল, হাঁটিতে
উত্তর: ক) গড়িয়া তুল = গড়ে তোল
খ) হাঁটিতে = হাটতে

★ "Face Value" এর বাংলা অর্থ লিখুন?
উত্তর: আঙ্কিরিক মূল্য

★ যুক্তবর্ণ ভেঙ্গে লিখুন: জ্ঞ
উত্তর: জ + ঞ

★ "Diplomat" এর বাংলা অর্থ লিখুন?
উত্তর: কূটনীতিক

★ রেস্তোরাঁ, হরতন শব্দগুলো কোন ভাষা থেকে এসেছে?
উত্তর: রেস্তোরাঁ- ফরাসি শব্দ, হরতন-ওলন্দাজ

★ বাংলা ভাষায় ওষ্ঠ ব্যঞ্জন ধ্বনির সংখ্যা কত?
উত্তর: ৫টি (প,ফ,ব,ভ,ম)

★ লুঙ্গি কোন দেশি শব্দ?
উত্তর: বর্মি শব্দ।

★ 'কপোল' শব্দের অর্থ কি?
উত্তর: গাল

★ সমার্থক শব্দ লিখুন: রোজনামচা
উত্তর: রোজনামচা = দিনলিপি

★ শব্দগুলো কোন দেশি: আজগুবি, ডেঙ্গু
উত্তর: ক) আজগুবি = উর্দু
খ) ডেঙ্গু = স্প্যানিশ

★ হরতাল শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
উত্তর: গুজরাটি

★ তরঙ্গ শব্দের বহুবচন কি?
উত্তর: তরঙ্গমালা

★ নিশীত রাতে বাজছে বাঁশি- নিশীত কোন পদ?
উত্তর: বিশেষণ পদ।

★ 'উপরোধ' এর অর্থ কী?
উত্তর: অনুরোধ।

★ বাংলা ছন্দ কত রকমের?
উত্তর: তিন (০৩) রকমের।

★ 'কল্লোল' শব্দটির অর্থ কী?
উত্তর: ঢেউ।

★ 'দৌবারিক' এর সমার্থক শব্দ কোনটি?
উত্তর: প্রহরী

★ 'ঢেঁকি' কোন ধরণের শব্দ?
উত্তর: দেশি শব্দ

★ সন্ধি ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
উত্তর: ধ্বনিতত্ত্ব

★ 'বিপদ এবং দুঃখ এক সময়ে আসে'- এটি কোন ধরণের বাক্য?
উত্তর: যৌগিক বাক্য

★ "তোমার হাত দুটি ইস্পাতের মত নরম" বাক্যটিতে কোন গুণের অভাব রয়েছে?
উত্তর: যোগ্যতার।

★ 'হাতিগুলো আকাশে উড়ে'- বাক্যটিতে কোন গুনের অভাব রয়েছে?
উত্তর: যোগ্যতা

★ সংজ্ঞা লিখুন: কারক, শব্দ, পদ, কাল, নিত্যবৃত্ত অতীত। (সিভিল সার্জনের কার্যালয়, রাজবাড়ী, স্বাস্থ্য সহকারী/২০২৪)
উত্তর:

CamScanner

223

কারক: বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নামপদের যে সম্পর্ক, তাকে কারক বলে। অথবা মূলত ক্রিয়ার সঙ্গে বাক্যের বিশেষ্য ও সর্বনামের যে সম্পর্ক, তাকে কারক বলে।

শব্দ: এক বা একাধিক ধ্বনি বা বর্ণ মিলে কোনো অর্থ প্রকাশ করলে তাকে শব্দ বলে।

পদ: বাক্যে ব্যবহৃত প্রত্যেকটি শব্দকে পদ বলে।

কাল: ক্রিয়া সংঘটনের সময়কে কাল বলে।

নিত্যবৃত্ত অতীত: অতীত কালে যে ক্রিয়া সাধারণত অভ্যস্ততা অর্থে ব্যবহৃত হয়, তাকে নিত্যবৃত্ত অতীত কাল বলে।

★ **শব্দসমূহের অর্থ লিখুন:** (বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, অফিস সহকারী/২০২৪)

ক) অনিষ্ট = অপকার অনিষ্ঠ = শ্রদ্ধাহীন

খ) উদ্যত = আগ্রহী উদ্ধত = উগ্র

গ) সকল = সমস্ত শকল = মাছের আঁশ/খণ্ড

ঘ) তত্ত্ব = মূলকথা তথ্য = সংবাদ

ঙ) বিস্মিত = আশ্চর্যান্বিত হওয়া বিস্মৃত = ভুলে যাওয়া

★ **সমোচ্চারিত শব্দের অর্থ লিখুন:** (মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/২০২৪)

ক) অন্যান্য = ভিন্ন, অন্যোন্য = পরস্পর

খ) অশ্ব = ঘোড়া, অশ্ম = পাথর

★ **শব্দ জোড়ার অর্থ নির্ণয় করুন:** (প্রত্নতত্ত্ব অধিদপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সাঁটলিপিকার-কাম- কম্পিউটার অপারেটর/উচ্চমান সহকারী)

ক) তত্ত্ব = গূঢ় অর্থ, তথ্য = সংবাদ

খ) দীপ = প্রদীপ, দ্বীপ = জলবেষ্টিত স্থল

গ) পুরি = লুচি, পুরী = নগরী

ঘ) ভাষ = উক্তি, ভাস = দীপ্তি

★ **নিম্নের প্রায়-সমোচ্চারিত শব্দগুলোর অর্থ লিখুন:** (আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, কম্পিউটার অপারেটর/২০২৪)

ক) অনুদিত = যা উদিত হয়নি; অনূদিত = ভাষান্তরিত

খ) অসুর = দৈত্য, অশূর = যে বীর নয়

গ) এন = দোষ, এণ = হরিণ

ঘ) পরিচ্ছন্ন = পরিষ্কার, পরিচ্ছিন্ন = সসীম

★ **নিচের যতিচিহ্নসমূহ বাক্যে কি জন্য ব্যবহৃত হয়?** (বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, অফিস সহকারী/২০২৪)

ক) হাইফেন(-) = দুই শব্দের সংযোগ বোঝাতে হাইফেন ব্যবহার হয়।

খ) উদ্ধরনচিহ্ন ("") = বক্তার প্রত্যক্ষ উক্তি বোঝাতে ব্যবহৃত হয়।

গ) ত্রিবিন্দু(...) = বাক্যের কোন অংশ বাদ দিতে চাইলে ত্রিবিন্দু ব্যবহার করা হয়।

ঘ) কমা(,) = বাক্য পাঠকালে স্পষ্টতা বোঝানোর জন্য।

ঙ) প্রশ্নচিহ্ন (?) = বাক্যে কোন কিছু জিজ্ঞাসা করা হলে প্রশ্নচিহ্ন ব্যবহৃত হয়।

★ **বাংলা ভাষার ণত্ব বিধানের পাঁচটি নিয়ম লিখুন।** (বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ডাটা এন্ট্রি/২০২৪) জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট, মিউটেশ কাম সার্টি. সহ./ নাজির কাম ক্যাশি/, সার্টি পেশ/, সার্টি সহ./ অফিস সহ. কাম-কম্পি. মুদ্রা./২০২৪)

উত্তর: (অনুশীলন অংশে দেখুন)

★ **বাক্য রূপান্তর করুন:** (কর অঞ্চল-২২, সাঁট মুদ্রাক্ষরিক)

ক) ভিক্ষুককে দান কর (জটিল)

⇨ যে ভিক্ষুক, তাকে দান কর।

খ) আমি বহু কষ্টে শিক্ষা লাভ করেছি। (যৌগিক বাক্য)

⇨ আমি বহু কষ্ট করেছি এবং শিক্ষা লাভ করেছি।

গ) যখন সূর্য উদিত হয় তখন পদ্মফুল ফোটে। (সরল)

⇨ সূর্য উদিত হলে পদ্মফুর ফোটে।

ঘ) নির্বোধেরাই শুধু এ কাজ করে। (জটিল)

⇨ যারা নির্বোধ, তারাই শুধু এ কাজ করে।

ঙ) সত্য কথা না বলে বিপদে পড়েছো। (জটিল)

⇨ সত্য কথা বলোনি তাই বিপদে পড়েছো।

★ **বাক্য পরিবর্তন করুন:** (বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, টেকনিশিয়ান/২০২৪)

ক) দিনগুলো বেশ কাটছিল আমাদের। (নেতিবাচক)

⇨ দিনগুলো খারাপ কাটছিল না আমাদের।

খ) দরিদ্র হলেও তাঁর অন্তঃকরণ অতিশয় উচ্চ। (জটিল)

⇨ যদিও তিনি অত্যন্ত দরিদ্র তথাপি তাঁর অন্তঃকরণ অতিশয় উচ্চ।

★ **লিঙ্গান্তর (২০২৪)**

ক) বীর = বীরাঙ্গনা খ) বোষ্টমী = বোষ্টম

গ) বোষ্টমি = বোষ্টম ঘ) কলুনী = কলু

ঙ) নেতা = নেত্রী চ) বাঘ = বাঘিনী

ছ) প্রবীণ = প্রবীণা জ) নাপিত = নাপিতানী

ঝ) অনাথিনী = অনাথ ঞ) পাঠক = পাঠিকা

ট) অষ্টাদশী = অষ্টাদশ ঠ) বাঁদি = গোলাম

ড) গয়লা = গয়লা বউ ড) মালা = মালিকা

CamScanner

224

পরিভাষিক শব্দ (বিগত সাল ২০১১-২০২৪)

প্রদত্ত শব্দ	পরিভাষা
Allegiance	আনুগত্য
Bankrupt	দেউলিয়া
Enforcement	বলবৎকরণ
Metropolis	মহানগরী
Audit	নিরীক্ষা
Auction	নিলাম
Acknowledgement	প্রাপ্তিস্বীকার
Compensation	ক্ষতিপূরণ
Deputation	প্রেষণ
Axis	অক্ষ
Evolution	বিবর্তন
Hand bill	ইশতিহার
Mythology	পৌরাণিক কাহিনী
Protocol	খসড়া চুক্তি
Adaptation	অভিযোজন
Check-post	তল্লাশি ফাঁড়ি
Civic	পৌর
Laminated	স্তরিত
Bureaucracy	আমলাতন্ত্র
Transparency	স্বচ্ছতা
Superstition	কুসংস্কার

প্রদত্ত শব্দ	পরিভাষা
Perseverance	অধ্যবসায়
Metaphor	রূপক
Periodical	পুনরাবৃত্ত
Brain-drain	মেধা পাচার
Curriculum	পাঠ্যক্রম
Ad-hoe	পূর্ব পরিকল্পিত নয় এমন
Invoice	মালপত্রের চালান
File	নথি
Post graduate	স্নাতকোত্তর
Peninsula	উপদ্বীপ
File	নথি
Oxygen	অম্লজান
Periodical	সাময়িকী
Graduate	স্নাতক
Training	প্রশিক্ষণ
Ambiguous	অনিশ্চিত
Calligraphy	চারুলিপি
Ombudsman	ন্যায়পাল
Sentry	প্রহরী
Customs Duty	বহিঃশুল্ক

শব্দার্থ লিখুন: (বিগত সাল ২০১১-২০২৪)

প্রদত্ত শব্দ	অর্থ
হর্ষ	আনন্দ
অপলাপ	অস্বীকার
জগদ্দল	অতি বিশাল ও গুরুভার
বিহার	ভ্রমণ/ বিচরণ
তিলোত্তমা	শ্রেষ্ঠত্বের ক্ষুদ্রতম কণা/ পরমা সুন্দরী
মূক	বাক্‌শক্তিহীন
পবন	বাতাস
জলৌকা	জোঁক
আসমান	আকাশ
অভিধান	শব্দকোষ
আসমানি	হালকা নীল, আকাশের ন্যায় বর্ণ
অমৃতলোক	স্বর্গ

প্রদত্ত শব্দ	অর্থ
আবহমান	ক্রমাগত
প্রচ্ছন্ন	আবৃত
অর্ণবপোত	সমুদ্রগামী জাহাজ
বিপিন	অরণ্য
বৈশ্বানর	অগ্নি
উর্বী	ধরণি
শিষ্টাচার	সদাচার
বামেতর	ডান
শীকর	জলকণা
অবকাশ	অবসর
উচাটন	উৎকণ্ঠা
কুজন	মন্দ লোক
করী	হাতি
কড়ি	টাকা

Forma 15/A

CamScanner

225

সেল্ফ প্রিপারেশন

বাংলা সাহিত্য

CamScanner

226

বাংলা সাহিত্য

✪ বাংলা ভাষার মূল উৎস কোনটি?

উত্তর: প্রাকৃত ভাষা

✪ বাংলা লিপির উৎস কী?

উত্তর: ব্রাহ্মী লিপি

✪ বাংলা মুদ্রাক্ষরের জনক কে?

উত্তর: চার্লস উইলকিন্স

✪ বাংলা সাহিত্যকে কয়টি যুগে ভাগ করা হয়েছে?

উত্তর: ৩ টি যুগে।

ক) প্রাচীন যুগ (৬৫০-১২০০ খ্রি)

খ) মধ্য যুগ (১২০১-১৮০০ খ্রি)

গ) আধুনিক যুগ (১৮০১-বর্তমান)

✪ কোন সময়কে বাংলা সাহিত্যের অন্ধকার যুগ বলা হয়?

উত্তর: ১২০১-১৩৫০ খ্রি

✪ বাংলা সাহিত্যের প্রাচীন নিদর্শন কোনটি? / বাংলা ভাষার লিখিত রূপের প্রাচীনতম নিদর্শন কী?

উত্তর: চর্যাপদ

✪ চর্যাপদের আবিষ্কারক কে, কোথা হতে কবে আবিষ্কার করেন?

উত্তর: ড. হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রাজগ্রন্থশালা হতে ১৯০৭ খ্রিস্টাব্দে

✪ হরপ্রসাদ শাস্ত্রীর উপাধি কী?

উত্তর: মহামহোপাধ্যায়

✪ চর্যাপদে কোন ধর্মমতের কথা উল্লেখ আছে?

উত্তর: বৌদ্ধধর্ম

✪ 'সন্ধ্যাভাষা' কোন সাহিত্যকর্মের সঙ্গে যুক্ত?

উত্তর: চর্যাপদ

✪ বাংলা সাহিত্যের আদি কবি কে?

উত্তর: লুইপা

✪ বাংলা ভাষা ও সাহিত্যের মধ্যযুগের প্রথম নিদর্শন কোনটি?

উত্তর: শ্রীকৃষ্ণকীর্তন

✪ মধ্যযুগের শ্রেষ্ঠ কবি কে?

উত্তর: ভারতচন্দ্র রায়গুণাকর

✪ 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচয়িতা কে, কবে কোথা থেকে উদ্ধার হয়েছিল?

উত্তর: বড়ু চণ্ডীদাস; ১৯০৯ খ্রিস্টাব্দে; গোয়ালঘর থেকে

✪ 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে' চরণটি কার কাব্য থেকে নেয়া?

উত্তর: ভারতচন্দ্র রায়

✪ 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে' উক্তিটি করেছেন কে/মনোবাঞ্ছাটি কার?

উত্তর: ঈশ্বরী পাটনী

✪ বাংলা সাহিত্যের প্রাচীনতম মুসলমান কবি কে?

উত্তর: শাহ মুহম্মদ সগীর

✪ ইউসুফ জোলেখা প্রণয়কাব্য রচনা করেছেন কে?

উত্তর: শাহ মুহম্মদ সগীর

✪ 'পদ্মাবতী' রচনা করেন কে?

উত্তর: আলাওল

✪ 'সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই' উক্তিটি কার?

উত্তর: চণ্ডীদাস

✪ 'মৈয়মনসিংহ গীতিকা' সম্পাদনা করেছেন কে?

উত্তর: ড. দীনেশচন্দ্র সেন

✪ 'মৈয়মনসিংহ গীতিকা' সংগ্রাহক কে?

CamScanner

227

উত্তর: চন্দ্রকুমার দে

✪ 'খনার বচন' এর মূল্য ভাব কী ও এটি কী সংক্রান্ত?

উত্তর: শুদ্ধ জীবনযাপন রীতি; কৃষি

✪ ফোর্ট উইলিয়াম কলেজ কত সালে প্রতিষ্ঠিত হয়?

উত্তর: ১৮০০ সালে

✪ ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগ খোলা হয় কবে?

উত্তর: ১৮০১ সালে

✪ বাংলা সাহিত্যের ১ম উপন্যাস কোনটি?

উত্তর: আলালের ঘরে দুলাল (প্যারীচাঁদ মিত্র)

✪ বাংলা সাহিত্যের ১ম সার্থক উপন্যাস কোনটি?

উত্তর: দুর্গেশনন্দিনী (বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়)

✪ বাংলা সাহিত্যের ১ম ইতিহাস গ্রন্থ কোনটি?

উত্তর: বঙ্গভাষা ও সাহিত্য (দীনেশ চন্দ্র সেন)

✪ বাংলা সাহিত্যের ১ম মহিলা কবি কে?

উত্তর: চন্দ্রাবতী

✪ বাংলা সাহিত্যের ১ম মুসলিম কবি কে?

উত্তর: শাহ মুহম্মদ সগীর

✪ বাংলা সাহিত্যে 'সনেট' এর প্রবর্তক কে?

উত্তর: মাইকেল মধুসূদন দত্ত

✪ চলিত রীতির প্রবর্তক কে?

উত্তর: প্রমথ চৌধুরী

✪ যতি বা বিরামচিহ্নের প্রবর্তক কে?

উত্তর: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

✪ বাংলা ছোট গল্পের জনক কে?

উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর

✪ প্রথম বাংলা ব্যাকরণ পর্তুগিজ ভাষায় লেখেন কে, কত সালে?

উত্তর: মানোএল দা আসসুম্পসাঁউ ১৭৪৩ সালে।

✪ ইংরেজি ভাষায় বাংলা ব্যাকরণ 'এ গ্রামার অব দি বেঙ্গল ল্যাঙ্গুয়েজ' এর লেখক কে কত সালে তা প্রকাশিত হয়?

উত্তর: নাথানিয়েল ব্রাসি হ্যালহেড ১৭৭৮ সালে।

✪ প্রথম বাংলা ব্যাকরণ 'গৌড়ীয় ব্যাকরণ' লেখেন কে কত সালে?

উত্তর: রামমোহন রায় ১৮৩৩ সালে।

পত্র পত্রিকা

✪ বাংলা ভাষায় প্রকাশিত ১ম সাময়িকপত্র- দিগদর্শন (মাসিক)

✪ বাংলা ভাষায় প্রকাশিত ১ম সংবাদপত্র- সমাচার দর্পণ (সাপ্তাহিক)

✪ বাংলা ভাষায় প্রকাশিত ১ম দৈনিক- সংবাদ প্রভাকর (সম্পাদক- ঈশ্বরচন্দ্র গুপ্ত)

✪ বাংলাদেশ ভূখণ্ড থেকে প্রকাশিত ১ম সংবাদপত্র- রঙ্গপুর বার্তাবাহ

✪ ঢাকা থেকে প্রকাশিত ১ম সংবাদপত্র- ঢাকা প্রকাশ

✪ বাংলা সাহিত্যের চলিত রীতির প্রচলনে গুরুত্বপূর্ণ পত্রিকা- সবুজ পত্র (সম্পাদক- প্রমথ চৌধুরী)

CamScanner

228

সাহিত্যিকদের উপাধি

উপাধি	প্রকৃত নাম
মিথিলার কোকিল বা মৈথিল কোকিল, কবিকণ্ঠহার	বিদ্যাপতি
দৌলত উজির	বাহরাম খান
মহাকবি	আলাওল
বাংলা উপন্যাস ধারার প্রতিষ্ঠাতা পুরুষ	প্যারীচাঁদ মিত্র
কবিকঙ্কন	মুকুন্দরাম চক্রবর্তী
রায়গুণাকর, প্রথম নাগরিক কবি	ভারতচন্দ্র
যুগসন্ধিক্ষণ বা যুগসন্ধিকালের কবি	ঈশ্বরচন্দ্র গুপ্ত
বিদ্যাসাগর	ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
যতি বা বিরামচিহ্নের প্রবর্তক	
বাংলা গদ্যের জনক	
বাংলার মিল্টন	হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
বাংলা সাহিত্যে আধুনিকতার উদ্যোগ	মাইকেল মধুসূদন দত্ত
বাংলা সাহিত্যে সনেটের প্রবর্তক	
বাংলা সাহিত্যের প্রথম বিদ্রোহী কবি	
ভোরের পাখি, বাংলা গীতিকবিতার জনক	বিহারীলাল চক্রবর্তী
বিশ্বকবি	রবীন্দ্রনাথ ঠাকুর
বাংলা ছোট গল্পের জনক	
কবিগুরু	
সাহিত্য সম্রাট	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
বাংলা সাহিত্যের প্রথম সার্থক ঔপন্যাসিক	
বাংলার ওয়াল্টার স্কট	

উপাধি	প্রকৃত নাম
ছন্দের জাদুকর	সত্যেন্দ্রনাথ দত্ত
তর্করত্ন	রামনারায়ণ
সাহিত্য বিশারদ	আবদুল করিম
ভাষাতত্ত্ববিদ	ড. মুহাম্মদ শহীদুল্লাহ
অপরাজেয় কথাশিল্পী	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
চলিত রীতির প্রবর্তক	প্রমথ চৌধুরী
সাহিত্যরত্ন	নজিবর রহমান
শহীদ জননী	জাহানারা ইমাম
বাংলাদেশের শ্রেষ্ঠ মহিলা কবি	সুফিয়া কামাল
জননী সাহসিকা	
নারী জাগরণের অগ্রদূত	রোকেয়া সাখাওয়াত হোসেন
বাংলাদেশের জাতীয় কবি	কাজী নজরুল ইসলাম
বিদ্রোহী কবি	
পল্লিকবি	জসীমউদ্‌দীন
প্রকৃতির কবি	জীবনানন্দ দাশ
তিমির হননের কবি	
রুপসী বাংলার কবি	
নির্জনতার কবি	
মুসলিম বা ইসলামি রেনেসাঁর কবি	ফররুখ আহমদ
মরমি কবি	হাসন রাজা
শান্তিপুরের কবি	মোজাম্মেল হক
আধুনিক যুগের নাগরিক কবি	সমর সেন
কিশোর কবি	সুকান্ত ভট্টাচার্য
নাগরিক কবি	শামসুর রাহমান
দুঃখবাদী কবি	যতীন্দ্রনাথ সেনগুপ্ত

CamScanner

229

সাহিত্যিকদের ছদ্মনাম ও প্রকৃত নাম

প্রকৃত নাম	ছদ্মনাম
অনন্ত বড়ু	বড়ু চণ্ডীদাস
রবীন্দ্রনাথ ঠাকুর	ভানুসিংহ ঠাকুর
প্রমথ চৌধুরী	বীরবল
প্যারীচাঁদ মিত্র	টেকচাঁদ ঠাকুর
সমরেশ বসু	কালকূট
বলাইচাঁদ মুখোপাধ্যায়	বনফুল
সুনীল গঙ্গোপাধ্যায়	নীল লোহিত
বিনয়কৃষ্ণ মুখোপাধ্যায়	যাযাবর
মীর মশাররফ হোসেন	গাজী মিয়া
শেখ আজিজুর রহমান	শওকত ওসমান
আবদুল মান্নান সৈয়দ	অশোক সৈয়দ

প্রকৃত নাম	ছদ্মনাম
কালীপ্রসন্ন সিংহ	হুতোম প্যাঁচা
মুহম্মদ কাজেম আল কোরেশী	কায়কোবাদ
স্বামী কালিকানন্দ	অবধূত
নীহাররঞ্জন গুপ্ত	বানভট্ট
রাজশেখর বসু	পরশুরাম
কাজী নজরুল ইসলাম	ধূমকেতু
শরৎচন্দ্র চট্টোপাধ্যায়	অনিলা দেবী
মোহাম্মদ জহিরুল্লাহ	জহির রায়হান
প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়	মানিক বন্দ্যোপাধ্যায়
আবুল ফজল	শামসের উল আজাদ
বিমল ঘোষ	মৌমাছি

ভাষা আন্দোলনভিত্তিক রচনা

নাটক	
কবর	মুনীর চৌধুরী
উপন্যাস	
আরেক ফাল্গুন	জহির রায়হান
আর্তনাদ	শওকত ওসমান
নিরন্তর ঘণ্টাধ্বনি	সেলিনা হোসেন
গ্রন্থ	
একুশে ফেব্রুয়ারি	হাসান হাফিজুর রহমান
চলচ্চিত্র	
জীবন থেকে নেওয়া	জহির রায়হান
Let there be light	
কবিতা	
কাঁদতে আসিনি, ফাঁসির দাবি নিয়ে এসেছি	মাহবুব উল আলম চৌধুরী
স্মৃতির মিনার	আলাউদ্দিন আল আজাদ
গান	
আমার ভাইয়ের রক্তে রাঙানো ২১শে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি..	আবদুল গাফফার চৌধুরী

মুক্তিযুদ্ধভিত্তিক রচনা

নাটক	
পায়ের আওয়াজ পাওয়া যায়	সৈয়দ শামসুল হক
কী চাহ শঙ্খচীল	মমতাজ উদ্দীন আহমেদ
বকুলপুরের স্বাধীনতা	
বর্ণচোরা	
নরকে লাল গোলাপ	আলাউদ্দিন আল আজাদ
উপন্যাস	
রাইফেল রোটি আওরাত	আনোয়ার পাশা
নিষিদ্ধ লোবান	সৈয়দ শামসুল হক
নীলদংশন	
জাহান্নাম হইতে বিদায়	শওকত ওসমান
দুই সৈনিক	
নেকড়ে অরণ্য	
জলাংগী	

CamScanner

230

আগুনের পরশমণি	হুমায়ূন আহমেদ
শ্যামল ছায়া	
জোছনা ও জননীর গল্প	
সূর্যের দিন	
উপমহাদেশ	আল মাহমুদ
খাঁচায়	রশীদ হায়দার
হাঙর নদী গ্রেনেড	সেলিনা হোসেন
যুদ্ধ	
কালো ঘোড়া	ইমদাদুল হক মিলন
ফেরারী সূর্য	রাবেয়া খাতুন
এ গোল্ডেন এজ	তাহমিমা আনাম
আমার বন্ধু রাশেদ	মুহম্মদ জাফর ইকবাল
একটি কালো মেয়ের কথা	তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
প্রবন্ধ	
একাত্তরের বিজয় গাঁথা	মেজর রফিকুল ইসলাম
লক্ষ প্রাণের বিনিময়ে	
দ্যা লিবারেশন অব বাংলাদেশ	মেজর জেনারেল সুখওয়ান্ত সিং
আমি বীরাঙ্গনা বলছি	ড. নীলিমা ইব্রাহিম
একাত্তরের ঢাকা	সেলিনা হোসেন
একাত্তরের নিশান	রাবেয়া খাতুন

স্মৃতিকথা	
আমি বিজয় দেখিছি	এম আর আখতার মুকুল
একাত্তরের দিনগুলি	জাহানারা ইমাম
একাত্তরের ডায়েরি	সুফিয়া কামাল
ফেরারী ডায়েরি	আলাউদ্দিন আল আজাদ
গ্রন্থ	
মুক্তিযুদ্ধের ইতিহাস	হাসান হাফিজুর রহমান
বাংলাদেশ কথা কয়	আবদুল গাফফার চৌধুরী
গল্প	
জন্ম যদি তব বঙ্গে	শওকত ওসমান
মুক্তিযুদ্ধের গল্প	রাবেয়া খাতুন
কবিতা	
সেপ্টেম্বর অন যশোর রোড	অ্যালেন গিনসবার্গ
স্বাধীনতা তুমি	শামসুর রাহমান
আজকের বাংলাদেশ	সুফিয়া কামাল
দগ্ধগ্রাম	জসীমউদ্‌দীন
পত্র সংকলন	
একাত্তরের চিঠি	প্রথম আলো

গুরুত্বপূর্ণ রচনাবলি

রচনা	লেখক
কথোপকথন	উইলিয়াম কেরি
বেতাল পঞ্চবিংশতি, শকুন্তলা, ভ্রান্তিবিলাস, বর্ণপরিচয়	ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
আলালের ঘরের দুলাল, আধ্যাত্মিকা	প্যারীচাঁদ মিত্র
বিষাদ সিন্ধু, উদাসীন পথিকের মনের কথা, জমিদার দর্পন, বেহুলা গীতাভিনয়, বসন্ত কুমারী, রত্নবতী, গাজী মিয়ার বস্তানী	মীর মশাররফ হোসেন
দুর্গেশনন্দিনী, কপালকুণ্ডলা, মৃণালিনী, সীতারাম, রাজসিংহ, বিষবৃক্ষ, রজনী, কৃষ্ণকান্তের উইল, আনন্দমঠ	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
হুতোম প্যাঁচার নকশা	কালীপ্রসন্ন সিংহ

CamScanner

231

রচনা	লেখক
বৃত্রসংহার	হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
মহাশ্মশান, অশ্রুমালা, কুসুম কানন	কায়কোবাদ
সাজাহান, নূরজাহান,	দ্বিজেন্দ্রলাল রায়
নীলদর্পণ, সধবার একাদশী, বিয়ে পাগলা বুড়ো, কমলে কামিনী	দীনবন্ধু মিত্র
তিলোত্তমাসম্ভব, চতুর্দশপদী কবিতাবলী, বীরাঙ্গনা, ব্রজাঙ্গনা, বঙ্গভাষা, শর্মিষ্ঠা, পদ্মাবতী, কৃষ্ণকুমারী,	মাইকেল মধুসূদন দত্ত
গীতাঞ্জলি, সোনার তরী, বনফুল, মানসী, পুনশ্চ, সঞ্চয়িতা, গীতবিতান, নবজাতক, সোনার তরী, শেষ লেখা, মহুয়া, বসন্ত, বিসর্জন, ডাকঘর, রাজা ও রানী, ঘরে-বাইরে, চোখের বালি, শেষের কবিতা, রাজর্ষি, বৌঠাকুরাণীর হাট, গোরা, হৈমন্তী, পোস্টমাস্টার, এক রাত্রি, ছিন্ন পত্র, আমার ছেলেবেলা, আত্মজীবনী, দুই বিঘা জমি	রবীন্দ্রনাথ ঠাকুর জন্ম: ২৫শে বৈশাখ ১২৬৮/ ৭ মে ১৮৬১ মৃত্যু: ২২শে শ্রাবণ ১৩৪৮/ ৭ আগস্ট১৯৪১

*** তথ্য কনিকা ***

- প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থের নাম 'কবি-কাহিনী' । (প্রকাশকাল-১৮৭৮) {মোট কাব্যগ্রন্থ-৫৬টি}
- দ্বিতীয় প্রকাশিত কাব্যগ্রন্থের নাম 'বনফুল'। (প্রকাশকাল-১৮৮০)
- প্রথম প্রকাশিত নাটকের নাম 'বাল্মীকি প্রতিভা'।
- প্রথম প্রকাশিত উপন্যাসের নাম ' বৌঠাকুরাণীর হাট'।
- প্রথম প্রকাশিত ছোটগল্পের নাম 'ভিখারিনী'।
- প্রথম প্রকাশিত প্রবন্ধগ্রন্থের নাম 'বিবিধপ্রসঙ্গ'।
- রবীন্দ্রনাথ তাঁর নিজের লেখা ১৩টি নাটকে অভিনয় করেন।
- আর্জেন্টিনার 'ভিক্টোরিয়া ওকাম্পো' নারী কবিকে রবীন্দ্রনাথ বিজয়া নাম দেন। তাকে 'পূরবী' কাব্য উৎসর্গ করেন।
- রবীন্দ্রনাথের সর্বশেষ বিদেশযাত্রা সিংহল, ১৯৩৪ সালে।
- হিন্দু-মুসলিম মিলনের জন্য তিনি 'রাখীবন্ধন' উৎসব সূচনা করেন।
- রবীন্দ্রনাথের শ্বশুর বাড়ি খুলনা, বাংলাদেশ।
- 'গীতাঞ্জলি' কাব্য ১৯১০ খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়। *{'গীতাঞ্জলি' ১৫৭টি গানের সংকলন}
- গীতাঞ্জলি অবলম্বনে গ্রন্থ Song Offerings ১৯১২ সালে প্রকাশিত হয়।
- Song Offerings ১৯ এর ভূমিকা লেখেন ইংরেজি কবি W. B. Yeats.
- রবীন্দ্রনাথ ১৯১৩ সালে 'গীতাঞ্জলি বা Song Offerings গ্রন্থের জন্য নোবেল পুরস্কার পান।
- কলকাতা বিশ্ববিদ্যালয় হতে ১৯১৩ সালে; অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় হতে ১৯৪০ সালে এবং ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ১৯৩৬ সালে ডি.লিট. উপাধি পান।
- ব্রিটিশ সরকার তাকে নাইটহুড বা স্যার উপাধি দেন ১৯১৫, ৩রা জুন।
- রবীন্দ্রনাথকে কাজী নজরুল ইসলাম 'সঞ্চিতা' উৎসর্গ করেন।
- 'সাধনা', 'ভারতী', 'বঙ্গদর্শন', 'তত্ত্ববোধিনী' পত্রিকার সম্পাদক ছিলেন রবীন্দ্রনাথ ঠাকুর।
- বাংলাদেশের জাতীয় সঙ্গীত রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর । {এটি 'বঙ্গদর্শন' পত্রিকায় প্রথম ১৯০৫ সালে প্রকাশিত হয়}
- বিবিসি জরিপে (২০০৪ সালে) সর্বকালের শ্রেষ্ঠ বাঙালির তালিকায় দ্বিতীয় রবীন্দ্রনাথ ঠাকুর। {প্রথম শেখ মুজিবুর রহমান}
- রবীন্দ্রনাথ ঠাকুর ঢাকায় আসেন ২ বার (প্রথম-১৮৯৮ সালে ও দ্বিতীয়- ১৯২৬ সালে) {ঢাবিতে বক্তৃতা দেন-১৯২৬ সালে}

CamScanner

232

রচনা	লেখক
আনোয়ারা	নজিবুর রহমান
মতিচূর, সুলতান স্বপ্ন, অবরোধবাসিনী, পদ্মরাগ	বেগম রোকেয়া (৯ ডি. ১৮৮০ - ৯ ডি. ১৯৩২)
বীরবলের হালখাতা, তেল-নুন-লাকড়ী, চার ইয়ারী কথা	প্রমথ চৌধুরী
আব্দুল্লাহ	কাজী ইমদাদুল হক
ঠাকুরমার ঝুলি	দক্ষিণারঞ্জন মিত্র
অনল প্রবাহ, স্পেন বিজয় কাব্য	সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী
শ্রীকান্ত, গৃহদাহ, দেবদাস, শেষপ্রশ্ন, শেষের পরিচয়, দেনাপাওনা, পল্লীসমাজ, পথের দাবী, বড়দিদি, বৈকুণ্ঠের উইল, বিলাসী, মহেশ	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
অগ্নিবীণা, মরুভাস্কর, সঞ্চিতা, বিশের বাঁশি, সর্বহারা, সাম্যবাদী, দোলন চাঁপা, প্রলয়োল্লাস, বিদ্রোহী, দারিদ্র্য, আনন্দময়ীর আগমনে, নারী, যৌবনের গান, পুতুলের বিয়ে, মধুমালা, ঝিলিমিলি, বাঁধন হারা, মৃত্যুক্ষুধা, ব্যথার দান, রাজবন্দীর জবানবন্দি, মোহররম	কাজী নজরুল ইসলাম জন্ম: ১১ জৈষ্ঠ ১৩০৬/২৪ মে ১৮৯৯ মৃত্যু: ১২ভাদ্র ১৩৮৩/২৯ আগস্ট ১৯৭৬

❋ তথ্য কনিকা ❋

- ❋অগ্নিবীণার প্রথম কবিতা- 'প্রলয়োল্লাস'
- ❋অগ্নিবীণার দ্বিতীয় কবিতা- 'বিদ্রোহী'
- ❋অগ্নিবীণার সর্বশেষ কবিতা- মোহররম

- প্রথম প্রকাশিত গ্রন্থের/ গল্পগ্রন্থের নাম 'ব্যথার দান'। (প্রকাশকাল-১৯২২ সালে)
- প্রথম প্রকাশিত রচনার/গল্পের নাম 'বাউন্ডেলের আত্মকাহিনী'।
- প্রথম প্রকাশিত কবিতার নাম 'মুক্তি'।
- প্রথম প্রকাশিত উপন্যাসের নাম 'বাঁধনহারা'। (এটি পত্রোউপন্যাস যাতে ১৮টি পত্র আছে)
- প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থের নাম 'অগ্নিবীণা'। (প্রকাশকাল-১৯২২, কবিতা আছে ১২টি)
- প্রথম প্রকাশিত প্রবন্ধগ্রন্থের নাম 'যুগবাণী'।
- প্রথম প্রকাশিত নাট্যগ্রন্থের/নাটকের নাম 'ঝিলিমিলি'।
- কাজী নজরুল ইসলাম মস্তিষ্কের ব্যাধিতে ১৯৪২ সালের ১০ই অক্টোবর আক্রান্ত হন।
- কাজী নজরুল ইসলামের মোট উপন্যাস ৩টি (বাঁধন হারা, মৃত্যু ক্ষুধা, কুহেলিকা)
- কাজী নজরুল ইসলামের মোট নাটক ৪টি (ঝিলিমিলি, আলেয়া, মধুমালা, পুতুলে বিয়ে)
- ধূমকেতু, লাঙল ও নবযুগ পত্রিকার সম্পাদক ছিলেন কাজী নজরুল ইসলাম।
- কাজী নজরুর ইসলাম মোট ১৩ বার ঢাকায় আসেন। (ঢাবিতে আসেন ৫ বার)
- কাজী নজরুল ইসলাম প্রথম ঢাকায় আসেন হেমন্তকুমার সরকারের সঙ্গে ১৯২৬ সালে। (দ্বিতীয় বার- ১৯২৬)
- কাজী নজরুল ইসলাম সুস্থ অবস্থায় সর্বশেষ ঢাকায় আসেন ১৯৪০ সালের ১২ই ডিসেম্বর।
- রাষ্ট্রীয় অতিথি হিসেবে ঢাকায় আনা হয় ১৯৭২ সালে এবং জাতীয় কবির মর্যাদা দেওয়া হয়।
- রবীন্দ্রভারতী ১৯৬৯ সালে এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯৭৪ সালে তাকে ডি-লিট পদক দেন।
- কাজী নজরুল ইসলামকে বাংলাদেশের নাগরিকত্ব প্রদান করা হয় ১৯৭৬ সালের ১৮ই ফেব্রুয়ারি।
- বাংলাদেশ সরকার 'একুশে পদক' দেন ১৯৭৬ সালে।
- রবীন্দ্রনাথ ঠাকুর 'বসন্ত' গীতিনাট্যটি কাজী নজরুল ইসলামকে উৎসর্গ করেন।
- বিবিসি জরিপে (২০০৪ সালে) সর্বকালের শেষ্ঠ বাঙালির তালিকায় তৃতীয় কাজী নজরুল ইসলাম।
- বাংলাদেশের রণসঙ্গীত এর রচয়িতা কাজী নজরুল ইসলাম।
- কাজী নজরুল ইসলামের 'সন্ধ্যা' কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত এই 'রণসঙ্গীত'।
- রণসঙ্গীতটি সর্বপ্রথম 'নতুন গান' শিরোনামে 'শিখা' পত্রিকায় ১৯২৮ সালে প্রকাশিত হয়।

CamScanner

233

রচনা	লেখক
হাজার বছর ধরে, আরেক ফাল্গুন, শেষ বিকেলের মেয়ে, বরফ গলা নদী, একুশের গল্প, সময়ের প্রয়োজনে, জীবন থেকে নেওয়া, Stop Genocide, Let there be light.	জহির রায়হান
বনলতা সেন, ধূসর পাণ্ডুলিপি, ঝরা পালক, মহা পৃথিবী, সাতটি তারার তিমির,	জীবনানন্দ দাশ
আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর	আবুল মনসুর আহমদ
রক্তাক্ত প্রান্তর, কবর, মুখরা রমণী বশীকরণ	মুনীর চৌধুরী
নিরালোকে দিব্যরথ, বন্দি শিবির থেকে, বাংলাদেশ স্বপ্ন দেখে, বিধ্বস্ত নীলিমা, স্বাধীনতা তুমি, আসাদের শার্ট,	শামসুর রাহমান
তিতাস একটি নদীর নাম	অদ্বৈত মল্লবর্মণ
নদী ও নারী	হুমায়ূন কবির
সংশপ্তক, সারেং বৌ	শহীদুল্লাহ কায়সার
শাশ্বত বঙ্গ	কাজী আবদুল ওদুদ
রাইফেল রোটি আওরাত	আনোয়ার পাশা
পথের পাঁচালী, অপরাজিত, আরণ্যক, ইছামতী, অশনি সংকেত	বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
পদ্মা নদীর মাঝি, পুতুল নাচের ইতিকথা, দিবারাত্রির কাব্য	মনিক বন্দ্যোপাধ্যায়
লালসালু, চাঁদের অমাবস্যা	সৈয়দ ওয়ালীউল্লাহ
রাখালী, নকশী কাঁথার মাঠ, বালুচর, সোজন বাদিয়ার ঘাট, এক পয়সার বাশী, চলে মুফাফির, হলদে পরীর দেশে, পল্লীবধূ, বোবা কাহিনী, পদ্মাপার, বেদের মেয়ে	জসীমউদ্‌দীন
সূর্যদীঘল বাড়ি, জোঁক	আবু ইসহাক
চাচা কাহিনী, সবনম, দেশে বিদেশে, পঞ্চতন্ত্র	সৈয়দ মুজতবা আলী
ছাড়পত্র, হরতাল	সুকান্ত ভট্টাচার্য
বনি আদম	গোলাম মোস্তফা
সাত সাগরের মাঝি, সিরাজুম মুনীরা	ফররুখ আহমদ
মোস্তফা চরিত	মাওলানা আকরাম খাঁ
মনীষা মঞ্জুষা	মুহম্মদ এনামুল হক
বাংলা সাহিত্যের কথা, বাংলা ভাষার ইতিবৃত্ত, ভাষা ও সাহিত্য	ড. মুহম্মদ শহীদুল্লাহ
বঙ্গভাষা ও সাহিত্য	ড.দীনেশ চন্দ্রসেন
বটতলার উপন্যাস	রাজিয়া খান
উত্তম পুরুষ	রশীদ করিম
কাশবনের কন্যা	শামসুদ্দীন আবুল কালাম
যদ্যপি আমার গুরু	আহমদ ছফা
হাঙ্গর নদী গ্রেনেড, পোকামাকড়ের ঘরবসতি	সেলিনা হোসেন
নূরজাহান	ইমদাদুল হক মিলন

CamScanner

234

রচনা	লেখক
আত্মঘাতী বাঙালী	নীরদচন্দ্র চৌধুরী
মহাপুরুষ	হাসনাত আবদুল হাই
ছাপ্পান্ন হাজার বর্গমাইল, লাল নীল দীপাবলি	হুমায়ুন আজাদ
তেইশ নম্বর তৈলচিত্র, মানচিত্র	আলাউদ্দিন আল আজাদ
ক্রীতদাসের হাসি, জননী, জাহান্নাম হইতে বিদায়, নেকড়ে অরণ্য	শওকত ওসমান
পায়ের আওয়াজ পাওয়া যায়, নিষিদ্ধ লেবান, নুরুলদীনের সারাজীবন	সৈয়দ শামসুল হক
চিলেকোঠার সেপাই, খোয়াব নামা, দুধেভাতে উৎপাত, সংস্কৃতির ভাঙা সেতু	আখতারুজ্জামান ইলিয়াস
নন্দিত নরকে, আগুনের পরশমণি, কোথাও কেউ নেই, শঙ্খনীল কারাগার, আজ রবিবার, বহুব্রীহি	হুমায়ূন আহমেদ
সুবচন নির্বাসনে	আব্দুল্লাহ আল মামুন
স্বাধীনতা আমার স্বাধীনতা	মমতাজউদ্দিন আহমেদ
নেমেসিস	নূরুল মোমেন
মুনতাসীর ফ্যাটাসী, জঙ্ঘিস ও বিবিধ বেলুন	সেলিম আল দীন
হুলিয়া, চাষাভূষার কাব্য	নির্মলেন্দু গুণ
আমি কিংবদন্তীর কথা বলছি	আবু জাফর ওবায়দুল্লাহ
রাত্রিশেষ, ছায়া হরিণ	আহসান হাবীব
সোনালী কাবিন, কালের কলস, লোক লোকান্তর, উপমহাদেশ	আল মাহমুদ
সাঝের মায়া, একাত্তরের ডায়েরি	সুফিয়া কামাল
বিমুখ প্রান্তর, একুশে ফেব্রুয়ারি	হাসান হাফিজুর রহমান

CamScanner

235

বিগত সালের (২০১১-২০২৪) লিখিত পরীক্ষার প্রশ্ন ও উত্তর

- 'এর উপায় কি' নাটকটির রচিয়তা কে? **উত্তর:** মীর মশাররফ হোসেন
- 'সবুজপত্র' পত্রিকার সম্পাদকের নাম কী? **উত্তর:** প্রমথ চৌধুরী
- 'সোনার তরী' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কাব্যগ্রন্থের নাম কবিতা? **উত্তর:** সোনার তরী
- 'নদী ও নারী' বইটির লেখক কে? **উত্তর:** হুমায়ুন কবির
- 'দি লিবারেশন অব বাংলাদেশ' গ্রন্থের লেখক কে? **উত্তর:** মেজর জেনারেল সুখাওয়ান্ত সিং
- 'উপমহাদেশ' উপন্যাসের রচয়িতা কে? **উত্তর:** আল মাহমুদ
- 'পরশুরাম' ছদ্মনাম লিখতেন কে? **উত্তর:** রাজশেখর বসু
- 'বরফ গলা নদী' উপন্যাসের রচয়িতা কে? **উত্তর:** জহির রায়হান
- বেগম রোকেয়া এর জন্ম ও মৃত্যু সাল কত? **উত্তর:** জন্ম: ১৮৮০ মৃত্যু: ১৯৩২
- 'বীরবল' কোন খ্যাতিমান লেখকের ছদ্মনাম? **উত্তর:** প্রমথ চৌধুরী
- 'ময়মনসিংহ গীতিকা' কে সম্পাদনা করেন? **উত্তর:** ড. দীনেশচন্দ্র সেন
- 'সংশপ্তক' এর রচয়িতা কে? **উত্তর:** শহীদুল্লাহ কায়সার
- 'স্বাধীনতা তুমি' কবিতাটি কার লেখা? **উত্তর:** শামসুর রহমান
- বাংলা সাহিত্যের আদি নিদর্শন কোনটি? **উত্তর:** চর্যাপদ
- কাজী নজরুল ইসলাম কোন কবিতার জন্য কারাবরণ করেন? **উত্তর:** আনন্দময়ীর আগমনে
- 'শেষ প্রশ্ন' কার লেখা? **উত্তর:** শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
- বাংলা ভাষার সার্থক মহাকাব্য কোনটি? **উত্তর:** মেঘনাদবধ কাব্য
- 'শেষের কবিতা' কোন শ্রেণির সাহিত্য? **উত্তর:** উপন্যাস
- বিখ্যাত 'নারী' কবিতাটি কে লিখেছেন? **উত্তর:** কাজী নজরুল ইসলাম
- 'লিও তলস্তয়' কোন ভাষার সাহিত্যিক? **উত্তর:** রাশিয়ার
- 'পায়ের আওয়াজ পাওয়া যায়' গ্রন্থের লেখক কে? **উত্তর:** সৈয়দ শামসুল হক
- 'আগুনের পরশমণি' গ্রন্থের লেখক কে? **উত্তর:** হুমায়ূন আহমেদ
- কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থের নাম কী? **উত্তর:** অগ্নিবীণা
- 'একাত্তরের দিনগুলি' কার লেখা? **উত্তর:** জাহানারা ইমাম
- 'নির্জনতার কবি' কার ছদ্মনাম? **উত্তর:** জীবনানন্দ দাস
- 'রাজবন্দীর জবানবন্দী' কার ও কোন ধরনের রচনা? **উত্তর:** কাজী নজরুল ইসলাম রচিত একটি প্রবন্ধ
- 'ভোরের পাখি' কাকে বলা হয়? **উত্তর:** বিহারীলাল চক্রবর্তীকে
- 'অপরাজিতা' উপন্যাসের রচয়িতা কে? **উত্তর:** বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

CamScanner

236

➲ 'কেউ ভোলেনা, কেউ ভোলে, অতীত দিনের স্মৃতি' এ গানটির রচয়িতা কে? **উত্তর:** কাজী নজরুল ইসলাম

➲ 'বৈষ্ণব পদাবলী' এর আদি রচয়িতা কে? **উত্তর:** বড়ু চণ্ডীদাস

➲ 'আরণ্যক' উপন্যাসের রচয়িতা কে? **উত্তর:** বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

➲ 'অর্ধাঙ্গিনী' প্রবন্ধটির রচয়িতা কে? **উত্তর:** বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন

➲ ইশ্বরচন্দ্রকে কোন প্রতিষ্ঠান বিদ্যাসাগর উপাধি দিয়েছে? **উত্তর:** সংস্কৃত কলেজ

➲ 'একদা রাজ্যে' রচনা কার এবং কি ধরনের? **উত্তর:** সৈয়দ শামসুল হকের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ

➲ 'বই পড়া' প্রবন্ধটি কার লেখা? **উত্তর:** প্রমথ চৌধুরী

➲ **নিম্ন লিখিত গ্রন্থসমূহের রচয়িতার নাম লিখুন।**

উত্তর:

ক) পদ্মরাগ	বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন
খ) বাংলা ভাষার ইতিবৃত্ত	ড. মুহাম্মদ শহিদুল্লাহ
গ) আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর	আবুল মনসুর আহমদ
ঘ) অনল প্রবাহ	সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী
ঙ) নদী ও নারী	হুমায়ুন কবির

➲ **নিম্নের গ্রন্থগুলোর রচয়িতার নাম লিখুনঃ**

উত্তর:

ক) বায়ান্নর দিনগুলো	শেখ মুজিবুর রহমান
খ) বিষের বাঁশি	কাজী নজরুল ইসলাম
গ) রাত্রিশেষ	আহসান হাবিব
ঘ) বন্দি শিবির থেকে	শামসুর রাহমান
ঙ) বিমুখ প্রান্তর	হাসান হাফিজুর রহমান

➲ 'পায়ের আওয়াজ পাওয়া যায়' কোন শ্রেণির নাটক? **উত্তর:** মুক্তিযুদ্ধভিত্তিক কাব্যনাট্য

➲ ঠাকুর মার ঝুলির রচিয়তা কে? **উত্তর:** দক্ষিণারঞ্জন মিত্র

➲ 'হাজার বছর ধরে' উপন্যাসটির রচয়িতা কে? **উত্তর:** জহির রায়হান

➲ 'মানুষের মাঝে স্বর্গ নরক মানুষেতে সুরাসুর' পঙক্তিটি কার? **উত্তর:** শেখ ফজলুল করিম

➲ বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম কত সালে মৃত্যুবরণ করেন? **উত্তর:** ১৯৭৬ সালে

➲ 'দেয়াল' উপন্যাসটির রচিয়তা কে? **উত্তর:** হুমায়ূন আহমেদ

➲ 'বীরবল' কার ছদ্মনাম? **উত্তর:** প্রমথ চৌধুরী

➲ 'শেষের কবিতা' কোন ধরনের সাহিত্যকর্ম? **উত্তর:** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত উপন্যাস

➲ বাংলা সাহিত্যে 'সনেট' এর প্রবর্তক কে? **উত্তর:** মাইকেল মধুসূদন দত্ত

➲ কাজী নজরুল ইসলাম এর 'বিদ্রোহী' কবিতাটি কোন কাব্য গ্রন্থের অন্তর্ভুক্ত? **উত্তর:** অগ্নিবীণা

➲ মহাকবি আলাওল কোন যুগের কবি? **উত্তর:** মধ্যযুগের

➲ বাংলা একাডেমি কত সালে প্রতিষ্ঠিত হয়? **উত্তর:** ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর

CamScanner

237

- 'বর্ণ পরিচয়' গ্রন্থের লেখক কে? — উত্তর: ইশ্বরচন্দ্র বিদ্যাসাগর
- পূর্বাশা পত্রিকার সম্পাদক কে ছিলেন? — উত্তর: সঞ্জয় ভট্টাচার্য
- বাংলা ভাষার মূল উৎস কোনটি? — উত্তর: প্রাকৃত ভাষা
- 'নিষিদ্ধ লোবান' উপন্যাসটি কে লিখেছেন? — উত্তর: সৈয়দ শামসুল হক
- 'প্রশ্ন নেই উত্তরে পাহাড়' কাব্যটি কে লিখেছেন? — উত্তর: আসাদ চৌধুরী
- বাংলা সাহিত্যে কে প্রথম সনেট লিখেছেন? — উত্তর: মাইকেল মধুসূদন দত্ত
- বড় দিদি উপন্যাসটি কার লেখা? — উত্তর: শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
- অবরোধবাসিনী প্রবন্ধ গ্রন্থটি কার লেখা? — উত্তর: রোকেয়া সাখাওয়াত হোসেন

২০২২

- কবর কবিতাটির রচয়িতা কে? — উত্তর: জসীমউদ্‌দীন
- আমাদের জাতীয় কবির নাম কী? — উত্তর: কাজী নজরুল ইসলাম
- বাংলাদেশের জাতীয় সংগীতরে রচয়িতা কে? — উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর
- 'কোথাও কেউ নেই' রচয়িতা কে? — উত্তর: হুমায়ূন আহমেদ
- 'তোমাকে পাওয়ার জন্য, হে স্বাধীনতা' কবিতাটির কার লেখা? — উত্তর: শামসুর রাহমান
- কোন সাহিত্যিক 'ব্যাঙাচি' ছদ্মনামে লিখতেন? — উত্তর: কাজী নজরুল ইসলাম
- মুসলিম নারী জাগরণের অগ্রদূত কে? — উত্তর: বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন
- শাহনামা এর লেখক কে? — উত্তর: কবি ফেরদৌসী
- বাংলা ছোট গল্পের জনক কে? — উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর
- 'টপ্পা' গানের জনক কে? — উত্তর: রামনিধি গুপ্ত
- বাংলা সাহিত্যের ছন্দের জাদুকর কাকে বলা হয়? — উত্তর: সত্যেন্দ্রনাথ দত্ত
- বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তন করেন কে? — উত্তর: মাইকেল মধুসূদন দত্ত
- একটি তুলসী গাছের কাহিনী এর লেখকের নাম কী? — উত্তর: সৈয়দ ওয়ালীউল্লাহ
- রুবাইয়াৎ-ই-ওমর কৈয়াম এর লেখকের নাম কী? — উত্তর: কাজী নজরুল ইসলাম
- ব্রজবুলি পদাবলি কে রচনা করেন? — উত্তর: বিদ্যাপতি
- বাংলা সাহিত্যের প্রথম নারী কবি কে? — উত্তর: চন্দ্রাবতী
- পদ্মাবতী কাব্যের রচয়িতা কে? — উত্তর: সৈয়দ আলাওল
- 'আমার দেখা নয়াচীন' কে লিখেছেন? — উত্তর: শেখ মুজিবুর রহমান
- সনেটের শেষ অংশকে কী বলে? — উত্তর: ষটক
- 'বীরাঙ্গনা' মধুসূদন দত্ত রচিত কোন ধরনের গ্রন্থ? — উত্তর: পত্রকাব্য
- 'নদী ও নারী' উপন্যাসের রচয়িতা কে? — উত্তর: হুমায়ুন কবির
- শরৎচন্দ্রের যে উপন্যাসটি সরকার কর্তৃক বাজেয়াপ্ত হয়েছিল তার নাম কী? — উত্তর: পথের দাবী

CamScanner

238

➲ বাংলা সাহিত্যের প্রথম সার্থক ট্র্যাজেডি নাটক কোনটি? উত্তর: কৃষ্ণকুমারী

➲ 'আর্তনাদ' উপন্যাসের পটভূমি কী? উত্তর: ভাষা আন্দোলন

➲ কবি আলাওল এর উপাধি কি ছিল? উত্তর: মহাকবি

➲ নবীনচন্দ্র সেনের ১টি মহাকাব্যের নাম লিখুন। উত্তর: কুরুক্ষেত্র

➲ পদ্মাবতী নাটকটির রচয়িতা কে? উত্তর: মাইকেল মধুসূদন দত্ত

➲ 'সন্দেশ' পত্রিকার সম্পাদক কে ছিলেন? উত্তর: সুকুমার রায়

➲ মাইকেল মধুসূদন দত্তের সৃষ্ট ছন্দের নাম কি? উত্তর: অমিত্রাক্ষর

➲ বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কি? উত্তর: চর্যাপদ

➲ বাংলা সাহিত্যের 'ভোরের পাখি' কাকে বলা হয়? উত্তর: বিহারীলাল চক্রবর্তী

➲ 'শেষের কবিতা' উপন্যাসের রচয়িতা কে? উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর

➲ 'মেঘনাদবধ' কাব্যের রচয়িতা কে? উত্তর: মাইকেল মধুসূদন দত্ত

➲ কবি কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতা কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? উত্তর: অগ্নিবীণা

➲ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর জন্ম ও মৃত্যু তারিখ লিখুন।

উত্তর: জন্ম: ২৪মে ১৮৯৯ মৃত্যু: ২৯ আগস্ট ১৯৭৬

➲ 'সঞ্চিতা' ও 'সঞ্চয়িতা' কার লেখা?

উত্তর: সঞ্চিতা- কাজী নজরুল ইসলাম; সঞ্চয়িতা- রবীন্দ্রনাথ ঠাকুর

➲ বাংলাদেশের জাতীয় সংগীতের রচয়িতা কে? উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর

➲ 'চর্যাপদ' কে কখন কোথা থেকে আবিষ্কার করেছেন?

উত্তর: ড. হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রাজগ্রন্থশালা হতে

➲ বঙ্গবন্ধুর লেখা 'অসমাপ্ত আত্মজীবনী' প্রবন্ধের ইংরেজি অনুবাদক কে? উত্তর: অধ্যাপক ড. ফকরুল আলম

➲ 'রাজলক্ষী' চরিত্রের স্রষ্টা কে? উত্তর: শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

➲ 'মজলুম আদিব' কোন কবির ছদ্মনাম? উত্তর: শামসুর রাহমান

➲ 'পুতুল নাচের ইতিকথা' কোন শ্রেণীর গ্রন্থ? উত্তর: উপন্যাস

➲ রবীন্দ্রনাথ ঠাকুর প্রথম কত সালে ঢাকায় আসেন? উত্তর: ১৮৯৮ সালে

➲ বাংলা মুদ্রাক্ষরের জনক কে? উত্তর: চার্লস উইলকিন্স

➲ মার্জার সুন্দরী কী?

উত্তর: বিড়াল (বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় এর 'বিড়াল' প্রবেন্ধে বিড়াল কে মার্জার সুন্দরী বলা হয়)

➲ 'এই গৃহ এই সন্ন্যাসী' কোন ধরনের গ্রন্থ ও লেখকের নাম কী? উত্তর: কাব্যগ্রন্থ; মহাদেব সাহা

➲ ' রেখ, মা, দাসেরে মনে'- উক্তিটি মাইকেল মধুসূদন দত্তের কোন কবিতা থেকে নেয়া হয়েছে? এখানে 'মা' কে?

উত্তর: কবিতা- 'বঙ্গভূমির প্রতি। 'মা' কে দেশ হিসেবে কল্পনা করা হয়েছে।

➲ এন্টনি ফিরিঙ্গি কি জাতীয় সাহিত্যের রচয়িতা? উত্তর: কবিগান

CamScanner

239

- যুগসন্ধিক্ষনের কবি কাকে বলা হয়? **উত্তর:** ঈশ্বরচন্দ্র গুপ্ত
- রবীন্দ্রনাথ কোন কাব্যগ্রন্থের জন্য নোবেল পুরস্কার পান? **উত্তর:** গীতাঞ্জলি
- 'নেকড়ে অরণ্য' মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাসটির লেখক কে? **উত্তর:** শওকত ওসমান
- 'দুই সৈনিক' উপন্যাসের রচয়িতা কে? **উত্তর:** শওকত ওসমান
- বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি কে? **উত্তর:** চন্দ্রাবতী
- "আমার সন্তান যেন তাকে দুধে-ভাতে" এ বিখ্যাত পঙক্তিটির রচয়িতা কে? **উত্তর:** ভারতচন্দ্র রায়
- 'মৃত্যুক্ষুধা' কোন ধরনের গ্রন্থ? **উত্তর:** উপন্যাস
- 'বিসর্জন' নাটকটি কার রচিত? **উত্তর:** রবীন্দ্রনাথ ঠাকুর
- 'বীরবল' কার ছদ্মনাম? **উত্তর:** প্রমথ চৌধুরী
- 'বৈকুণ্ঠের উইল' কার রচনা? **উত্তর:** শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

- **নিম্নলিখিত কবিতাসমূহের কবির নাম লিখুন:**

উত্তর:

কপোতাক্ষ নদ	মাইকেল মধুসূদন দত্ত
বঙ্গবাণী	আবদুল হাকিম

- **লেখকের নাম লিখুন:** (স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/২০২১- সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর)

গ্রন্থের নাম	লেখকের নাম
ওদের জানিয়ে দাও	শাহরিয়ার কবির
সবুজ মাঠ পেরিয়ে	শেখ হাসিনা
রাইফেল রেটি আওরাত	আনোয়ার পাশা
গোরা	রবীন্দ্রনাথ ঠাকুর
সময়ের প্রয়োজনে	জহির রায়হান

- **নিচের গ্রন্থগুলোর রচয়িতার নাম লিখুন:** (কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট/২০২১- সিপাই)

গ্রন্থের নাম	লেখকের নাম
মেঘনাদবধ	মাইকেল মধুসূদন দত্ত
বলাকা	রবীন্দ্রনাথ ঠাকুর
সোজন বাধিয়ার ঘাট	জসীমউদ্‌দীন
অগ্নিবীণা	কাজী নজরুল ইসলাম
পথের দাবী	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

- **নিম্নবর্ণিত গ্রন্থগুলোর লেখকের নাম লিখুন:** (বাংলাদেশ ফিল্ম আর্কাইভ/২০২১- অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষিক)

গ্রন্থের নাম	লেখকের নাম
বিষাদ সিন্ধু	মীর মশাররফ হোসেন
সোনার তরী	রবীন্দ্রনাথ ঠাকুর
সংশপ্তক	শহীদুল্লাহ কায়সার
একাত্তরের দিনগুলো	জাহানারা ইমাম
মা	আনিসুল হক

Forma 16/A

CamScanner

240

➲ **লেখকের নাম লিখুন:** (ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/২০২১-রেভিনিউ সুপারভাইজার)

গ্রন্থের নাম	লেখকের নাম
তেইশ নম্বর তৈলচিত্র	আলাউদ্দিন আল আজাদ
একাত্তরের দিনগুলি	জাহানারা ইমাম

➲ **নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর লিখুন:** (বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ/২০২১-অফিস সহকারী)

ক) ফোর্ট উলিয়াম কলেজের প্রতিষ্ঠাতা কে? খ) হুতোম প্যাঁচার নকশা'র রচয়িতা কে?

গ) 'সাহিত্য সম্রাট' নামে খ্যাত কোন বাংলা লেখক? ঘ) 'বৈরাগ্য সাধনে..... সে আমার নয়।'

ঙ) 'লালসালু' উপন্যাসটি কার রচনা?

উত্তর: ক) গভর্নর জেনারেল ওয়েলেসলি খ) কালীপ্রসন্ন সিংহ গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

ঘ) মুক্তি ঙ) সৈয়দ ওয়ালীউল্লাহ সিংহ

➲ **নিম্নের গ্রন্থসমূগের লেখকের নাম লিখুন:** (নিপোর্ট/২০২১- অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক)

গ্রন্থের নাম	লেখকের নাম
স্পেন বিজয় কাব্য	সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী
বাতাসে লাশের গন্ধ	রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ
সাম্যবাদী	কাজী নজরুল ইসলাম
চৌচির	আবুল ফজল
কাশবনের কন্যা	শামসুদ্দীন আবুল কালাম

➲ **রচয়িতার নাম লিখুন:** (শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়/২০২১- সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর)

গ্রন্থের নাম	লেখকের নাম
গীতাঞ্জলি	রবীন্দ্রনাথ ঠাকুর
রুদ্রমঙ্গল	কাজী নজরুল ইসলাম
আমি কিংবদন্তীর কথা বলছি	আবু জাফর ওবায়দুল্লাহ
অসমাপ্ত আত্মজীবনী	শেখ মুজিবুর রহমান

➲ **রচয়িতার নাম লিখুন:** (বাংলাদেশ জতীয় সংসদ সচিবালয়/২০২২- অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক)

গ্রন্থের নাম	লেখকের নাম
চিলেকোঠার সেপাই	আখতারুজ্জামান ইলিয়াস
শবনম	সৈয়দ মুজতবা আলী
কৃষ্ণকুমারী	মাইকেল মধুসূদন দত্ত
লালসালু	সৈয়দ ওয়ালীউল্লাহ
পল্লী সমাজ	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

➲ **রচয়িতার নাম লিখুন:** (ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/২০২২- ব্যক্তিগত সহকারী)

গ্রন্থের নাম	লেখকের নাম
বিষাদ সিন্ধু	শীর মশাররফ হোসেন
পদ্মরাগ	বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন

Forma 16/B

CamScanner

241

নকশী কাঁথার মাঠ	জসীমউদ্‌দীন
শেষ লেখা	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

➲ **গ্রন্থগুলোর গ্রন্থাকারের নাম লিখুন:** (খাদ্য মন্ত্রণালয়/২০২২- অফিস সহায়ক)

গ্রন্থের নাম	গ্রন্থাকারের নাম
আমার দেখা নয়াচীন	শেখ মুজিবুর রহমান
অবরোধবাসিনী	বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন
বলাকা	রবীন্দ্রনাথ ঠাকুর
সাতকাহন	সমরেশ মজুমদার

➲ **গ্রন্থগুলোর গ্রন্থাকারের নাম লিখুন:** (খাদ্য মন্ত্রণালয়/২০২২- সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর)

গ্রন্থের নাম	গ্রন্থাকারের নাম
কপালকুণ্ডলা	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
বিশের বাঁশি	কাজী নজরুল ইসলাম
শেষের কবিতা	রবীন্দ্রনাথ ঠাকুর
বিষাদ সিন্ধু	মীর মশাররফ হোসেন
সাঁঝের মায়া	বেগম সুফিয়া কামাল

➲ **গ্রন্থগুলোর রচয়িতার নাম লিখুন:**(জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম/২০২২-অফিস সহকারী/নাজির কাম ক্যাশিয়ার/মিউটেশন সহকারী/ সার্টিফিকেট পেশকার/ ক্রেডিট চেকিং সহকারী)

গ্রন্থের নাম	রচয়িতার নাম
একাত্তরের দিনগুলি	জাহানারা ইমাম
মতিচূর	বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন
The Cruel Birth of Bangladesh	আর্চার কেন্ট ব্লাড
আমার দেখা নয়াচীন	শেখ মুজিবুর রহমান
অরণ্যের দিনরাত্রি	সুনীল গঙ্গোপাধ্যায়

➲ **নিম্নের বইগুলোর লেখকের নাম লিখুন:** (বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ/২০২২-সশস্ত্র নিরাপত্তা প্রহরী)

বই এর নাম	লেখকের নাম
পায়ের আওয়াজ পাওয়া যায়	সৈয়দ শামসুল হক
শ্যামল ছায়া	হুমায়ূন আহমেদ
বাংলা ভাষার ইতিবৃত্ত	ড. মুহম্মদ শহীদুল্লাহ
অবরোধবাসিনী	বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন
সোনার তরী	রবীন্দ্রনাথ ঠাকুর

➲ **নিম্নোক্ত গ্রন্থগুলির রচয়িতার কে?** (হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়/২০২২- জুনিয়র অডিটর)

গ্রন্থের নাম	রচয়িতার নাম
একাত্তরের ডায়েরি	সুফিয়া কামাল
শ্যামল ছায়া	হুমায়ূন আহমেদ
বন্দী শিবির থেকে	শামসুর রাহমান
নেকড়ে অরণ্য	শওকত ওসমান

CamScanner

242

➲ গ্রন্থ রচয়িতার নাম লিখুন: (জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী/২০২২- অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/সার্জির কাম ক্যাশিয়ার/মিউটেশন সহকারী/ সার্টিফিকেট পেশকার/ ক্রেডিট চেকিং সহকারী)

গ্রন্থের নাম	রচয়িতার নাম
বরফ গলা নদী	জহির রায়হান
বাঁধনহারা	কাজী নজরুল ইসলাম
পথের পাঁচালী	বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
কবর	মনীর চৌধুরী

২০২৩

✪ 'ফেরারী ডায়েরী' কোন পটভূমিকায় রচিত?
উত্তর: মুক্তিযুদ্ধ

✪ 'কপোতাক্ষ নদ' কবিতার কবি কে?
উত্তর: মাইকেল মধুসূদন দত্ত

✪ 'অভাগীর স্বর্গ' এর লেখকের নাম কী?
উত্তর: শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

✪ গীতাঞ্জলির রচয়িতা কে? এর ইংরেজী অনুবাদের নাম কি?
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর। ইংরেজী অনুবাদ- Song Offerings

✪ 'নীল নবঘনে আষড় গগনে তিল ঠাই আর নাহিরে' - কবিতার লাইনটি কে লিখেছেন?
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর

✪ বাংলা সাহিত্যের প্রথম সার্থক মহাকাব্য কোনটি?
উত্তর: মেঘনাদবধ কাব্য

✪ বিশ্বভারতী কে প্রতিষ্ঠা করেন?
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর

✪ কাজী নজরুল ইসলাম রচিত প্রথম গল্পের নাম কি?
উত্তর: বাউণ্ডেলের আত্মকাহিনী

✪ চর্যাপদের রচনা শুরু হয় কোন রাজবংশের আমলে?
উত্তর: পাল রাজবংশ

✪ বেহুলা, লখিন্দর চরিত্র দু'টি কোন সাহিত্যে পাওয়া যায়?
উত্তর: মনসামঙ্গল কাব্যে

✪ কবি আল মাহমুদ কোন পত্রিকার সম্পাদক ছিলেন?
উত্তর: দৈনিক গণকণ্ঠ

✪ রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নৃত্যনাট্যের নাম লিখুন।
উত্তর: চণ্ডালিকা

✪ চর্যাপদ যে বাংলা ভাষায় রচিত এটি প্রথম কে প্রমাণ করেন?
উত্তর: ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়

✪ মধ্যযুগের শ্রেষ্ঠ কবির নাম কি?
উত্তর: ভারতচন্দ্র রায়গুণাকার

✪ বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস এর নাম কি?
উত্তর: দুর্গেশনন্দিনী

✪ 'শেষের কবিতা' উপন্যাসের নায়ক কে?
উত্তর: অমিত রায়

✪ বঙ্গবন্ধু লেখা প্রকাশিত দ্বিতীয় বইয়ের নাম কি?
উত্তর: কারাগারের রোজনামচা

✪ 'ব্যাঙাচি' কোন কবির ছদ্মনাম?
উত্তর: কাজী নজরুল ইসলাম

✪ 'বোবা কাহিনী' কি ধরনের গ্রন্থ?
উত্তর: উপন্যাস

✪ বাংলা সাহিত্যের 'দুঃখবাদী' কবি কে?
উত্তর: যতীন্দ্রনাথ সেনগুপ্ত

✪ শহীদুল্লাহ কায়সারের প্রথম উপন্যাস কি?
উত্তর: সারেং বউ

✪ 'চিলেকোঠার সেপাই' এর রচয়িতা কে?
উত্তর: আখতারুজ্জামান ইলিয়াস

✪ বাংলা সাহিত্যে কাকে 'সাহিত্য বিশারদ' বলা হয়?
উত্তর: আবদুল করিম

✪ ভানুসিংহ কার ছদ্মনাম?
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর

✪ শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের রচয়িতা কে?
উত্তর: বড়ু চণ্ডীদাস

✪ মধ্যযুগের শেষ কবি কে ছিলেন?
উত্তর: ভারতচন্দ্র রায়গুণাকর

✪ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রচিত প্রথম উপন্যাসের নাম কী?

CamScanner

243

উত্তর: Rajmohan's Wife (ইংরেজি ভাষায় রচিত), দুর্গেশনন্দিনী

✪ 'নীল দর্পন' নাটকের রচয়িতা কে?

উত্তর: দীনবন্ধু মিত্র

✪ বাংলা কাব্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে?

উত্তর: মাইকেল মধুসূদন দত্ত

✪ 'সেঁজুতি' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?

উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর

✪ 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটি কার লেখা?

উত্তর: আবু জাফর ওবায়দুল্লাহ

✪ মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ 'নিষিদ্ধ লোবান' কার লেখা?

উত্তর: সৈয়দ শামসুল হক

✪ "ধনধান্যে পুষ্পে ভরা, আমাদের এই বসুন্ধরা" দিয়ে শুরু গানটির রচয়িতা কে?

উত্তর: দ্বিজেন্দ্রলাল রায়

✪ ভানুসিংহ কার ছদ্মনাম? এই ছদ্মনামে কোন গ্রন্থটি রচিত হয়?

উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর, ভানুসিংহ ঠাকুরের পদাবলী গ্রন্থ

✪ চর্যাপদে কোন ধর্মমতের কথা বলা আছে?

উত্তর: বৌদ্ধ ধর্ম

✪ 'তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা' কবিতাটির রচয়িতা কে?

উত্তর: শামসুর রাহমান

✪ "বঙ্গদূত" পত্রিকা কত সালে প্রকাশিত হয়?

উত্তর: ১৮২৯ সালে

✪ বাংলা সাহিত্যের পঞ্চপাণ্ডবদের নাম লিখ?

উত্তর: বুদ্ধদেব বসু, জীবনানন্দ দাশ, সুধীন্দ্রনাথ দত্ত, বিষ্ণু দে ও অমিয় চক্রবর্তী

✪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর রচিত তিনটি গ্রন্থের নাম লিখ?

উত্তর: অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, আমার দেখা নয়াচীন

✪ যুক্তবর্ণ কয় প্রকার ও কি কি?

উত্তর: যুক্তবর্ণ ২ প্রকার। যথা: স্বচ্ছ ও অস্বচ্ছ।

✪ 'এ গ্রামার অব দি বেঙ্গল ল্যাঙ্গুয়েজ' কত সালে প্রকাশিত হয়?

উত্তর: ১৭৭৮ সালে

✪ ধ্বনি উচ্চারণ করতে যেসব প্রত্যঙ্গ কাজে লাগে সেগুলোকে একত্রে কি বলে?

উত্তর: বাগযন্ত্র

✪ ক্ষুদ্র জাতিসত্তার বর্ষবরণ উৎসব 'বৈসাবি' কোন তিনটি নামের আদ্যক্ষর নিয়ে গঠিত? উত্তর: বৈসু, সাংগ্রাই ও বিজু

✪ বেগম রোকেয়া সাখাওয়াত হোসেনের জন্ম ও মৃত্যু সাল লিখ?

উত্তর: জন্ম -১৮৮০ মৃত্যু-১৯৩২

✪ 'কাঁদতে আসিনি ফাঁসির দাবি নিয়ে এসেছি' কবিতাটির রচয়িতা কে?

উত্তর: মাহবুব উল আলম চৌধুরী

✪ চর্যাপদের দ্বিতীয় সর্বোচ্চ পদ রচনা করেন কে?

উত্তর: ভুসুকুপা।

✪ চম্পুকাব্য কাকে বলে?

উত্তর: যে সকল কাব্যে গদ্য ও পদ্যের আনুপাতিক হার প্রায় সমান তাকে চম্পুকাব্য বলে।

✪ 'পরশুরাম' কার ছদ্মনাম?

উত্তর: রাজশেখর বসু

✪ বাংলা গদ্যের জনক কে?

উত্তর: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

✪ "আমার সন্তান যেন থাকে দুতে-ভাতে" উদ্ধৃত লাইনটি কার রচনা?

উত্তর: ভারতচন্দ্র রায়গুণাকর

✪ "যে সবে বঙ্গেত জন্মি হিংসে বঙ্গবাণী/ সে সব কাহার জন্ম নির্ণয় না জানি" কাব্যাংশটি কার রচনা?

উত্তর: আবদুল হাকিম

"বড় প্রেম শুধু কাছেই টানে না, উহা দূরেও ঠেলিয়া দেয়"- কে লিখেছেন?

উত্তর: শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

✪ "ঠাই নাই ঠাই নাই..... ছোট সে তরী, আমারি সোনার ধানে গিয়েছে ভরি।" কবিতাটির নাম লিখুন।

উত্তর: সোনার তরী

✪ "বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চিরকল্যাণকর/অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর"- রচয়িতার নাম লিখুন।

উত্তর: কাজী নজরুল ইসলাম

✪ অহিদুর রেজা'র ছদ্মনাম কি?

উত্তর: দেওয়ান হাসান রাজা

CamScanner

244

✪ 'ক্রীতদাসের হাসি' এর লেখক কে?
উত্তর: শওকত ওসমান

✪ 'সবুজপত্র' পত্রিকাটি প্রথম কত সালে প্রকাশিত হয়?
উত্তর: উত্তর: ১৯১৪

✪ বাংলা একাডেমী ভবনের পূর্ব নাম কি?
উত্তর: বর্ধমান হাউস

✪ চট্টগ্রাম কত খ্রিষ্টাব্দে অধিকার হয়?
উত্তর: ১৯০৭ খ্রিষ্টাব্দে

✪ ধূমকেতু পত্রিকার সম্পাদক কে ছিলেন?
উত্তর: কাজী নজরুল ইসলাম

✪ বাংলা সাহিত্যে চতুর্দশপদী কবিতার জনক কে?
উত্তর: মাইকেল মধুসূদন দত্ত

✪ 'মর্সিয়া' কী?
উত্তর: মৃত্যু উপলক্ষে রচিত শোকসূচক গান।

✪ বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম সমাধি কোথায়?
উত্তর: ঢাকা বিশ্ববিদ্যালয়ের মসজিদের পাশে

✪ ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগ খোলা হয় কত সালে?
উত্তর: ১৮০১

✪ 'কবর' নাটকটির পটভূমি কি ছিলো?
উত্তর: বায়ান্নর ভাষা আন্দোলন

✪ সনেটে দুটি অংশ কি কি নামে পরিচিত?
উত্তর: অষ্টক ও ষটক

✪ 'রতন' -রবীন্দ্রনাথ ঠাকুরের কোন গল্পের চরিত্র?
উত্তর: পোস্টমাস্টার

✪ 'কপোতাক্ষ নদ' কার লেখা?
উত্তর: মাইকেল মধুসূদন দত্ত

✪ 'বিলাসী' কার লেখা?
উত্তর: শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

✪ 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি... ' গানটির রচয়িতা কে?
উত্তর: গোবিন্দ হালদার

✪ 'ময়মনসিংহ গীতিকা'- প্রথম সম্পাদনা করেন কে?
উত্তর: ড. দীনেশচন্দ্র সেন

✪ ময়মনসিংহ গীতিকা এর শতবর্ষ কোন সালে পালন করা হবে?
উত্তর: ২০২৩ সালে

✪ 'পঞ্চভূত' এর রচয়িতা কে?
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর

✪ কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থের নাম কী?
উত্তর: অগ্নিবীণা

✪ 'কবর' নাটকের রচয়িতা কে?
উত্তর: মুনীর চৌধুরী

✪ 'চিলে কোঠার সেপাই' উপন্যাসের রচয়িতা কে?
উত্তর: আখতারুজ্জামান ইলিয়াস

✪ 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে' উক্তিটি কার?
উত্তর: ঈশ্বরী পাটনী

✪ বাংলা ভাষার প্রথম অভিধান সংকলন করেন কে?
উত্তর: রামচন্দ্র বিদ্যাবাগীশ

✪ ড. মুহম্মদ শহীদুল্লাহ রচিত বাংলা সাহিত্যের ইতিহাস গ্রন্থের নাম কী?
উত্তর: বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত

✪ "স্বাধীনতা তুমি রবি ঠাকুরের অক্ষয় কবিতা, অবিনাশী গান" এই কবিতাংশটি কার লেখা?
উত্তর: শামসুর রাহমান

✪ 'দেশে-বিদেশে' কোন শ্রেণির রচনা?
উত্তর: ভ্রমণকাহিনী

✪ রবীন্দ্রনাথ ঠাকুর শান্তি নিকেতন প্রতিষ্ঠা করেন কবে?
উত্তর: ১৯০১ সালে।

✪ বাংলা সাহিত্যের প্রাচীন যুগ বলা হয় কোন সময়কে?
উত্তর: ৬৫০-১২০০ খ্রি.

✪ শ্রীকৃষ্ণকীর্তন এর রচয়িতা কে? উত্তর: বড়ু চণ্ডীদাস

✪ 'নীহারিকা দেবী' ছদ্মনামে কে লিখতেন?
উত্তর: অচিন্ত্য কুমার সেনগুপ্ত

✪ মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম উপন্যাসে 'রাইফেল রোটি আওরাত' কার লেখা?
উত্তর: আনোয়ার পাশা

✪ বাংলা সাহিত্যে মুসলমান সাহিত্যিক রচিত প্রথম উপন্যাসের নাম কী?
উত্তর: রত্নবতী

✪ 'দেশে বিদেশে' গ্রন্থটি কার লিখা?
উত্তর: সৈয়দ মুজতবা আলী

✪ রূপসী বাংলার কবি কাকে বলা হয়?
উত্তর: জীবনানন্দ দাশ

CamScanner

245

◐ **রচয়িতার নাম লিখুন:** (শেখ হাসিনা মেডিক্যাল কলেজ, টাঙ্গাইল/মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবরেটরি)/২০২৩)

রচনা	রচয়িতার নাম
পদ্মাবতী প্রবন্ধ	সৈয়দ আলী আহসান
কবর নাটক	মুনীর চৌধুরী
আমার ছেলেবেলা	রবীন্দ্রনাথ ঠাকুর
উদাসীন পথিকের মনের কথা	মীর মশাররফ হোসেন

◐ **নিম্নলিখিত গ্রন্থাবলির প্রত্যেকটির লেখকের নাম লিখুন।** (বাংলা একাডেমি/স্টোর কিপার/২০২৩)

গ্রন্থের নাম	লেখকের নাম
ক্রীতদাসের হাসি	শওকত ওসমান
প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে	শামসুর রাহমান
আমার দেখা নয়া চীন	শেখ মুজিবুর রহমান
রক্তাক্ত প্রান্তর	মুনীর চৌধুরী
হাঙর নদী গ্রেনেড	সেলিনা হোসেন

◐ **নিম্নের গ্রন্থগুলোর লেখকের নাম লিখুন:** (কাস্টম হাউস আইসিডি/সিপাহী/২০২৩)

গ্রন্থের নাম	লেখকের নাম
রক্তাক্ত প্রান্তর	মুনীর চৌধুরী
তরঙ্গভঙ্গ	সৈয়দ ওয়ালীউল্লাহ
আজব জাবর জবর অর্থনীতি	আকবর আলী খান
ওরা টোকাই কেন?	শেখ হাসিনা
বিষাদ সিন্ধু	মীর মশাররফ হোসেন

◐ **গ্রন্থকারের নাম লিখুন লিখুন:** (পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কুমিল্লা/ পরিবার কল্যাণ সহকারী/২০২৩)

গ্রন্থ	লেখক
সঞ্চয়িতা	রবীন্দ্রনাথ ঠাকুর
সঞ্চিতা	কাজী নজরুল ইসলাম
কারাগারের রোজনামচা	শেখ মুজিবুর রহমান
লালসালু	সৈয়দ ওয়ালীউল্লাহ
বিষাদ-সিন্ধু	মীর মশাররফ হোসেন

◐ **রচয়িতার নাম লিখুন:** (শেখ হাসিনা মেডিকেল কলেজ হাসপাতাল, টাঙ্গাইল/অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/ মেডিকেল টেকনোলজিস্ট/২০২৩)

রচনা	রচয়িতার নাম
ভগ্নহৃদয়	রবীন্দ্রনাথ ঠাকুর
বালুচর	জসীমউদ্‌দীন
মধুমালা	কাজী নজরুল ইসলাম
বাংলাদেশে স্বৈরতন্ত্রের জন্ম	শেখ হাসিনা

◐ **লেখকের নাম লিখুন:** (জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর/অফিস সহায়ক/২০২৩)

গ্রন্থ	লেখক
আমার দেখা নয়া চীন	শেখ মুজিবুর রহমান
দেবদাস	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর	আবুল মনসুর আহমদ
খোয়াবনামা	আখতারুজ্জামান ইলিয়াস

◐ **গ্রন্থলোর রচয়িতা কে?** (বন অধিদপ্তর, সিলেট বিভাগ/ফরেস্ট গার্ড/২০২৩)

গ্রন্থের নাম	রচয়িতা
চোখের বালি	রবীন্দ্রনাথ ঠাকুর
বিষবৃক্ষ	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
বসন্ত কুমারী	মীর মশাররফ হোসেন
অপরাজিত	বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
মাটির কান্না	জসীমউদ্‌দীন

◐ **গ্রন্থগুলোর রচয়িতার নাম লিখুন:** (বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট/মাঠ সহকারী/২০২৩)

গ্রন্থ	রচয়িতার নাম
পুতুল নাচের ইতিকথা	মনিক বন্দ্যোপাধ্যায়
জোছনা ও জননীর গল্প	হুমায়ূন আহমেদ
একাত্তরের দিনগুলি	জাহানারা ইমাম
চিলে কোঠার সেপাই	আখতারুজ্জামান ইলিয়াস
ক্রীতদাসের হাসি	শওকত ওসমান

◐ **রচয়িতার নাম লিখুন:** (বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র/নিম্নমান সহকারী/২০২৩

রচনা	রচয়িতার নাম
আরণ্যক	বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
অসমাপ্ত আত্মজীবনী	শেখ মুজিবুর রহমান
নীলদর্পণ	দীনবন্ধু মিত্র
সঞ্চিতা	কাজী নজরুল ইসলাম
প্রদোষ প্রাকৃতজন	শওকত আলী

◐ **কবি/লেখকের নাম লিখুন:** (জাতীয় গ্রন্থকেন্দ্র, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/২০২৩)

গ্রন্থ	কবি/ লেখক
অগ্নিবীণা	কাজী নজরুল ইসলাম

CamScanner

246

লালসালু	সৈয়দ ওয়ালীউল্লাহ
গীতাঞ্জলি	রবীন্দ্রনাথ ঠাকুর
নকশী কাঁথার মাঠ	জসীমউদ্‌দীন
অবরোধবাসিনী	বেগম রোকেয়া

◐ সাহিত্যকর্মগুলোর রচয়িতার নাম লিখুন: (জনপ্রশাসন মন্ত্রণালয়/অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/২০২৩)

সাহিত্যকর্ম	রচয়িতা
সন্ধিতা	কাজী নজরুল ইসলাম
অপরাজিত	বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
পূর্বাভাস	সুকান্ত ভট্টাচার্য
একাত্তরের দিনগুলি	জাহানারা ইমাম
ব্যাকরণ কৌমুদী	ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

◐ সাহিত্যকর্মগুলোর রচয়িতার নাম লিখুন: (বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (BCSIR)/অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/২০২৩)

সাহিত্যকর্ম	রচয়িতা
একাত্তরের দিনগুলি	জাহানারা ইমাম
প্রবোধ প্রভাকর	ঈশ্বরচন্দ্র গুপ্ত
অগ্নিবীণা	কাজী নজরুল ইসলাম
সভ্যতার সংকট	রবীন্দ্রনাথ ঠাকুর
হাঙ্গর নদী গ্রেনেড	সেলিনা হোসেন

◐ গ্রন্থগুলোর কোন ধরনের রচনা ও রচয়িতা কে? (জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর/অফিস সহায়ক/২০২৩)

রচনা	রচয়িতা
অপরাজিত (উপন্যাস)	বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
রাশিয়ার চিঠি (ভ্রমণকাহিনী)	রবীন্দ্রনাথ ঠাকুর
শর্মিষ্ঠা (নাটক)	মাইকেল মধুসূদন দত্ত

২০২৪

★ 'ফেরারী ডায়েরী' কোন পটভূমিকায় রচিত?
উত্তর: মুক্তিযুদ্ধ

★ বাংলা গদ্যের জনক কে?
উত্তর: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

★ 'বনলতা সেন' কাব্যগ্রন্থের রচয়িতা কে?
উত্তর: জীবনানন্দ দাশ

★ 'রক্তাক্ত প্রান্তর' নাটকের রচয়িতা কে?
উত্তর: মুনীর চৌধুরী

★ 'আমার দেখা নয়াচীন' গ্রন্থটির রচয়িতা কে?
উত্তর: শেখ মুজিবুর রহমান

★ 'খোয়াবনামা' গ্রন্থের রচয়িতা কে?
উত্তর: আখতারুজ্জামান ইলিয়াস

★ 'আমি কিংবদন্তীর কথা বলছি' কি ধরণের রচনা?
উত্তর: আবু জাফর ওবায়দুল্লাহ

★ 'কাঁদতে আসিনি, ফাঁসির দাবি নিয়ে এসেছি' কবিতাটির রচয়িতা কে?
উত্তর: মাহবুব উল আলম চৌধুরী

★ 'রাজসিংহ' কি ধরণের উপন্যাস?
উত্তর: উপন্যাস

★ 'পথিক তুমি পথ হারাইয়াছ'- কে কাকে বলেছিল?
উত্তর: কপালকুণ্ডলা নবকুমারকে

★ বাংলা সাহিত্যের ছন্দের জাদুকর বলা হয় কাকে?
উত্তর: সত্যেন্দ্রনাথ দত্ত

★ বাংলা কাব্যে ভোরের পাখি বলা হয় কাকে?
উত্তর: বিহারীলাল চক্রবর্তী

★ যুগ সন্ধির কবি কে?
উত্তর: ঈশ্বরচন্দ্র গুপ্ত

★ 'Captive Ladie' গ্রন্থটির রচয়িতা কে?
উত্তর: মাইকেল মধুসূদন দত্ত

★ 'গাজী মিয়ার বস্তানী' গ্রন্থের রচয়িতা কে?
উত্তর: মীর মশাররফ হোসেন

★ 'ক্ষণিকা' কাব্যগ্রন্থের রচয়িতা কে?
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর

★ কাজী নজরুল ইসলাম রচিত ১টি উপন্যাসের নাম লিখুন।
উত্তর: বাঁধনহারা

★ বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কী?
উত্তর: চর্যাপদ

★ 'সকলের তরে সকলে আমরা প্রত্যেকে মোরা পরের তরে'- চরণটির লেখক কে?
উত্তর: কামিনী রায়

★ বিশ্বভারতী কে প্রতিষ্ঠা করেন?
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর

★ বাংলা সাহিত্যের প্রথম মুসলিম কবি কে?
উত্তর: শাহ মুহম্মদ সগীর

★ কাজী নজরুল ইসলাম রচিত প্রথম গল্পের নাম কি?
উত্তর: বাউণ্ডেলের আত্মকাহিনী

★ 'দুঃখু মিয়া' কার ডাক নাম ছিল?
উত্তর: কাজী নজরুল ইসলাম

CamScanner

247

★ রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে নোবেল পুরস্কার লাভ করেন?
উত্তর: ১৯১৩ সালে

★ 'বিষাদ সিন্ধু' উপন্যাসের রচয়িতা কে?
উত্তর: মীর মশাররফ হোসেন

★ 'নকশী কাঁথার মাঠ' এর রচয়িতা কে?
উত্তর: জসীমউদ্‌দীন

★ বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম শাখা কোনটি?
উত্তর: কাব্য

★ কাজী নজরুল ইসলামের 'রিক্তের বেদন' কোন ধরনের রচনা?
উত্তর: গল্পগ্রন্থ

★ 'ঝুমকো লতায় জোনাকি' শীর্ষক শিশুতোষ রচনাটি কার?
উত্তর: কাজী নজরুল ইসলাম

★ 'আমার কিছু কথা' গ্রন্থটির রচয়িতা কে?
উত্তর: শেখ মুজিবুর রহমান

★ 'কাঁদো নদী কাঁদো' এর রচয়িতা কে?
উত্তর: সৈয়দ ওয়ালীউল্লাহ

★ 'ছোট প্রাণ, ছোট ব্যথা..... ছোট ছোট দুঃখ কথা' কবিতার লাইনটির রচয়িতা কে?
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর

★ কবি কাজী নজরুল ইসলাম কর্তৃক রচিত একটি গ্রন্থের নাম লিখুন।
উত্তর: অগ্নিবীণা

★ বাংলা নারী জাগরণের অগ্রদূত কে?
উত্তর: বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন

★ জহির রায়হান ও সৈয়দ শামসুল হক এর জন্ম, মৃত্যু সাল ও দুটি করে উপন্যাসের নাম লিখুন।
উত্তর: জহির রায়হান- জন্ম: ১৯৩৫ মৃত্যু:১৯৭২;
উপন্যাস: শেষ বিকালের মেয়ে, বরফ গলা নদী
সৈয়দ শামসুল হক- জন্ম: ১৯৩৫ মৃত্যু: ২০১৬
উপন্যাস: অনুপম দিন, দেয়ালের দেশ

★ বাংলা সাহিত্যের যুগকে কয় ভাগে ভাগ করা হয়?
উত্তর: ৩ ভাগে

★ হরপ্রসাদ শাস্ত্রী পুঁথি সাহিত্য সংগ্রহের জন্য কোথায় গিয়েছিলেন?
উত্তর: তিব্বত, নেপাল

★ চর্যাপদ কোন ছন্দে লেখা?
উত্তর: মাত্রাবৃত্ত

★ মানসিংহ ভবানন্দ উপাখ্যান কার রচনা?
উত্তর: ভারতচন্দ্র রায়গুণাকর

★ জীবনিকাব্য রচনার জন্য বিখ্যাত কে?
উত্তর: বৃন্দাবন দাস

★ ওরা কদম আলী নাটকটির রচয়িতা কে?
উত্তর: মামুনুর রশীদ

★ রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার লাভ করেন কত সালে?
উত্তর: ১৯১৩ সালে

★ বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কোনটি?
উত্তর: চর্যাপদ

★ আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি গানের গীতিকার কে?
উত্তর: আব্দুল গাফফার চৌধুরী

★ বিদ্যাপতি মূলত কোন ভাষার কবি ছিলেন?
উত্তর: মৈথিলি

★ 'মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে'- কোন কবির উক্তি?
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর

★ 'শবনম' উপন্যাসের রচয়িতা কে?
উত্তর: সৈয়দ মুজতবা আলী

★ 'জোছনা ও জননীর গল্প' উপন্যাসের রচয়িতা কে?
উত্তর: হুমায়ূন আহমেদ

★ চর্যাপদের প্রাপ্তিস্থান কোথায়?
উত্তর: নেপালের রাজগ্রন্থশালা

★ 'সোজন বাদিয়ার ঘাট' গ্রন্থের রচয়িতা কে?
উত্তর: জসীমউদ্‌দীন

★ 'রক্তাক্ত প্রান্তর' কার লেখা?
উত্তর: মুনীর চৌধুরী

★ 'পল্লীসমাজ' উপন্যাসের রচয়িতা কে?
উত্তর: শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

★ 'গাহি সাম্যের গান, ধরণীর হাতে দিল যারা, আনি ফসলের ফরমান' পংক্তিটির রচয়িতা কে?
উত্তর: কাজী নজরুল ইসলাম

★ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে ও কোথায় জন্মগ্রহণ করেন?

CamScanner

248

উত্তর: ১৮৬১ সালে ভারতে

★ আধুনিক বাংলা গানের জগতে 'বুলবুল' নামে খ্যাত কে?
উত্তর: কাজী নজরুল ইসলাম

★ ছায়ানট কোন ধরনের সাহিত্য কর্ম?
উত্তর: কাব্যগ্রন্থ

★ সংশপ্তক উপন্যাসের লেখক কে?
উত্তর: শহীদুল্লাহ কায়সার

★ বাংলাদেশের জাতীয় সংগীতের রচয়িতা কে? সুরকার কে? তিনি কী খেতাবে খ্যাত? জন্মসাল কত? তিনি কোন দেশের নাগরিক?
উত্তর: রচয়িতা: রবীন্দ্রনাথ ঠাকুর; সুরকার: রবীন্দ্রনাথ ঠাকুর; খেতাব: বিশ্বকবি/কবিগুরু; জন্মসাল: ৭ই মে, ১৮৬১; নাগরিক: ভারতের

★ বাংলাদেশের জাতীয় কবির ৫টি কাব্যগ্রন্থের নাম লিখুন:
উত্তর: অগ্নিবীণা, বিষের বাঁশি, দোলনচাঁপা, ভাঙার গান, চক্রবাক।

★ সাহিত্যিক নীহার রঞ্জন গুপ্ত- এর জন্মস্থান কোন জেলার কোন গ্রামে?
উত্তর: নড়াইল জেলার, ইটনা গ্রামে

★ বেগম রোকেয়া সাখাওয়াৎ হোসেনের 'মতিচুর' কোন ধরনের রচনা?
উত্তর: প্রবন্ধ।

★ বাংলা সাহিত্যের 'মজিদ' চরিত্রটি কোন ঔপন্যাসিকের সৃষ্টি?
উত্তর: সৈয়দ ওয়ালীউল্লাহ।

★ 'আনোয়ারা' উপন্যাসের লেখক কে?
উত্তর: মোহাম্মদ নজিবর রহমান।

★ 'একখানি ছোট ক্ষেত আমি একেলা'- কোন কবিতার চরণ ও কবি কে?
উত্তর: সোনার তরী, রবীন্দ্রনাথ ঠাকুর।

★ কোন কবিতার জন্য কাজী নজরুল ইসলামকে কারাবরণ করতে হয়?
উত্তর: আনন্দময়ীর আগমনে।

★ 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে'- এ চরণটির রচয়িতা কে?
উত্তর: ভারতচন্দ্র রায়গুণাকর।

★ বিদ্রোহী কবিতাটি কোন সালে রচিত হয়?
উত্তর: ১৯২১ সালে।

★ 'পায়ের আওয়াজ পাওয়া যায়'- কার লেখা?
উত্তর: সৈয়দ শামসুল হক

★ কবি সুকান্ত ভট্টাচার্যের জন্মস্থান কোথায়?
উত্তর: কলকাতা

★ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লেখা দু'টি বইয়ের নাম লিখুন।
উত্তর: অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা

★ 'রাশিয়ার চিঠি' ভ্রমণকাহিনী কার লেখা?
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর

★ আমার দেখা নয়াচীন ও অসমাপ্ত আত্মজীবনী গ্রন্থ দুটির রচয়িতা কে?
উত্তর: শেখ মুজিবুর রহমান

★ সান্ধ্য ভাষায় লিখিত বাংলা সাহিত্য এর অন্যতম নিদর্শন কোনটি?
উত্তর: চর্যাপদ

★ বীরবল কার ছদ্মনাম?
উত্তর: প্রমথ চৌধুরী

★ কবর নাটকটির পটভূমি কি ছিল?
উত্তর: মুনীর চৌধুরী

★ বাংলা সাহিত্য প্রাচীন যুগের নিদর্শনের মূল নাম কি?
উত্তর: চর্যাপদ

★ 'লালসালু উপন্যাসের রচয়িতা কে?
উত্তর: সৈয়দ ওয়ালীউল্লাহ

★ কোন ভাষা থেকে বাংলা ভাষার উৎপত্তি?
উত্তর: বঙ্গ-কামরূপী

★ চর্যাপদের পদ সংখ্যা কয়টি?
উত্তর: ৫১টি

★ সর্বপ্রথম বঙ্গ নামের উল্লেখ পাওয়া যায় কোন গ্রন্থে?
উত্তর: ঐতরেয় আরণ্যক

★ ম্যাকবেথ নাটকের প্রথম বঙ্গানুবাদ কে করেন?
উত্তর: গিরিশচন্দ্র ঘোষ

★ কবি আলাওল কোন রাজসভার কবি ছিলেন?
উত্তর: আরাকান

★ 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থের রচয়িতা কে?
উত্তর: কাজী নজরুল ইসলাম

★ প্রমথ চৌধুরী ছদ্মনাম কী?
উত্তর: বীরবল

★ 'ক্রীতদাসের হাসি' উপন্যাসের রচয়িতা কে?

CamScanner

উত্তর: শওকত ওসমান।

★ 'বনফুল' কার ছদ্মনাম?
উত্তর: বলাইচাঁদ মুখোপাধ্যায়

★ 'সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত'- কার উক্তি?
উত্তর: প্রমথ চৌধুরী

★ বাক্যে সাধু ও চলিত ভাষার মিশ্রণকে কি বলে?
উত্তর: গুরুচণ্ডালী দোষ

★ 'দেশে বিদেশে' কি ধরণের রচনা?
উত্তর: ভ্রমণ কাহিনী

★ বাংলা ভাষার মূল উৎস কোনটি?
উত্তর: প্রাকৃত ভাষা

★ 'আইন-ই-আকবরি' কার লেখা?
উত্তর: সম্রাট আকবর

★ 'মর্সিয়া' কি?
উত্তর: শোকগীতি

★ 'আলালের ঘরের দুলাল' কার লেখা?
উত্তর: প্যারীচাঁদ মিত্র

★ 'শেষের কবিতা' কি ধরণের রচনা?
উত্তর: উপন্যাস

★ 'রাইফেল রোটি আওরাত' উপন্যাসটি কে লিখেছেন?
উত্তর: আনোয়ার পাশা

★ 'হীরামালিনী' কোন কাব্যের চরিত্র এবং উক্ত কাব্যটি কে লিখেছেন?
উত্তর: অন্নদামঙ্গল; কাব্যটির লেখক ভারতচন্দ্র

★ 'হুতুম পেঁচা' কার ছদ্মনাম?
উত্তর: কালীপ্রসন্ন সিংহ

★ আমাদের জাতীয় কবির নামে বাংলাদেশে একটি বিশ্ববিদ্যালয় আছে। বিশ্ববিদ্যালয়টি বাংলাদেশের কোন উপজেলায় অবস্থিত?
উত্তর: ত্রিশাল উপজেলা, ময়মনসিংহ।

★ 'মৈমনসিংহ গীতিকা' কে সংগ্রহ করেন?
উত্তর: চন্দ্রকুমার দে

★ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত বাংলাদেশের এরকম একটি স্থানের নাম উল্লেখ করুন।
উত্তর: শিলাইদহ, কুষ্টিয়া

★ আমাদের জাতীয় কবির নাম কী?
উত্তর: কাজী নজরুল ইসলাম

★ 'যে সবে বঙ্গেত জন্মি হিংসে বঙ্গবাণী' কবিতার এ লাইনটির কবির নাম কী?
উত্তর: আব্দুল হাকিম

★ সম্পাদিত গ্রন্থ 'একুশে ফেব্রুয়ারি'র সম্পাদকের নাম কী?
উত্তর: হাসান হাফিজুর রহমান

★ 'তিষ্ঠ' শব্দটির অর্থ কী?
উত্তর: অপেক্ষা করা

★ তাম্বুলখালা কী? এখানে কে জন্মগ্রহণ করেছিলেন?
উত্তর: তাম্বুলখানা গ্রামে জসীমউদ্‌দীন জন্মগ্রহণ করেন।

★ নাগরি লিপি বাংলাদেশের কোন অঞ্চলে প্রচলিত ছিল? নাগরি লিপি কোন ভাষার লিপি?
উত্তর: সিলেট; বাংলা ভাষার লিপি

★ "আমার সন্তান যেন থাকে দুধে ভাতে" উক্তিটি কার?
উত্তর: ঈশ্বরী পাটনী।

★ বাংলা সাহিত্যেও কোন সময়কে চৈতন্যযুগ বলে?
উত্তর: ১৫০১-১৭০০ খ্রিঃ

★ 'মনসা মঙ্গল কাব্য' -এর আদি কবি কে?
উত্তর: কানা হরিদত্ত।

★ বাংলা সাহিত্যের ইতিহাসে প্রাচীন যুগ কোনটি?
উত্তর: ৬৫০-১২০০ খ্রিঃ

★ রামায়ণের অনুবাদক প্রথম মহিলা কবি কে?
উত্তর: চন্দ্রাবতী

★ চন্ডীমঙ্গল কাব্য কার রচনা?
উত্তর: মুকুন্দরাম চক্রবর্তী

★ আরাকান রাজসভার প্রথম বাঙালি কবি কে?
উত্তর: দৌলত কাজী

★ মধ্যযুগের বাংলা সাহিত্যের অন্যতম নিদর্শন কি?
উত্তর: শ্রীকৃষ্ণকীর্তন

★ 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে' চরণটি কোন কাব্যের?
উত্তর: অন্নদামঙ্গল

★ রোমান্টিক প্রনয়োপাখ্যানের প্রথম কবি কে?
উত্তর: শাহ মুহাম্মদ সগীর

★ বাংলা টপ্পাগানের জনক কে?
উত্তর: রামনিধি গুপ্ত

CamScanner

250

◐ রচয়িতার নাম লিখুন: (শেখ হাসিনা মেডিক্যাল কলেজ, টাঙ্গাইল/মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবরেটরি)/২০২৩)

রচনা	রচয়িতার নাম
পদ্মাবতী প্রবন্ধ	সৈয়দ আলী আহসান
কবর নাটক	মুনীর চৌধুরী
আমার ছেলেবেলা	রবীন্দ্রনাথ ঠাকুর
উদাসীন পথিকের মনের কথা	মীর মশাররফ হোসেন

◐ গ্রন্থগুলোর রচয়িতার নাম লিখুন: (বাংলাদেশ টেলিভিশন, অফিস সহায়ক/২০২৪)

গ্রন্থ	রচয়িতা
সোনার তরী	রবীন্দ্রনাথ ঠাকুর
সঞ্চিতা	কাজী নজরুল ইসলাম
নীল দর্পণ	দীনবন্ধু মিত্র
মেঘনাদবধ কাব্য	মাইকেল মধুসূদন দত্ত

◐ রচয়িতার নাম লিখুন: (বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, অফিস সহকারী/২০২৪)

গ্রন্থ	রচয়িতা
ইলেকট্রার গান	শামসুর রহমান
জাহান্নাম হতে বিদায়	শওকত ওসমান
বউঠাকুরাণীর হাট	রবীন্দ্রনাথ ঠাকুর
আনন্দময়ীর আগমনে	কাজী নজরুল ইসলাম
তিতাস একটি নদীর নাম	অদ্বৈত মল্লবর্মণ

◐ নিচের গ্রন্থ গুলির লেখকের নাম লেখ: (জেলা ও দায়রা জজ আদালত, চুয়াডাঙ্গা, নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর/২০২৪)

গ্রন্থের নাম	লেখকের নাম
তিতাস একটি নদীর নাম	অদ্বৈত মল্লবর্মণ
ভোলগা থেকে গঙ্গা	রাহুল সাংকৃত্যায়ন
সূর্য দীঘল বাড়ী	আবু ইসহাক
নুরুল দীনের সারা জীবন	সৈয়দ শামসুল হক
সোজন বাদিয়ার ঘাট	জসীমউদ্‌দীন

◐ গ্রন্থসমূহের রচয়িতার নাম লিখুন: (সরকারি কর্মচারী হাসপাতাল, ফার্মাসিস্ট/ মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব)/২০২৪)

গ্রন্থের নাম	রচয়িতা
মরুভাস্কর (কাব্যগ্রন্থ)	কাজী নজরুল ইসলাম
তেইশ নম্বর তৈলচিত্র	আলাউদ্দিন আল আজাদ
মায়াকাজল	সুফিয়া কামাল
বিমুখ প্রান্তর	হাসান হাফিজুর রহমান
বহিপীর	সৈয়দ ওয়ালীউল্লাহ

◐ নিম্নলিখিত গ্রন্থের রচয়িতার নাম লিখুন: (ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট, ঢাকা/কম্পিউটার অপারেটর/২০২৪)

গ্রন্থ	রচয়িতার নাম
বত্রিশ সিংহাসন	মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার
জমিদার দর্পন	মীর মশাররফ হোসেন
একেই কি বলে সভ্যতা	মাইকেল মধুসূদন দত্ত
বই পড়া	প্রমথ চৌধুরী

◐ লেখকের নাম লিখুন: (সরকারী কর্মচারী হাসপাতাল,টিকেট ক্লার্ক/২০২৪)

গ্রন্থের নাম	লেখক
সূর্যদীঘল বাড়ী	আবু ইসহাক
হাঙর নদী গ্রেনেড	সেলিনা হোসেন
নিষিদ্ধ লোবান	সৈয়দ শামসুল হক
পথের পাঁচালী	বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
দত্তা	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

.....

গ্রন্থের নাম	লেখক

CamScanner

251

সেল্ফ প্রিপারেশন

ভাবসম্প্রসারণ
অনুচ্ছেদ
পত্র

CamScanner

252

শৈবাল দিঘিরে বলে উচ্চ করি শির
লিখে রেখ এক ফোঁটা দিলেম শিশির।

পৃথিবীতে এমন কিছু লোক আছে, যারা উপকারীর উপকার স্বীকার করে না। বরং তারা সামান্য উপকার করতে পারলেই, দম্ভভরে তা প্রচার করে বেড়ায়।

দিঘির বিশাল জলরাশির মধ্যে শৈবালের অবস্থান ও অস্তিত্ব। এই শৈবালের ওপর জমেছে ভোরের শিশির। শিশিরের ক্ষুদ্র ফোঁটা গড়িয়ে পড়েছে দিঘির অগাধ জলে। এই সামান্য শিশির-ফোঁটাকে শৈবাল দিঘির প্রতি তার মহৎ দান বলে গণ্য করছে। অথচ দিঘির বিশাল জলরাশির কাছে এক ফোঁটা শিশির অতি তুচ্ছ। দিঘির জলেই যার অস্তিত্ব, সেই দিঘির প্রতি শৈবালের এমন দম্ভোক্তি সত্যি হীনম্মন্যতার পরিচায়ক।

শৈবালের মতো মানবসমাজেও এমন অনেক অকৃতজ্ঞ লোক আছে, যারা পরের দয়া-দাক্ষিণ্য দু হাতে গ্রহণ করে কিন্তু সামান্য উপকার করতে পারলেই মনে করে আমি মহৎ কিছু করে ফেলেছি। প্রকৃতপক্ষে যিনি মহৎ এবং যথার্থ পরোপকারী তিনি অপরের উপকার করে কখনো দম্ভ প্রকাশ করেন না। নিছক আত্মপ্রচারে জন্য নয়, বরং নিঃস্বার্থভাবেই তিনি পরের উপকার করেন।

প্রতিদানের প্রত্যাশা নয়, মানবকল্যাণের জন্য নিঃস্বার্থভাবে পরের উপকার করাই মহৎপ্রাণ ব্যক্তির কাজ।

কীর্তিমানের মৃত্যু নেই
অথবা,
মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নহে।
অথবা,
জীবনের মূল্য আয়ুতে নহে, কল্যাণ পূত কর্মে।

দীর্ঘদিন বেঁচে থেকে অনেকে পৃথিবীতে স্মরণীয় হতে পারে না। বরং সংক্ষিপ্ত জীবন যাপন করেও অনেকে ইতিহাসের পাতায় অমর হয়ে আছেন তাদের স্মরণীয় কীর্তির জন্যে।

এ নশ্বর পৃথিবীতে কেউ চিরদিন বেঁচে থাকে না। একদিন না একদিন তাকে পৃথিবী ছেড়ে চলে যেতে হয়। মৃত্যু অমোঘ জেনেও এ সংক্ষিপ্ত জীবনে কেউ কেউ মানবকল্যাণে এমন কিছু কীর্তি রেখে যান, মৃত্যুর পরও যারা মানুষের হৃদয়ে চিরকাল অমর হয়ে থাকেন। সাধারণ মানুষের মৃত্যু হলে পৃথিবীতে কেউ তাকে আর স্মরণ করে না। অথচ কীর্তিমানের মৃত্যু হলে তার শরীরের অবসান হয় বটে কিন্তু তার মহৎ কাজ, অম্লান কীর্তি তাকে বাঁচিয়ে রাখে। কীর্তিমান মানুষের মৃত্যুর শত শত বছর পরেও মানুষ তাকে স্মরণ করে। বায়ান্নর মহান ভাষা-আন্দোলনে শহীদ সালাম, বরকত, রফিক, শফিক, কিংবা মুক্তিযুদ্ধে ত্রিশ লক্ষ শহিদ বাংলার মানুষের হৃদয়ে চিরকাল অমর হয়ে থাকবে। তাদের অম্লান কীর্তি বাঙালি চিরকাল শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে।

মানুষের দেহ নশ্বর কিন্তু মহৎ কীর্তি অবিনশ্বর। মৃত্যুর শত শত বছর পরেও কীর্তিমান মানুষের অমর অবদানের কথা মানুষ স্মরণ করে। তাই বলা হয়, কীর্তিমানের মৃত্যু নেই।

পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি

কোন কিছু অর্জন করতে হলে নিরলস পরিশ্রম ও একনিষ্ঠ সাধনার কোন বিকল্প নেই। পরিশ্রম করেই বিরূপ ভাগ্যকে করায়ত্ত করতে হয়।

ভাগ্যে বিশ্বাসী লোক অলস এবং শ্রমবিমুখ হয়। 'ভাগ্যে থাকলে পাবে'- এই আশায় কেউ বসে থাকলে জীবনে তার কোন উন্নতি হবে না। আসলে সৌভাগ্য নিয়ে কেউ পৃথিবীতে আসে না। কঠিন, কঠোর পরিশ্রম করেই বিরূপ ভাগ্যকে জয় করতে হয়। লক্ষ্য স্থির করে, সঠিক পদ্ধতিতে পরিশ্রম করলে সৌভাগ্য আপনা-আপনি ধরা দেয়। পৃথিবীতে এ পর্যন্ত যারা সফল হয়েছেন, তাদের সাফল্যের নেপথ্যে রয়েছে পরিশ্রমের জাদু। কৃষক ভাগ্যের ওপর বসে থেকে ফসল ফলায় না, তাকে হাড়ভাঙা পরিশ্রম করে, মাথার ঘাম পায়ে ফেলে ফসল উৎপন্ন করতে হয় তেমনি পরিশ্রম ছাড়া দুনিয়াতে ভালো কিছু অর্জিত হয় না।

CamScanner

253

আধুনিক বিশ্বের উন্নত দেশগুলোর দিকে তাকালে কিংবা তাদের ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায়, তারা নিরলস পরিশ্রম করেই উন্নতি চরম শিখরে পৌঁছেছে। একমাত্র শ্রমশক্তিই তাদেরকে কাঙ্ক্ষিত সাফল্যের স্বর্ণদ্বারে পৌঁছে দিয়েছে। অন্যদিকে শ্রমবিমুখ, অলস কত যুবক বেকার হয়ে অভিশপ্ত জীবন কাটাচ্ছে।

জীবনে সফলতা অর্জনের জন্য পরিশ্রম অপরিহার্য। যে জাতি যত পরিশ্রমী, সে জাতি তত উন্নত। তাই অযথা ভাগ্যের পেছনে না দৌঁড়ে, লক্ষ্য স্থির করে সঠিক পদ্ধতিতে নিষ্ঠার সঙ্গে কাজ করা উচিত।

দুর্নীতি জাতীয় জীবনের সকল উন্নতির অন্তরায়

নীতিহীনতাই দুর্নীতি। নীতিহীন ব্যক্তি স্বার্থ-অন্ধ। এ ধরনের ব্যক্তি দেশ ও জাতির জন্য ক্ষতিকর । তারা দেশের উন্নয়ন-অগ্রগতির পথে বাধা হয়ে দাঁড়ায়।

নৈতিকভাবে উন্নত, সৎ, বিবেকবান মানুষ যে পদেই থাকুন না কেন, তিনি সমাজ ও দেশের বড় সম্পদ। তাকে দিয়ে উপকার না হলেও অন্তত ক্ষতি হবার সম্ভাবনা থাকে না। অপরদিকে নৈতিকতা বিবর্জিত ব্যক্তি যতই উচ্চ আসনে অবস্থান করুক না কেন, তিনি মোটেও শ্রদ্ধার পাত্র নন। পদ মর্যাদার কারণে তাকে হয়তো মানুষ সামনে কিছু বলে না কিন্তু পেছনে অন্তর থেকে ঘৃণা করে। তার দ্বারা ক্ষতির আশঙ্কাও বেশি । কারণ, তিনি স্বার্থ-অন্ধ, বিবেকবর্জিত তিনি সবসময় নিজের স্বার্থ সিদ্ধির মতলবে থাকেন। স্বার্থ-অন্ধ ব্যক্তি নিজের হীনস্বার্থ চরিতার্থ করার কাজেই ব্যস্ত থাকেন। সমাজের কল্যাণ, দেশের মঙ্গলের কথা তিনি ভাবেন না। জাতীয় জীবনের উন্নতি, সমৃদ্ধির কথা ভাবতে তার বিবেক সায় দেয় না। এজন্য বিবেকবর্জিত, দুর্নীতিগ্রস্ত লোক দেশের সকল উন্নতির পথে বাধাস্বরূপ।

যে দেশের জনগণ রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে দেশ স্বাধীন করতে পেরেছে, দুর্নীতির বিরুদ্ধে যুদ্ধ করেও তাদের বিজয়ী হতে হবে। তাহলেই দেশের উন্নতি ও অগ্রগতি সম্ভব হবে।

দুর্জন বিদ্বান হইলেও পরিত্যাজ্য

দুর্জন মানে দুষ্ট-প্রকৃতির লোক। এ ধরনের মানুষ বিদ্বান হলেও অবশ্যই পরিত্যাজ্য। দুষ্ট লোক দেশ ও সমাজের শত্রু। তারা বিদ্বান হলেও লোকে তাদের ঘৃণা করে।

বিদ্যা মানুষের অমূল্য সম্পদ। বিদ্বান ব্যক্তি সর্বত্র সম্মানিত। কিন্তু বিদ্বান ব্যক্তি যদি চরিত্রবান না হন, বরং দুষ্ট-প্রকৃতির হন, তবে তার কাছে থেকে দূরে থাকাই মঙ্গলজনক। কারণ, শিক্ষিত অথচ দুশ্চরিত্র লোক সবচেয়ে ভয়াবহ। যে কোন মুহূর্তে এ ধরনের লোক নৃশংসতম কাজটি করতে পারে। বিদ্যা যার চরিত্রকে সংশোধন করতে পারেনি, তাকে দিয়ে মানুষের কোনো কল্যাণ হতে পারে না। দুর্জন ব্যক্তি সাপের সাথে তুলনীয় এবং তার অর্জিত বিদ্যা সাপের মাথার মণির সঙ্গে তুলনীয়। সাপকে মানুষ ভয় করে। কারণ যে কোনো সময় সাপ তার ছোবল দিয়ে প্রাণনাশ করতে পারে। তেমনি বিদ্বান হয়েও যিনি দুর্জন, তার কাছ থেকে যে কোনো সময় ক্ষতির আশঙ্কা থাকে। এ ধরনের ব্যক্তির সান্নিধ্য কেউ কামনা করে না। সকলেই তাকে ঘৃণা করে।

চরিত্র মানুষের শ্রেষ্ঠ সম্পদ। বিদ্বান ব্যক্তি দুশ্চরিত্র হলে সে অমানুষে পরিণত হয়। তাই শিক্ষিত হলেও চরিত্রহীন দুর্জন ব্যক্তির সাহচর্য থেকে দূরে থাকা উচিত।

বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে

সৌন্দর্য মোটেই নিরপেক্ষ নয়। স্থান-কাল-পাত্রের ওপর সৌন্দর্যের পূর্ণতা নির্ভর করে।

যে জিনিস যে স্থানে থাকা উচিত, সেখানে থাকলে শুধু যে পরিবেশের ভারসাম্য রক্ষা হয় তা নয়, দেখতে সুন্দরও লাগে। যথার্থ স্থানেই বস্তুর স্বাভাবিক বিকাশ হয়, অস্থানে কৃত্রিমভাবে যতই তাকে পরিচর্যা করা হোক তার স্বাভাবিক বিকাশ ও বৃদ্ধি ঘটবে না। পাখিকে যতই সোনার খাঁচায় রেখে বুলি শেখানো হোক, সেটা পাখির জন্য কারাগার, মানুষের জন্যও অসুন্দর। তেমনি, মায়ের কোলে একটি শিশু যেমন ফুলের মতো স্বাভাবিক, অন্যের কোলে তেমন নয়। ফুল যতক্ষণ গাছের ডালে প্রস্ফুতি, ততক্ষণ তার মধ্যে স্বর্গীয় সৌন্দর্য থাকে, কিন্তু বোঁটা থেকে ছিঁড়লে ফুলের সেই স্বাভাবিক সৌন্দর্য আর থাকে না। এ জন্য বলা হয়, যার যে স্থান, তাকে সে স্থানে থাকতে দাও। যার যে কাজ, তাকে সে কাজ করতে দাও। তাকে স্থানান্তর করলে সৌন্দর্যের অবলুপ্তি ঘটে।

স্বাভাবিক স্থানে বস্তুর স্বাভাবিক বিকাশ ঘটে। তাকে স্থানান্তর করলে পরিবেশের ভারসাম্য যেমন নষ্ট হয়, তেমনি সৌন্দর্যেরও হানি ঘটে।

CamScanner

254

মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন

সাধনা দ্বারাই সিদ্ধি লাভ করা সম্ভব। পরিশ্রম ছাড়া জগতে ভালো কিছু অর্জন করা যায় না। পরিশ্রমই সৌভাগ্যের প্রসূতি। পরিশ্রম ছাড়া ভাগ্যের দুয়ার কখনো খোলে না। যথার্থ পরিশ্রমই ভাগ্যের লক্ষ্মীকে ডেকে আনে। পরিশ্রমবিমুখ, অলস ব্যক্তির কাছে সবকিছুই নাগালের বাইরে থাকে। পক্ষান্তরে কষ্ট করলেই কেষ্ট মিলে। দুনিয়াতে যারা খ্যাতি, প্রতিপত্তি, সুনাম, সাফল্য লাভ করেছেন, তাদের জীবন ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায়, তারা বিনা আয়াসে এসব অর্জন করেননি। বরং তাদের সৎ সাফল্যের পেছনে রয়েছে কঠোর পরিশ্রম, কঠিন সাধনা। একজন কৃষক যেমন মন্ত্র পড়ে ফসল ফলান না; মাথার ঘাম পায়ে ফেলে, কঠোর পরিশ্রম করে ফসল ফলান, তেমনি অলৌকিক কোনো জাদুমন্ত্রের বলে নয়, সনিষ্ঠ শ্রমের মাধ্যমে বিমুখ ভাগ্যকে জয় করতে হয়।

মন্ত্রবলে নয়, শ্রমের মাধ্যমেই আসে কাজের সাফল্য। বিনা আয়াসে কোনোকিছু লাভ করা যায় না। রবার্ট ব্রুস বারবার যুদ্ধে পরাজিত হয়েও হতাশ হননি। দীর্ঘ প্রচেষ্টার পর তিনি অবশেষে জয়লাভে সমর্থ হন। তাই 'একবার না পারিলে দেখ শত বার' এ উক্তিই যথার্থ।

ভোগে নয়, ত্যাগেই প্রকৃত সুখ

বাস্তব জীবনে মানুষ ভোগকে অধিক গুরুত্ব দেয়। মনে করে ভোগের মধ্যেই জীবনের সর্বসুখ। কিন্তু ত্যাগই প্রকৃত সুখের আকর।

মানুষ লোভের কাছে পরাজিত । কামনায় পরাভূত। প্রবৃত্তির দাস হয়ে জীবনের সার্থকতা খোঁজে মানুষ। ভোগের আসক্তিতে নিমজ্জিত মানুষের মধ্যে কেবল ভোগের আকাঙ্ক্ষা বাড়তে থাকে। অধিক ভোগ করেও তার তৃপ্তি মেটে না। আত্মমুক্তি ঘটে না হৃদয়ের । এভাবে ভোগের শৃঙ্খলে বন্দি মানুষ নিজের সর্বনাশ ডেকে আনে। ভোগের বশবর্তী মানুষ পশুর স্তরে নেমে যায়। তার মধ্যে মনুষ্যত্ব থাকে না। অন্যদিকে ত্যাগের মাধ্যমে মানুষ খুব সহজেই স্বীয় মহিমায় উজ্জ্বল হয়ে ওঠে। ত্যাগের বিনিময়ে মানুষ পায় শ্রদ্ধা, ভালোবাসা, সম্মান। তাই ত্যাগই মানুষের সর্বোচ্চ আদর্শ হওয়া উচিত। ত্যাগের মাধ্যমে মানুষ অন্তরে যে প্রশান্তি আর সুখ অনুভব করতে পারে, জগতে কোটি টাকার বিনিময়েও সেই সুখ কেনা সম্ভব নয়।

মানুষ যদি অপরের কল্যাণে আত্মোৎসর্গ করতে পারে, তবে মরেও অমর হয়। ভাষা-আন্দোলনে শহিদ রফিক, সালাম, বরকত জাতির কল্যাণে নিজেদের প্রাণ উৎসর্গ করেছেন বলেই আজ তারা জাতীয় বীর। বাঙালি হৃদয়ে চিরকাল তারা অমর হয়ে থাকবে। তাই বলা যায়, ভোগে নয়, ত্যাগেই জীবনের গৌরব। অর্থাৎ প্রকৃত সুখ ত্যাগেই নিহিত।

পুষ্প আপনার জন্য ফোটে না

ভোগে নয়, ত্যাগেই মানুষের প্রকৃত সুখ ও মুক্তি। অন্যের জন্য নিজের জীবন উৎসর্গ করার মধ্যেই রয়েছে মানবজীবনের সার্থকতা।

মানুষ তার অর্জিত গুণাবলি আত্মস্বার্থে ব্যয় করলে চলে না, পরের জন্য ভাবতে হয়। ফুল যখন গাছের ডালে ফোটে, তখন তার সৌন্দর্য রূপপিয়াসী মানুষকে মুগ্ধ করে, মধুলোভী মৌমাছিকে করে আকর্ষণ। মানুষ প্রশংসা করে তার সৌন্দর্যের, ঘ্রাণ নিয়ে মুগ্ধ হয়। মেয়েরা খোঁপায় গোঁজে, সাজায় ফুলদানিতে। মধুকর পান করে ফুলের মধু, গড়ে তোলে মৌচাক। এভাবে একসময় ফুল শুকিয়ে যায়, ঝড়ে পড়ে। অপরের জন্য নিজের জীবন উৎসর্গ করে ফুল তার জীবন সার্থক করে তোলে।

পৃথিবীর বুকে এমন অনেক মহৎপ্রাণ ব্যক্তি আছেন, যারা ফুলের মতোই অন্যের কল্যাণে নিজের মেধা, জ্ঞান, শ্রম, এমনকি মূল্যবান জীবনকে উৎসর্গ করে গেছেন। ইতিহাসের পাতায় তারাই স্মরণীয়-বরণীয় হয়ে আছেন। বস্তুত নিজেকে নিয়ে ব্যস্ত থাকা মানুষের গুণ নয়, স্বার্থসর্বস্ব পশুর বৈশিষ্ট্য। আমরা প্রত্যেকেই পৃথিবীতে এসেছি এক অপরের জন্য জীবনধারণ করে সার্থক হতে, মনুষ্যত্বের মর্যাদা অক্ষুণ্ন রাখতে।

ফুলের জীবনের কাছে মানুষের অনেক কিছু শেখার আছে। ফুল অন্যের জীবন সাজাতে, সুন্দর করতে, সৌরভময় করতে নিজের জীবন উৎসর্গ করে। পরার্থে জীবন উৎসর্গ করতে পারলে, মানুষের জীবনও ফুলের মতো সুন্দর ও সৌরভময় হয়ে উঠতে পারে।

CamScanner

255

শিক্ষাই জাতির মেরুদণ্ড

মেরুদণ্ড ছাড়া যেমন কোনো প্রাণী উঠে দাঁড়াতে পারে না, তেমনি শিক্ষা ছাড়া কোনো জাতি উন্নতির শিখরে আরোহণ করতে পারে না।

শিক্ষা জাতির প্রধান চালিকাশক্তি। নিরক্ষর মানুষ সমাজের জন্য শুধু বোঝা নয়, দেশের অগ্রগতির পথেও বাধাস্বরূপ। কারণ, শিক্ষা মানুষকে কর্মদক্ষ ও সচেতন নাগরিক হতে সাহায্য করে। দেশ ও জাতির উন্নয়নের জন্য দরকার সচেতন ও কর্মদক্ষ মানুষ। মেরুদণ্ডহীন প্রাণী যেমন সোজা হয়ে দাঁড়াতে পারে না, তেমনি শিক্ষা ছাড়া কোন জাতিই পৃথিবীর বুকে মাথা উঁচু করে দাঁড়াতে পারে না। এ জন্য শিক্ষাকে মেরুদণ্ডের সঙ্গে তুলনা করা হয়েছে। পৃথিবীতে যে জাতি যত বেশি শিক্ষিত সে জাতি তত বেশি উন্নত।

শিক্ষা মানবসম্পদ উন্নয়নের প্রধান সোপান। আত্মশক্তি অর্জনের প্রধান উপায় শিক্ষা। তাই জাতির উন্নয়নের জন্য শিক্ষাকে সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া উচিত। শিক্ষাকে সহজলভ্য ও সবার জন্য উন্মুক্ত করে দিতে হবে। মনে রাখতে হবে শিক্ষা সুযোগ নয়, অধিকার।

স্বদেশের উপকারে নেই যার মন
কে বলে মানুষ তারে? পশু সেই জন

স্বদেশ ও স্বজাতির উপকার সাধন মানুষের অন্যতম কর্তব্য। কিন্তু যে ব্যক্তি স্বদেশের উপকার সাধনে দ্বিধাগ্রস্ত, স্বদেশ ও স্বজাতির বিপদে যার প্রাণ কাঁদে না, সে মানুষ হয়েও পশুর সমান।

দেশ সেবায় নিজেকে উৎসর্গ করার মধ্যেই মানবজীবনের সার্থকতা নিহিত । যে দেশে মানুষ জন্মগ্রহণ করে, সে দেশের কল্যাণ ছাড়া যে অকল্যাণ চিন্তা করে, সে সত্যিকার মানুষ হতে পারে না। পশু আর তার মধ্যে কোন পার্থক্য নেই। মানুষ হয়েও কেউ যদি জন্মভূমির কল্যাণে কাজ না করে, উল্টো স্বদেশের ক্ষতি করে, মা-মাটির বিরুদ্ধে কাজ করে, তবে স্বদেশেও একসময় তার কাছ থেকে মুখ ফিরিয়ে নেয়। সত্যিকার দেশপ্রেমিক দেশের মাটি ও মানুষকে নিয়ে সবসময় ভাবে এবং তাদের উপকার সাধনে সে দৃঢ়সংকল্প। কিন্তু যারা আত্মকেন্দ্রিক, কেবল নিজের স্বার্থচিন্তায় বিভোর থাকে, তারা মানুষ নামের কলঙ্ক। দেশপ্রেমহীন বিবেকবর্জিত এ মানুষগুলো পশুর তুল্য। পশুর যেমন খাকা–খাওয়া ছাড়া অন্য কোনো চিন্তা থাকে না; উপলব্ধিহীন, বিবেকবর্জিত এ মানুষগুলোও তেমনি। দেশপ্রেমহীন মানুষ তাই পশুর নামান্তর। সত্যিকারের মানুষ হতে হলে অবশ্যই দেশকে প্রাণের চেয়েও বেশি ভালোবাসতে হবে। দেশপ্রেমহীন মানুষ প্রকৃতপক্ষে পশুর সমান।

অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণ সম দহে

যে অন্যায় করে এবং যে সেই অন্যায় সহ্য করে, তারা উভয়ে সমান অপরাধী- উভয়ে সমান ঘৃণার পাত্র।

আইনের দৃষ্টিতে অন্যায়কারীকে অপরাধী মনে করা হয়। তাই তার জন্য শাস্তির বিধান থাকে। আবার অনেক মানুষ আছে তারা সরাসরি অন্যায় করে না, কিন্তু পেছনে থেকে অন্যায়কারীকে সহায়তা করে বা অন্যায় করতে উৎসাহিত করে। আইনের আওতায় এরাও কখনো কখনো অপরাধী হিসেব গণ্য হয়। আবার, এমনও লোক থাকে- যারা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অন্যায় করে না, অন্যায় ঘটার সময়ে শুধু নীরব দর্শকের ভূমিকা পালন করে। আইনের চোখে তাদের অপরাধী বলা যায় না। আইনের চোখে অপরাধী না হলেও এই নীরব দর্শকেরাও এক অর্থে অন্যায় ঘটাতে সহযোগিতা করে। কেননা, অন্যায় সংঘটিত হওয়ার সময়ে ওইসব দর্শক যদি সরব প্রতিবাদীর ভূমিকা পালন করত, তাহলে অন্যায় ঘটত না। আইনের চোখে এরা হয়তো অপরাধী নয়, কিন্তু বিবেকের দায় থেকে তাদের মুক্তি দেওয়া যায় না। সমাজ থেকে অন্যায়কে দূর করতে আইনের শাসন প্রতিষ্ঠার পাশাপাশি বিবেকের দায়সম্পন্ন সচেতন মানুষের উপস্থিতিও জরুরি যারা অন্যায়ের প্রতিবাদে সব সময়ে সোচ্চার হবে, সরব হবে। অপরাধী যাতে অপরাধ করার সুযোগ না পায়, সবাইকে সেই পরিবেশ সৃষ্টি করতে হবে।

